★ সর্বশেষ শহর সংস্করণ

ভারতে সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণীর দৈনিক

আনন্দবাজার পত্রিকা

ANANDA BAZAR PATRIKA
India's Largest Selling Daily

ESTD. 1878 REGD. NO. C 1080

৫০ বর্ষ, ১৭৭ সংখ্যা

মঙ্গলবার, ২১ ভাদ্র, ১৩৭৮ (১৬ ভাদ্র, ১৮৯৩ শক) Tuesday, September 7, 1971.

মূল্য—২২ পয়সা (22 Paise)

বিবাহে ও গৃহসজ্জায়
সেগুন কাঠের আধুনিক ডিজাইনের
ফার্নিচার
প্রবর্তক ফার্নিশার্স লিঃ
৬১, বিপিন গাঙ্গুলী স্ট্রীট,
কলি:-১২.ফোন: ৩৪-৩০৮৮

ক্রিউটিনা
স্নো, পাউডার, গ্লিসারিন সাবান

শিল্প ও কৃষি নিয়ে কমিটি —চবনের নির্দেশ

স্টাফ রিপোরটার

পশ্চিমবঙ্গের শিল্পের পুনরুজ্জীবন ও কৃষির উন্নয়নের জন্য কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রী ওয়াই বি চবন রাজ্য সরকারকে একটি প্রচুর ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করতে নির্দেশ দিয়েছেন। রাজ্যের সামগ্রিক কল্যাণের জন্য সরকার যে ১৬ দফা কর্মসূচি নিয়েছেন এই কমিটি সেই কর্মসূচি দ্রুত রূপায়ণের ব্যবস্থা করবেন।

সোমবার কলকাতার রাজভবনে শ্রীচবন বিভিন্ন ব্যাংকের 'কাসটডিয়ান' এবং পদস্থ সরকারী কর্মচারীদের সঙ্গে এক বৈঠকে পশ্চিমবঙ্গের সমস্যা ও প্রতিকারের পথ নিয়ে নানা দৃষ্টিকোণ থেকে আলোচনার পর ওই নির্দেশ দিয়েছেন। পশ্চিমবঙ্গ বিষয়ক কেন্দ্রীয় মন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায়ও উপস্থিত ছিলেন।

ঠিক হয়েছে রাজ্য সরকারের মুখ্যসচিব শ্রীনির্মলচন্দ্র সেনগুপ্ত আগামী ১৫ দিনের মধ্যে ব্যাংকের 'কাসটডিয়ানদের' সঙ্গে এক বৈঠক ডাকবেন এবং ওই উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি গঠনের ব্যবস্থা করবেন। কমিটির কাজ হবে ব্যাংকের সঙ্গে সরকারী কর্মীদের প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে সার্বিক সমন্বয়সাধন।

অর্থমন্ত্রী শ্রীচবন এদিন খুব কর্মব্যস্ততার মধ্যে দিন কাটান। তিনি সি এম ডি-এর প্রতিনিধিদের সঙ্গে কলকাতার উন্নয়ন প্রকল্প নিয়ে এক বৈঠকে আলোচনা করেন। রাজ্যপাল শ্রী এ এল ডায়াসকে সঙ্গে নিয়ে কয়েকটি বস্তি অঞ্চল পরিদর্শনও করেন। সি এম ডি-এর কাজকর্মে ... খুব খুশি হতে পারেননি। ... বলেছেন: "টাকার ত কোন অভাব হবে না। তবে আপনারা তাড়াতাড়ি প্রকল্পের রূপায়ণের দিকে কেন নজর দিচ্ছেন না?"

ব্যাংকের কাজেও শ্রীচবন তুষ্ট হতে পারেন নি

অর্থমন্ত্রী শ্রীচবন ব্যাংকার ও পদস্থ সরকারী কর্মীদের সঙ্গে বৈঠকে মিলিত হয়ে বলেছেন: পশ্চিমবঙ্গে একমাত্র স্টেট ব্যাংক ছাড়া অন্য কোন ব্যাংকই কৃষি ও শিল্পের উন্নয়নের জন্য তেমন কিছু করেন নি বলে তিনি দেখতে পাচ্ছেন। কিন্তু কেন এমন হচ্ছে? অন্যান্য রাজ্যে ত ওই সব ব্যাংক এমন পিছিয়ে নেই।

বিভিন্ন ব্যাংকের প্রতিনিধিরা অর্থমন্ত্রীকে বোঝাতে চেষ্টা করেন যে এই রাজ্যে ব্যাপকভাবে কৃষি ও শিল্পের ঋণ দেওয়ার ক্ষেত্রে অনেক অসুবিধা আছে। তাছাড়া রাজ্যের ১৬টি জেলার মধ্যে ১২টি জেলাই এখন বন্যায় বিধ্বস্ত, সুতরাং ব্যাংক কী করবেন তা তারা বুঝে উঠতে পারছেন না। শ্রীচবন এই ধরনের অজুহাতে তুষ্ট হতে পারেন নি।

শ্রীচবন ব্যাংকারদের কাছে স্পষ্ট ভাষায় পশ্চিমবঙ্গে আরও উদারভাবে ছোট ছোট কৃষক, শ্রম সংস্থা—এবং বর্গাদারদের প্রয়োজন মত ঋণ দিতে উদ্যোগী হতে বলেছেন।

এর আগে শ্রীচবন ইনডাসট্রিয়াল রিকনসট্রাকশন করপোরেশন অব ইনডিয়ার প্রতিনিধিদের সঙ্গেও কথা বলেন। এই সংস্থার প্রতিনিধিদের

চতুর্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য

বদরুদ্দোজার বিরুদ্ধে গোপন তথ্য পাচারের গুরুতর অভিযোগ

প্রাক্তন সংসদ সদস্য সৈয়দ বদরুদ্দোজাকে সোমবার চীফ প্রেসিডেনসি ম্যাজিসট্রেট শ্রী এইচ এন সেনের আদালতে হাজির করা হয়েছিল। গত ২৩ আগসট কলকাতা হাইকোরটের আদেশে মুক্তিলাভের অব্যবহিত পরেই সরকারী গোপনীয়তা আইন অনুযায়ী তাঁকে আবার গ্রেফতার করা হয়।

আসামীর তরফ থেকে জামিনের আবেদন করা হলে ম্যাজিসট্রেট তা অগ্রাহ্য করেন। ম্যাজিসট্রেট বলেন, আসামীর বিরুদ্ধে রাজ্য সরকার গুরুতর অভিযোগ এনেছেন। ১০ সেপটেমবর পর্যন্ত প্রথম শ্রেণীর বিচারাধীন বন্দী হিসাবে তাঁকে জেল হাজতে পৃথকভাবে আটক রাখার জন্য ম্যাজিসট্রেট নির্দেশ দেন।

ডিরেকটর অব পাবলিক প্রসিকিউশন শ্রীবারীন ঘোষ জামিনের বিরোধিতা করে বলেন, আসামীর রাজনৈতিক জীবন ও সামাজিক মর্যাদার কথা তিনি স্বীকার করেন। কিন্তু দেশের নিরাপত্তার প্রশ্নটি আরও বড়। তিনি বলেন, সৈয়দ বদরুদ্দোজা কলকাতাস্থ পাক ডেপুটি হাইকমিশনারের সঙ্গে সাংকেতিক নামে চিঠিপত্র লিখতেন এবং দীর্ঘদিন ধরে ভারতের নিরাপত্তার পক্ষে গুরুত্বপূর্ণ গোপন তথ্যাদি পাচার করছিলেন। তাঁর বাড়ি থেকে কিছু নথিপত্রও পাওয়া গিয়েছে বলে তিনি জানান এবং বলেন, তাঁর পুত্র ও কন্যা পাকিস্তানে সুপ্রতিষ্ঠিত। জামিনে মুক্তি দেওয়া হলে আসামীর নিরুদ্দেশ হওয়ার আশংকা।



রবিবার রাত সাড়ে আটটা নাগাদ উত্তর-পূর্ব সীমান্ত রেলের নিউ জলপাইগুড়ি শাখায় রাজীবনগর ও বেলাকোবা রেল স্টেশনের মধ্যে অন্তর্ঘাত মাইন বিস্ফোরণের ফলে রেল লাইনসহ একটি লাইট রেল ইনজিন লাইনচ্যুত, রেল লাইন নষ্ট। —নিজস্ব-চিত্র

খাদ্য দফতরে ছুটি বাতিল

স্টাফ রিপোরটার

পশ্চিমবঙ্গের বন্যা পরিস্থিতির যতদিন উন্নতি না হয় ততদিন পর্যন্ত রাজ্য খাদ্য দফতরের সমস্ত অফিসারদের ছুটি বাতিল করে দেওয়া হয়েছে। রবিবারও তাঁরা কাজ করবেন।

এদিকে মালদহ জেলার জন্য চাল ও গম নিয়ে একটি বড় স্টিমার ও একটি গাদাবোট আজ মঙ্গলবার বিহারের ভাগলপুর থেকে মালদহের মানিকচরের উদ্দেশে রওনা হবে। মুরশিদাবাদ ও নদীয়ার জন্য আর একটি স্টিমার মঙ্গলবার সকালে কলকাতা থেকে রওনা হওয়ার কথা। রাজ্যপাল শ্রী এ এল ডায়াস কেন্দ্রীয়

পঞ্চম পৃষ্ঠার পঞ্চম কলমে দ্রষ্টব্য

গঙ্গার বানে জাহাজে মাল খালাস বন্ধ

স্টাফ রিপোরটার

সোমবার দুপুরে সাড়ে বারোটায় গঙ্গায় প্রবল বাণ আসে। বানের জলে কাঁচড়াপাড়া শহরের বিস্তীর্ণ অঞ্চল প্লাবিত হয়ে কয়েক হাজার মানুষ নিরাশ্রয় হয়েছেন। বজবজে তিনটি চটকলে জল ঢুকে তিন ঘন্টার জন্য মিল বন্ধ হয়ে যায়। হাওড়া স্টেশনে এবং প্ল্যাটফরমেও জল ঢোকে।

বাণের জন্য কলকাতা পোরট কমিশনারস গঙ্গার উপর জাহাজে মাল খালাস ও অন্যান্য সব কাজ ১১ তারিখ পর্যন্ত বন্ধ করে দিয়েছেন। কলকাতা জেটি এবং গারডেনরিচ জেটিতেও কাজ বন্ধের নোটিশ দিয়েছেন। জাহাজগুলি সব ডকে ঢুকিয়ে দেওয়া হয়েছে। তাঁদের এক মুখপাত্র বলেন, এত বড় বাণ আর আসে নি। বাণের উচ্চতা ছিল ২৫ ফুট ১ ইঞ্চি।

গঙ্গার জল এত ফেঁপে ওঠে যে, গড়ের মাঠ ডুবিয়ে ময়দান মারকেট পর্যন্ত জল চলে আসে। স্ট্র্যানড রোডে নৌকা চলে। এবং এ নৌকা কয়েকজন সরাসার গঙ্গা থেকে চালিয়ে স্ট্র্যানড রোডে নিয়ে আসেন।

কালীঘাট মন্দিরের সিঁড়ি পর্যন্ত জল ওঠে। কালীঘাট রোড এবং আদি গঙ্গার পার থেকে বহু লোককে সরিয়ে নেওয়া হয়েছে। শ্যামাপ্রসাদ

সপ্তম পৃষ্ঠায় দ্রষ্টব্য

উত্তরবঙ্গে অন্তর্ঘাত, বিস্ফোরণে রেল ইনজিন লাইনচ্যুত

নিজস্ব সংবাদদাতা

শিলিগুড়ি, ৬ সেপটেমবর— রবিবার রাত সাড়ে আটটা নাগাদ উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের নিউ জলপাইগুড়ি-জলপাইগুড়ি শাখার রানীনগর ও বেলাকোবা স্টেশনের মধ্যে অন্তর্ঘাতমূলক এক বিস্ফোরণের ফলে একটি লাইট রেল ইনজিন লাইনচ্যুত হয়। এবং ২৫ গজ পরিমাণ রেল লাইন ভেঙ্গে দুমড়ে ছিন্ন ভিন্ন হয়ে যায়।

বিপদ বুঝতে পেরেই ইনজিন চালক ও ফায়ারম্যান লাফিয়ে পড়েন। কেউ আহত হয়নি। দুর্ঘটনার খবর পেয়ে জি আর পি সুপার শ্রীকমলেশ রায় সদলে ঘটনাস্থলে রওনা হয়ে যান। দুর্ঘটনার দরুন ওই শাখায় রেল চলাচল বন্ধ আছে। আজ সামরিক বিশেষজ্ঞরাও ঘটনাস্থলে পরীক্ষা-নিরীক্ষা চালান।

পুলিশ সূত্রে বলা হয়, এটি পরিষ্কার নাশকতামূলক কাজ। এখনও পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি।

আজও মাঝে মাঝে বৃষ্টি হবে

আজ মঙ্গলবারও মাঝে মাঝে বৃষ্টি হবে বলে হাওয়া অফিস জানিয়েছেন। সোমবার ৩৫·৩ মিলিমিটার বৃষ্টি হয়েছে।

বিহারে যে নিম্ন চাপের সৃষ্টি হয়েছে তার প্রভাবেই সোমবারে কলকাতায় অত বৃষ্টি হয়। বেলা একটা নাগাদ ঘণ্টায় ৫৮ কিলোমিটার বেগে ঝড়ও বয়ে যায়।

ভারতের জন্য ব্রিটিশ সাহায্য

নয়াদিল্লি, ৬ সেপটেম্বর—আজ এখানে স্বাক্ষরিত এক চুক্তি অনুসারে ব্রিটেন ভারতকে ৭৫ লক্ষ পাউনড (১৩ কোটি ৫০ লক্ষ টাকা) সাহায্য দেবে। এটা দেওয়া হবে ঋণের টাকা শোধের জন্য ঋণ হিসাবে। চুক্তিতে সই করেন অস্থায়ী ব্রিটিশ হাই-কমিশনার শ্রীপিটার মেল এবং অর্থ মন্ত্রকের অতিরিক্ত সচিব শ্রী এম জি কল। —ইউ এন আই

নদীয়ায় বিমান থেকে খাদ্য ফেলার ব্যবস্থা

স্টাফ রিপোরটার

সোমবার নদীয়া জেলার কতকগুলি অঞ্চলে বন্যা পরিস্থিতি আরও খারাপের দিকে যায়। অন্যান্য জেলায় খুব ধীর গতিতে হলেও অবস্থা উন্নতির দিকে। চূর্ণি নদীর জল বাড়ছে। কৃষ্ণনগর ও নবদ্বীপ শহরের অবস্থার আরও অবনতি ঘটেছে। পশ্চিমবঙ্গে বন্যায় মৃত্যুসংখ্যা এদিন পর্যন্ত ১০২-এ দাঁড়ায়। নদীয়ার অনেক এলাকা দিনের পর দিন বিচ্ছিন্ন হয়ে থাকার ফলে ওই সব এলাকায় নিদারুণ খাদ্যাভাব দেখা দিয়েছে।

এদিন থেকে বিপন্ন ও বিচ্ছিন্ন এলাকাগুলিতে বিমান থেকে খাদ্যদ্রব্য ফেলার ব্যবস্থা হয়েছে। সোমবার বিকালে এই জেলার করিমপুর ব্লকের বাগচিজামশেদপুর গ্রামে পরীক্ষামূলকভাবে বিমান থেকে চিড়া ফেলার কথা। এজন্য এদিন ৩ টন চিড়া ব্যারাকপুর বিমানক্ষেত্রে নিয়ে যাওয়া হয়েছে।

ওই খবর দিয়ে একজন সরকারী মুখপাত্র এদিন জানান যে, বিমান থেকে খাদ্য ফেলার পরীক্ষা যদি সফল হয় তবে এই ব্যবস্থা চালিয়ে যাওয়া হবে।

সোমবার সন্ধ্যা পর্যন্ত পরীক্ষামূলকভাবে বিমান থেকে খাদ্যদ্রব্য ফেলার ফলাফল কী হল তার সংবাদ মহাকরণে পৌঁছায় নি।

ইউ এন আইয়ের খবর: নবদ্বীপ শহর প্রায় এক সপ্তাহ বিদ্যুৎশূন্য অবস্থায় থাকার পর জল ও বিদ্যুৎ সরবরাহ আবার চালু হয়েছে।

সোমবার মহাকরণে আরও খবর: বন্যাপ্লাবিত অঞ্চলে ত্রাণসামগ্রী পৌঁছে দেওয়ার জন্য আরও বেশী সংখ্যায় স্টীমার ও গাদা বোট নিয়োগ করার ব্যবস্থা হচ্ছে। মালদহ জেলার বন্যার অবস্থা একটু একটু করে ভালর দিকে যাচ্ছে। মালদহ শহর এখনও বিচ্ছিন্ন কেবল একদিকে রেলপথ দ্বারা শহরের বাইরের জগতের সঙ্গে সংযোগ রক্ষিত। মহানন্দার জল ধীর গতিতে কমছে। ফরাক্কায় গঙ্গার জল দুদিন ধরে ৩ ফুট নেমেছিল কিন্তু সে জল আবার বাড়তে শুরু করেছে।

মুরশিদাবাদে বন্যার অবস্থা উন্নতির দিকে। বহরমপুরে ভাগীরথীর জল গত দু দিনে প্রায় ১৩ ইঞ্চি নেমেছে।

পঞ্চম পৃষ্ঠার তৃতীয় কলমে দ্রষ্টব্য

দমকলকর্মী ধর্মঘট মেটেনি/একজন পুলিশ অফিসার সাসপেনড

স্টাফ রিপোরটার

সোমবার দমকল কর্মীদের রাজ্যব্যাপী ধর্মঘটের মীমাংসা সম্ভব হয়নি। শনিবার রাত্রে টালিগঞ্জ দমকল কেন্দ্রে পুলিশের গুলিতে একজন দমকল কর্মী নিহত হন। এর প্রতিবাদে রবিবার দুপুর থেকে দমকল কর্মীরা হঠাৎ অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরু করেন।

সোমবার এ সম্পর্কে এক সরকারী বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, এদিন সকালের ঘটনা সম্পর্কে প্রাথমিক তদন্তের পর গুলিতে একজন দমকল কর্মীর মৃত্যু ঘটানোর অভিযোগে একজন অফিসারকে সাসপেনড করা হয় এবং তাঁর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

এদিন দমকলবাহিনীর ডিরেকটর শ্রী পি রায় ওই বাহিনীর বিভিন্ন কর্মী ইউনিয়ন প্রতিনিধিগণের সঙ্গে ধর্মঘটের নিষ্পত্তির জন্য আলাপ-আলোচনা চালান। কিন্তু এ আলাপ-আলোচনা ব্যর্থ হয়।

অগ্নিনির্বাপণের জন্য জরুরি ব্যবস্থা

সোমবার স্বায়ত্তশাসন সচিব শ্রী এইচ সি দত্ত জানান যে, ইতিমধ্যে কোন অগ্নিকাণ্ডের ঘটনা ঘটলে তা লালবাজারস্থিত পুলিশের সদর দফতরে জানালে আগুন নেভানোর ব্যবস্থা করা হবে। লালবাজার পুলিশের একজন মুখপাত্র এ ব্যাপারে জানান যে, অগ্নিকাণ্ডের সংবাদ পেলে 'ভ্রাম্যমাণ অসামরিক জরুরি বাহিনী'র সহায়তায় আগুন নেভানোর চেষ্টা হবে।

বিকালে স্বায়ত্তশাসন সচিব শ্রী এইচ সি দত্ত সাংবাদিকদের জানান যে, বিভিন্ন দাবি-সম্বলিত একটি স্মারকলিপি দমকল কর্মীদের পক্ষ থেকে তাঁর কাছে পেশ করা হয়েছে। দমকল কর্মীদের পক্ষ থেকে নিহত দমকল কর্মীর পরিবারবর্গকে বিশেষ ক্ষতিপূরণদান, বিনা অনুমতিতে দমকল কেন্দ্রে পুলিশের প্রবেশ নিষিদ্ধ এবং গুলিতে দমকল কর্মী নিহত হওয়ার ঘটনা সম্পর্কে বিচার বিভাগীয় তদন্ত করার দাবি ওই স্মারকলিপিতে জানানো হয়েছে।

শ্রীদত্ত জানান যে, নিহত দমকল কর্মীর পরিবারবর্গকে রাজ্য সরকার ক্ষতিপূরণস্বরূপ উদার হস্তে সাহায্য করার

পঞ্চম পৃষ্ঠার ষষ্ঠ কলমে দ্রষ্টব্য

নদীয়ার নবদ্বীপ ঘাট স্টেশন। বন্যায় ছোট রেলপথে ট্রেনখানি থেমে গিয়েছে, আর নড়তে পারে নি। রেলপথ এখন জলপথ—শুধু নৌকা পাড়ি দিচ্ছে নবদ্বীপ ঘাট রেল স্টেশন থেকে। চিত্র—অশোক বসু

বাংলাদেশের ব্যাপারে পররাষ্ট্রসচিব কল আজ আসছেন

স্টাফ রিপোরটার

পররাষ্ট্র সচিব শ্রী টি এন কল আজ মঙ্গলবার মুজিবনগরের পথে কলকাতায় আসছেন। তিনি সেখানে বাংলা দেশ সরকারের প্রতিনিধিদের সঙ্গে কয়েকটি গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হবেন।

শ্রীকলের হঠাৎ আসা নিয়ে রাজনৈতিক মহলে গুরুত্ব আরোপ করা হচ্ছে। এই মহল থেকে জানা যায়, রাষ্ট্রপুঞ্জের আসন্ন অধিবেশনে বাংলাদেশ সরকার যাতে সেখানে তাঁদের প্রতিনিধি পাঠাতে পারেন সে ব্যাপারে তাঁরা ভারত সরকারের সাহায্য চেয়েছেন।

প্রকাশ, রাষ্ট্রপুঞ্জে প্রতিনিধি পাঠানোর আগে বাংলাদেশ সরকারের পক্ষে কোন রাষ্ট্রের 'স্বীকৃতি' প্রয়োজন। বাংলাদেশ সরকার আশা করেন, ভারত সরকার সবার আগে তাঁদের স্বীকৃতি দেবেন, যাতে তাঁরা রাষ্ট্রপুঞ্জে তাঁদের বক্তব্য রাখতে পারেন।

বাংলাদেশ সরকার আরও একটি বিষয়ের উপর জোর দিচ্ছেন। তা হল কমনওয়েলথ সদস্যভুক্ত হওয়া। স্বীকৃতি পাওয়ার পর বাংলাদেশের পক্ষ থেকে কমনওয়েলথ সেক্রেটারিয়েটে আনুষ্ঠানিকভাবে দরখাস্ত পেশ করা হবে। এবং কমনওয়েলথ রাষ্ট্রে বাংলাদেশের ওই প্রতিনিধিদের হাই কমিশনার পদে নিযুক্ত করা হবে।

কলকাতার বাংলাদেশ মিশন হাইকমিশন?

ইউ এন আই জানান, কলকাতাস্থিত বাংলা দেশ মিশনের প্রধান শ্রীহোসেন আলির পদবী বদলে ভারতে বাংলাদেশ হাই কমিশনার করা হয়েছে এবং মিশনের নাম হয়েছে বাংলাদেশ হাই কমিশন।

প্রকাশ, মুজিবনগরে বাংলা দেশ মন্ত্রিসভার এক বৈঠকে ওই সিদ্ধান্ত নেওয়া হয়। মুজিবনগরে ভারতের পররাষ্ট্র নীতি বিষয়ক সেলের চেয়ারম্যান শ্রী ডি পি ধর এবং বাংলা দেশ নেতৃবৃন্দের সঙ্গে সাম্প্রতিক আলোচনার পর পদবী বদলের সিদ্ধান্ত নেওয়া হয়।

থুম্বায় সিলিনডার বিস্ফোরণে ১ জন নিহত

ত্রিবেন্দ্রাম, ৬ সেপটেম্বর—আজ অপরাহ্ণে ত্রিবান্দ্রমের কাছে থুম্বা রকেট উৎক্ষেপন কেন্দ্রে একটি সিলিনডার বিস্ফোরণে একজন কর্মী নিহত হয় ও অপর ২ জন গুরুতররূপে আহত হয়। আজ বেলা ৩টার সময় দুর্ঘটনাটি ঘটে। —পি টি আই

নাগপুরে পুলিশের গুলিতে ছয়জন নিহত

নাগপুর, ৬ সেপটেম্বর—আজ দুপুরের পর তুলার বাজারের কাছে মারমুখী জনতাকে ছত্রভঙ্গ করার জন্য পুলিশ গুলি চালালে ৬ ব্যক্তি নিহত হয়। ঘটনাস্থলে তিনজন ও হাসপাতালে তিনজন মারা যান। পুলিশের গুলিতে ও জনতার আক্রমণে ৫৩ জন আহত হয়।

প্রায় ৫ হাজার লোকের এক মারমুখী জনতা ওই বাজারের কাছে সমবেত হয়ে পুলিশ দলের উপর ইটপাটকেল নিক্ষেপ করে। জনতাকে ছত্রভঙ্গ করার জন্য পুলিশ প্রথমে কাঁদানে গ্যাস ছাড়ে। কিন্তু তাতে কাজ না হওয়ায় পুলিশ গুলি চালায়।

জনতা পরে বুধওয়ারি এলাকায় পুলিশ চৌকিতে আগুন ধরিয়ে দেয়।

মেয়ো হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে জানা যায়, আজকের ঘটনায় ৪৮ জন আহত হয়েছেন। এঁদের মধ্যে পুলিশের গুলিতে আহতও রয়েছেন।

মহাবিদর্ভ রাজ্য সংঘর্ষ সমিতি আজ নাগপুর বন্ধের ডাক দেন। সন্ধ্যায় সংসদের প্রাক্তন কংগ্রেসী সদস্য শ্রীনরেন্দ্র দেওগরে প্রায় ৩ শত লোক নিয়ে মিছিল করেন, পুলিশ বেষ্টনী ভাঙার চেষ্টা করা হলে তাঁদের গ্রেফতার করা হয়। —পি টি আই

ওমেগা দল ফিরে আসেননি

নিজস্ব সংবাদদাতা

অপারেশন ওমেগা দলের যে চারজন স্বেচ্ছাসেবক রবিবার সীমান্ত অতিক্রম করে বাংলাদেশে ঢুকেছিলেন, পাকিস্তানী সেনারা তাঁদের আটক রেখেছে বলে অনুমান করা হচ্ছে। বেআইনীভাবে প্রবেশের দায়ে তাদের বিচার হতে পারে।

মানুষের সৃষ্টি দুর্দশা লাঘবের জন্য দুর্গতদের দেওয়ার উদ্দেশে তাঁরা কিছু ত্রাণসামগ্রী বয়ে নিয়ে যান। কিন্তু কোনও ভিসা তাঁরা নেননি। তাঁদের কথা: মানবতার সেবার কোনও ছাড়পত্রের দরকার হয় না।

পঞ্চম পৃষ্ঠার ষষ্ঠ কলমে দ্রষ্টব্য

পুজোর মরশুমে আপনার সুকুমার সৌন্দর্য্যকে বৈশিষ্ট্যময় করে তুলতে

হেজলীন সুপার স্নো মাখুন

আপনার সুকুমার সৌন্দর্যকে বৈশিষ্ট্যময় করে তুলতে এই বিশেষ স্নো ব্যবহার করুন—'হেজলীন' স্নপার স্নো। মোলায়েম সুগন্ধে ভরপুর 'হেজলীন' স্নপার স্নো আপনার রঙরূপে আনে লাবণ্যময় দীপ্তি।

আপনার সুকুমার সৌন্দর্য্যকে বিকশিত করতে ত্বকের যত্ন নিন!

Wellcome বারোজ ওয়েলকাম উৎপাদন

জীনাত আমন, সত্তর দশকের চিত্রতারকা।

BENSONS-7629 BEN

আনন্দবাজার পত্রিকা

বিমান মাশুল (অতিরিক্ত)
আসাম, মণিপুর নাগাল্যান্ড, ত্রিপুরা ● উত্তরবঙ্গ — প্রতি সংখ্যা ৪ পয়সা
জামসেদপুর ও রাঁচি " " ২ পয়সা

Tele : ANANDRABAZAR, Cal
Phone : 23-2283 (Seven Lines)
23-8541 (Five Lines)
POST BOX NO. 2536 G.P.O.

১লা ফেব্রুয়ারি, ১৯৭১ তারিখ হইতে পরিবর্তিত চাঁদার হার :—

	বার্ষিক	ষাণ্মাসিক	ত্রৈমাসিক
কলিকাতা	৭৭.০০ টাকা	৩৯.০০ টাকা	২০.০০ টাকা
সডাক			
ভারতে	৯৫.০০ টাকা	৪৮.০০ টাকা	২৪.৫০ পয়সা
ভারতের বাহিরে জাহাজ ডাকে	১৮৫.০০ টাকা	৯৩.০০ টাকা	৪৭.০০ টাকা
বিমান ডাকে			
আসাম	১১৮.০০ টাকা	৬০.০০ টাকা	৩১.০০ টাকা
ভারতের অন্যান্য স্থানে	২৫৯.০০ টাকা	১৩০.০০ টাকা	৬৫.৫০ পয়সা
রবিবাসরীয় সংখ্যা			
ভারতে	১৪.০০ টাকা	৭.৫০ টাকা	××××
ভারতের বাহিরে জাহাজ ডাকে	২৯.০০ টাকা	১৫.০০ টাকা	××××

অন্যান্য চাঁদার হারের জন্য যোগাযোগ বাঞ্ছনীয়।

কর্মখালি

আবশ্যক—মেসিন তৈরী কাজ জানা, ১ ফোরম্যান, ১ টার্নার, ২ ফিটার/মেকানিক। লেখাপড়া, অভিজ্ঞতা, দক্ষতা ও বয়সের সার্টিফিকেট সমেত ১২ই সেপ্টেম্বরের মধ্যে আবেদন করুন। বক্স নং ৯১০০ আনন্দবাজার, কলি-১। (এ)

কর্পোরেশনের কারপার্কিং কালেক্টার চাই—নগদ জামিন ৫০৲। সত্বর যোগাযোগ। সত্যনারায়ণ সাহা, ৪১ দুর্গাচরণ মুখার্জি স্ট্রীট, কলিকাতা-৩। (সি ৯৮০)

কর্মখালি

কলিকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট

সময় সময় ওভারসীয়ারের যে সকল পদ শূন্য হয় তাহাতে নিয়োগার্থ বিবেচিত হইবার জন্য ওভারসীয়রদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা হইতেছে। বেতনক্রম : ২১৫-১০-২৯৫-যোঃ বঃ-১৫-৪০০৲ টাকা (প্রারম্ভিক বেতন ২১৫৲ টাকা) তদুপরি ২০৲ টাকা রাহা ভাতা ও ট্রাস্টের সার্ভিস রুল অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।

প্রার্থিগণকে অবশ্যই এল সি ই পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে, ২১ বৎসরের বেশী ও ৩০ বৎসরের কম বয়স্ক হইতে হইবে এবং আউটডোর কনস্ট্রাকশনের ওভারসীয়ার ও সিভিল এঞ্জিনিয়ারিং কাজের এস্টিমেটর হিসাবে কিছু অভিজ্ঞতা থাকা চাই।

নির্ধারিত ফরমে (ডাক টিকিটযুক্ত ও নিজের নামঠিকানা লেখা খাম পাঠাইয়া সেক্রেটারির অফিস, কলিকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট, পি-১৬ ইণ্ডিয়া এক্সচেঞ্জ প্লেস এক্সটেনশন, কলিকাতা-১২ ঠিকানায় প্রাপ্তব্য) দরখাস্ত করিতে হইবে এবং তাহা ২২শে সেপ্টেম্বর, ১৯৭১ তারিখ পর্যন্ত গৃহীত হইবে।

ভি এস সি বোনার্জি
চেয়ারম্যান
৩০-৮-৭১
(৮৯৫১)

এজেণ্ট-ক্যানভাসার্স

কমিশনে সেলসম্যান আবশ্যক। সাক্ষাৎ—সকাল ১১—১২। ক্ষেত্রী অ্যান্ড কোম্পানী গোলাপ জল (শিবদুর্গা মার্কা), ৮৯, বিডন স্ট্রীট, কলিকাতা-৬। (সি ১১১৫)

শিক্ষক-শিক্ষিকা

বিনপুর এইচ এস স্কুল (পোঃ অঃ বিনপুর, জেলা মেদিনীপুর)-এর জন্য ডেপুটেশন ভ্যাকেন্সীতে একজন সহকারী শিক্ষক (ফিজিকসে বি এস-সি অনার্স বা ফিজিকসে এম এস-সি) আবশ্যক। অবিলম্বে সেক্রেটারির নিকট আবেদন করুন। (৯০৬৩)

শিক্ষক-শিক্ষিকা

হায়ার সেকেণ্ডারী ক্লাসে অর্থনীতি ও ভূগোল পড়াইবার জন্য দুইজন অভিজ্ঞ শিক্ষিকা আবশ্যক। যোগ্যতা—১। বি এ (অর্থনীতিতে অনার্স), বি টি অথবা এম এ (অর্থনীতিতে), বি টি। ২। বি এ (ভূগোলে অনার্স), বি টি অথবা এম এ (ভূগোলে), বি টি বেতন বোর্ডের নিয়মানুযায়ী। সেপ্টেম্বরের ১৪ তারিখের মধ্যে আবেদন করুন—সেক্রেটারী, ইউনাইটেড মিশনারী বালিকা বিদ্যালয়, ৩, আশুতোষ মুখার্জি রোড, কলিকাতা ২০। (সি ৯৮৯)

হারানো প্রাপ্তি নিরুদ্দেশ

গত মঙ্গলবার ৩১শে আগস্ট '৭১-এ বেলা ৪—৫॥টার মধ্যে দমদম মতিঝিল ও রাসবিহারী মোড়ের মধ্যে ৩০বি ও ২বি বাসে একটি ব্যাগে হায়ার সেকেণ্ডারি ও বি এস-সির মার্কশীট ও অন্যান্য কাগজপত্র, যদি কেউ পেয়ে থাকেন নীচের ঠিকানায় জানাতে অনুরোধ। রত্না বসু, C/o. পরিজা, আনন্দবাজার পত্রিকা, কলি-১। (সি ১১২১)

প্রণব (১৯) বোবা ২৮-৮-৭১ সোদপুর স্টেশন হইতে নিখোঁজ কালো, রোগা, ফুল প্যাণ্ট চায়নীজ শার্ট পরিধানে, লিখিতে পড়িতে পারে, দুধ বার্লি ছাড়া কিছুই খায় না। সন্ধানে কৃতজ্ঞ থাকিব, পুরস্কৃত করিব। শ্রীমন্তবিকু চৌধুরী, রেল পার্ক, সোদপুর, ২৪ পরগনা। (সি ৯৯০)

তীর্থযাত্রা ও প্রমোদ ভ্রমণ

নতুন তীর্থ। ১ ম্যাঙ্গো লেন, কলি-১। লাকসারি বাসে ১৪/৯ তারাপীঠ সহ পঞ্চ সতীপীঠ। ২৫/৯ নেপাল ভ্রমণ। ২৫/৯ বৃন্দাবন সহ উত্তর ভারত। অন্নকূট ও রাসে ১৬/১০ বৃন্দাবন সহ উত্তর ভারত। বাস ভাড়া পাবেন। ৪৭-১৯০১। অথবা ধাড়াপাড়া, চন্দননগর। (সি ১১০৩)

ঔষধ ও চিকিৎসক

বিবাহের পূর্বে অথবা পরে কোনো প্রকার দুর্বলতা অথবা জটিল ব্যাধি অনুভব করিলে এবং পরিবার পরিকল্পনায় বিশেষজ্ঞের সাক্ষাৎ করুন। স্পেশাল ক্লিনিক। ১২৫, মহাত্মা গান্ধী রোড, কলিঃ-৭। ফোনঃ ৩৪-৩৮৫৮। (৮৭৯৩ এ)

যৌন ব্যাধি কি ?

কেন? ও তার বৈজ্ঞানিক চিকিৎসার অন্যতম প্রতিষ্ঠান—এ রায় ইণ্ডিয়া ক্লিনিক, ১১৬/১/১, হ্যারিসন রোড, কলিকাতা-৭। ফোন : ৩৪-৩৯৪০। (৮৮০০এ)

ব্যবসা-বাণিজ্য

সাউণ্ড হোম

২১/৪ বি টি রোড, কলি-৫৬

সহজ কিস্তিতে সর্বপ্রকার ফার্নিচার, ফ্যান, রেডিও, সাইকেল, ঘড়ি, সেলাই-কল, শাড়ী টেরেলিন, টেরিকটন কাপড় ইত্যাদি বিক্রয় করিয়া থাকি। দোকান থেকে অথবা বাড়িতে যাইয়া অর্ডার গ্রহণ করিয়া থাকি। (সি ৯৮৮)

স্মৃতির উদ্দেশ্যে

জেঠু, আজ এক বছর হল আমাদের ছেড়ে স্বর্গলোক চলে গেছো, তোমায় স্মরণ করে আমরা প্রণাম জানাই—স্বপন, সোমনাথ ও রঞ্জনা। (সি ১১০৫)

পিতৃদেব ডাঃ রঘুনাথ চট্টোপাধ্যায়ের স্মরণে

তিন বছর আগে এই দিনে আমাদের ছেড়ে চলে গেছেন। জন্মজন্মান্তর যেন আপনার মত বাবা পাই, সেখানে থাকুন শান্তিতে থাকুন, আশীর্বাদ করুন। শেফালী, আরতি, গীতা, ঝর্ণা, তরুণ, তপন, তাপস, শ্যামল। (সি ৫১৮)

স্কুল-কলেজ-শিক্ষা

শ্রীকৃষ্ণ কলেজ

বগুলা, নদীয়া

ছাত্রছাত্রীদের জানান যাইতেছে যে, ভয়াবহ বন্যা পরিস্থিতির জন্য সমস্ত ক্লাসের লেকচার আগামী ১৪।৯।৭১ পর্যন্ত বন্ধ থাকিবে।

—কার্যকরী অধ্যক্ষ
(৯০৯৭)

কে কে দাশ কলেজ অফ কমার্স,

গড়িয়া, ২৪ পরগণা

প্রি-ইউ আর্টস এবং বি-কম প্রথম বার্ষিকী ক্লাসে সাময়িকভাবে ভর্তি করা হইতেছে। আসনসংখ্যা সীমিত। যোগ্য ছাত্রগণের জন্য উদার কনসেশন। আশা করা যাইতেছে যে, পূজার পূর্বেই ভর্তি বন্ধ হইবে—প্রিন্সিপাল। (৯০৩৯)

কল্যাণী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বিজ্ঞাপিত করা যাইতেছে যে, ১৯৭১ সালের বি এস-সি (অনার্স) পার্ট—১ পরীক্ষা (ট্রানজিটারি রুলের অধীন) যাহা ১১ই সেপ্টেম্বর, ১৯৭১ তারিখে অনুষ্ঠিত হওয়া স্থির আছে, উহা স্থগিত রাখা হইল। উক্ত পরীক্ষা ৩রা নবেম্বর, ১৯৭১ তারিখে অনুষ্ঠিত হইবে। থিওরেটিক্যাল (মেজর ও সাব মেজর) এবং সাব-মেজর বিষয়সমূহের প্র্যাকটিক্যাল পরীক্ষার সংশোধিত সময়-সূচী সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের নিকট পাওয়া যাইবে।

সকল মেজর বিষয়ের প্র্যাকটিক্যাল পরীক্ষাসমূহ পূর্বে বিজ্ঞাপিত সময়-সূচী অনুসারে (অর্থাৎ ২১, ২২ ও ২৩ সেপ্টেম্বর, ১৯৭১ তারিখে) অনুষ্ঠিত হইবে।

উক্ত পরীক্ষাসমূহের জন্য ফরম গ্রহণের শেষ তারিখ ১২ই সেপ্টেম্বর, ১৯৭১ পর্যন্ত পিছাইয়া দেওয়া হইল।

স্বাঃ বি কে বিশ্বাস
কণ্ট্রোলার অফ এক্সামিনেশনস (অফিঃ)
তারিখ : ৪ঠা সেপ্টেম্বর, ১৯৭১
(৯০৩৫)

নোটিস

নোটিস

জলপাইগুড়ি সহরে অবস্থিত রেজিস্ট্রীকৃত অফিসে দেবীঝোড়া টী কোম্পানী লিমিটেডের অংশীগণকে এতদ্দ্বারা জানান যাইতেছে যে, অত্র কোম্পানীর একজন অংশীদার-এর নিকট হইতে আগামী ১৫-৯-৭১ তারিখে অপরাহ্ণ ৩ ঘটিকার সময় অত্র কোম্পানীর রেজেস্ট্রিকৃত অফিসে যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হইবে তাহাতে জলপাইগুড়ির শ্রীযুক্ত ধীরেন্দ্রনাথ মৈত্রর নাম ডিরেক্টার পদের জন্য প্রস্তাব উত্থাপন করিবার ইচ্ছা, প্রকাশ করিয়া ১৯৫৬ সনের কোম্পানী আইনের ২৫৭ ধারা অনুযায়ী একটি নোটিস নিম্ন স্বাক্ষরকারী প্রাপ্ত হইয়াছেন।

ডিরেক্টর বোর্ডের অনুমত্যানুসারে
স্বাঃ ফণীন্দ্রনাথ সান্যাল
সেক্রেটারী,
দেবীঝোড়া টী কোম্পানী লিমিটেড
জলপাইগুড়ি
২-৯-৭১
(৯১০২)

কলিকাতা কর্পোরেশন

কলিকাতা কর্পোরেশন

বিজ্ঞপ্তি

করদাতাগণকে এতদ্দ্বারা জানান যাইতেছে যে, ৫-৯-৭১ তারিখ হইতে আরম্ভ করিয়া ১৮-৯-৭১ তারিখ পর্যন্ত "পিতৃপক্ষ" কালে কর্পোরেশনের সকল কাউণ্টারে টাকা গ্রহণের সময় বেলা ১০-৩০টার স্থলে বেলা ১১-৩০টা হইতে আরম্ভ হইবে।

কমিশনার
কলিকাতা কর্পোরেশন
সেণ্ট্রাল মিউনিসিপ্যাল অফিস,
২ সেপ্টেম্বর, ১৯৭১
(৯০৯৯)

টেণ্ডার

ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন

টেণ্ডার নোটিস

"২৮টি বাতিল বাস ক্রয়ের জন্য টেণ্ডার" কথাগুলি উপরিলিখিত সীলকরা টেণ্ডার জেনারেল ম্যানেজার, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন, ৫, নীলগঞ্জ রোড, বেলঘরিয়া, কলিকাতা-৫৬ কর্তৃক আহ্বান করা হইতেছে। বাসগুলির তফসিল সহ টেণ্ডার ফরম প্রতিটি ২৲ টাকা (অফেরতযোগ্য) মূল্যে সকল কাজের দিন বেলা ৩টা পর্যন্ত তাঁহার অফিসে পাওয়া যাইবে। ১৭-৯-৭১ তারিখ বেলা ১২টা পর্যন্ত টেণ্ডার গৃহীত হইবে। ঐদিন টেণ্ডার ফরম বিক্রয় করা হইবে না। (৯০৯৮)

নিম্নোক্ত কাজগুলির জন্য এক্‌জিকিউটিভ এঞ্জিনিয়ার, সল্ট লেক কনস্ট্রাকশন ডিভিসন, ৯ ব্রাবোর্ন রোড (৫ম তল), কলিকাতা-১ কর্তৃক প্রকৃত নির্ভরযোগ্য সঙ্গতিপন্ন ও অভিজ্ঞ ঠিকাদারদের নিকট হইতে বি এফ নং ২৯১১(২)তে সীলকরা টেণ্ডার (প্রত্যেক কাজের জন্য পৃথক পৃথকভাবে) আহ্বান করা যাইতেছে। কাজের নাম, অনুমিত ব্যয়, বায়নার পরিমাণ এবং কাজ শেষ করার মেয়াদ যথাক্রমে নিম্নরূপ : (১) সল্ট লেক সিটিতে (সেকটর-১) ডি এফ ব্লকে একটি চারতলা অফিস বিল্ডিং (প্রশাসনিক বিল্ডিং) নির্মাণ; ৮,৭৭,৬৭০৲ টাকা; ১৭,৫৫৩৲ টাকা; ছয় মাস। (২) সল্ট লেক সিটিতে (সেকটর-২) রাস্তা নির্মাণ—আর সি সি কার্ব ও চ্যানেল ইত্যাদি সরবরাহ ও সংস্থাপন, ৭,১৬,৩২৫৲ টাকা; ১৪,৩২৭৲ টাকা; আট মাস। টেণ্ডার ফরম, স্পেসিফিকেশন, তফশিল ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র ২৩ সেপ্টেম্বর, ১৯৭১ তারিখ পর্যন্ত যে কোন কাজের দিন বেলা ১১টা হইতে বিকাল ৪টা পর্যন্ত (শনিবার বেলা ১টা পর্যন্ত) প্রতি কাজের প্রতি প্রস্থের জন্য ১০৲ টাকা আদায় দিয়া উপরোক্ত এক্‌জিকিউটিভ এঞ্জিনিয়ারের অফিসে পাওয়া যাইবে। ইচ্ছুক টেণ্ডারদাতাদিগকে টেণ্ডার ফরম ক্রয়ের পূর্বে তাঁহাদের আঃ কঃ ও বিঃ কঃ পরিশোধের হাল সময়ের সার্টিফিকেট এবং এই ধরনের কাজ সম্পাদনে তাঁহাদের অতীত অভিজ্ঞতা ও সামর্থ্যের সমর্থনে মূল পরিচয় পত্রাদি দেখাইতে হইবে। প্রত্যেক টেণ্ডারের সঙ্গে উপরোক্ত এক্‌জিকিউটিভ এঞ্জিনিয়ারের অনুকূলে বায়নার টাকা জমা দেওয়ার সংশ্লিষ্ট আর বি আই চালান/এন পি এস সি/এন ডি সি থাকা চাই। উক্ত এক্‌জিকিউটিভ এঞ্জিনিয়ার কর্তৃক ২৪ সেপ্টেম্বর, ১৯৭১ তারিখ বেলা ২টা পর্যন্ত টেণ্ডার গৃহীত হইবে। টেণ্ডার ঐ দিন বেলা ২টার পর তৎকর্তৃক প্রকাশ্যে খোলা হইবে।

৩৫১৭(২) আই পি আর/এ/৭১
(৯০২২)

রেলওয়ে

দক্ষিণ-পূর্ব রেলওয়ে

টেণ্ডার

ড্রয়িং নং লোকো/জি পি/০০৬ অনুযায়ী ৫০টি ইনসপেকশন ল্যাম্প সরবরাহের জন্য সীলকরা টেণ্ডার (টেণ্ডার নং ৩টি/পি পি ২/ই এ-২/৯১৫/৭০)—এস এল নং ৩৭৮, আহ্বান করা হইতেছে। টেণ্ডার দাখিলের শেষ তারিখ ২৩-৯-৭১।

বিঃ দ্রঃ ১। টেণ্ডারের মূল্য ৫৲ টাকা ও ড্রয়িং-এর মূল্য প্রতিটি ১৲ টাকা।

২। আই আর এস, সি এস এল এবং আর ডি এস ও ব্যতীত ড্রইং এবং টেণ্ডার ফরম নিম্নবর্ণিতের অফিস হইতে বাহিরের ফার্মের ক্ষেত্রে সরাসরি তাঁহার নিকট মনি-অর্ডারযোগে টেণ্ডার ফরম ও ড্রইং-এর মূল্য (অফেরতযোগ্য) পাঠাইয়া এবং স্থানীয় ফার্মের ক্ষেত্রে চিফ ক্যাশিয়ার দঃ পূঃ রেলওয়ে, গার্ডেনরীচ, কলিকাতা—৪৩-এর নিকট হইতে প্রাপ্ত ক্যাশ রসিদ দেখাইলে কাজের দিন বেলা ১০টা হইতে বেলা ৩টার মধ্যে নিম্নবর্ণিতের অফিসে (ট্যাবুলেশন সেকশন) পাওয়া যাইবে।

কনট্রোলার অফ স্টোর্স
গার্ডেনরীচ, কলিকাতা-৪৩
(৯০৩৪)

কলকাতায় বিশ্বভারতীর বিক্রয়-কেন্দ্র

স্টাফ রিপোর্টার

বিশ্বভারতীর বিভিন্ন বিভাগে প্রস্তুত চারু ও কারু-করা সামগ্রী যাতে কলকাতার অধিবাসীরা সহজে পেতে পারেন, তার জন্য বিশ্বভারতী কলকাতায় দীর্ঘদিন পর আবার একটি বিক্রয়-কেন্দ্র খুলেছেন। ২১০ বিধান সরণিতে এই বিপণিটি রবিবার সকালে আনুষ্ঠানিক উদ্বোধন করলেন শ্রীমতী রেণুকা রায়।

শ্রীনিকেতন শিল্পসদনে প্রস্তুত কাপড় বিভিন্ন কারুশিল্প, শান্তিনিকেতন কারু-সংঘে তৈরী বাটিকের কাজ এবং শান্তিনিকেতন কলাভবনের শিল্পীদের আঁকা ছবি এই বিপণিতে পাওয়া যাবে। বিশ্বকবির বিভিন্ন রচনাও আগের মত পাওয়া যাবে।

এই উপলক্ষে আয়োজিত এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে বিশ্বভারতীর উপাচার্য ডঃ প্রতুল গুপ্ত বক্তৃতা দেন।

শোলাপুরের অদূরে পুলিশের গুলিতে ৪ জন নিহত

পুনা, ৬ সেপটেম্বর—আজ বিকেল প্রায় ৪টার সময় শোলাপুর থেকে প্রায় ৪০ কিলোমিটার দূরে ব্যবসা-বাণিজ্যের প্রাণকেন্দ্র বৈরাগে পুলিশ "আত্মরক্ষার্থ" এক মারমুখী জনতার উপর গুলিবর্ষণ করলে ৪ জন লোক নিহত হয়।

—পি টি আই

নেতাজী রিসার্চ ইনসটিটিউট

বর্তমানে সমগ্র দেশ যে সংকটের মধ্য দিয়ে চলেছে, তা থেকে দেশকে বাঁচাবার একমাত্র পথ নেতাজীর আদর্শ অনুসরণ। এই উদ্দেশ্যে গত ২৭ আগস্ট ২৯-বি চেতলা সেনট্রাল রোডে স্থানীয় নেতাজী অনুরাগীদের এক সারাদিনব্যাপী সম্মেলনে 'নেতাজী রিসার্চ ইনসটিটিউট' গঠিত হয়। সাম্য, ন্যায় ও স্বাধীনতার ভিত্তিতে নতুন ভারত গড়ে তোলার ব্যাপারে নেতাজীর মত ও পথের কার্যকারিতা বিষয়ে গবেষণাই হবে এই ইনসটিটিউটের লক্ষ্য।

উদ্বাস্তু মেয়েদের হাতের কাজের প্রদর্শনী

নিজস্ব প্রতিনিধি

যেমন বাটিকের কাজ, তেমনি ছাপার। শাড়ি, শিশুদের জামা-প্যানটের উপর নিখুঁত হাতে কাজ। কড়েয়া রোডে নৃত্য ভারতী ইনসটিটিউশনে এক প্রদর্শনীতে এগুলি রাখা হয়েছে। 'আরট ও ক্র্যাফট' এর উদ্যোক্তা।

প্রদর্শনী শনিবার শুরু হয়

আরট ও ক্র্যাফট একটি জনহিতকর সংস্থা। সেখানে উদ্বাস্তু মেয়েরা এইসব হাতের কাজ করেন। এতে প্রায় তিরিশটি পরিবারের সংসারও চলছে।

আয়কর বিভাগের 'অর্থ প্রত্যর্পণ সপ্তাহ'

পশ্চিমবঙ্গে আয়কর বিভাগ ১৩ সেপটেমবর থেকে ১৮ সেপটেমবর 'অর্থ প্রত্যর্পণ সপ্তাহ'রূপে পালন করবেন। যে-সব ক্ষেত্রে আয়কর বাবদ বাড়তি টাকা আদায় করা হয়েছে, সংশ্লিষ্ট অফিসারগণ সেগুলি সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করবেন।

করিমগঞ্জে ১৪৪ ধারা

করিমগঞ্জ, ৫ সেপটেমবর—কাছাড়ের জেলা শাসক ভারতীয় ফৌজদারি বিধির ১৪৪ ধারা অনুযায়ী করিমগঞ্জে পাক-ভারত সীমান্তের ৩ মাইলের ভিতর রাত্রি ৯টা থেকে ভোর ৪টা পর্যন্ত সাধারণ লোকের চলাচল নিষিদ্ধ করে এক আদেশ জারি করেছেন।

এই আদেশ আগামী ছ' মাস পর্যন্ত বলবৎ থাকবে। —পি টি আই

অতুলপ্রসাদ জন্মশতবার্ষিকী জয়ন্তী কমিটি

কবি অতুলপ্রসাদ সেনের শততম জন্মোৎসব পালন করার জন্য 'উত্তরা' সংস্থার আহ্বানে 'অতুলপ্রসাদ-জন্মশতবার্ষিকী জয়ন্তী কমিটি' একটি কমিটি গঠন করা হয়েছে। সাহিত্যিক তারাশংকর বন্দ্যোপাধ্যায় এই কমিটির সভাপতি এবং সর্বশ্রী সৌমেন্দ্রনাথ ঠাকুর, প্রবোধকুমার সান্যাল, অচিন্ত্যকুমার সেনগুপ্ত, সন্তোষকুমার ঘোষ দক্ষিণারঞ্জন বসু, মণীন্দ্র রায় এবং ডঃ রমা চৌধুরী সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন। সাধারণ সম্পাদক—শ্রীসৌমেন্দ্রনাথ গুপ্ত। যোগাযোগের ঠিকানা : উত্তরা, ৬৮।৬বি, পূর্ণেন্দু স রোড, কলকাতা—২৯।

নতুন সাপ্তাহিক : 'বাংলার বাণী'

ঢাকা থেকে প্রকাশিত 'বাংলার বাণী' পাঁচ মাস পরে আবার নতুন করে মুজিবনগর থেকে প্রকাশিত হল। শেখ মুজিবের ইচ্ছানুসারে ও তাঁর দেওয়া এই নামে সাপ্তাহিক পত্রিকাটি ১৯৭০ সালের ১১ জানুয়ারি ঢাকায় প্রথম আত্মপ্রকাশ করে।

রেলওয়ে

দক্ষিণ-পূর্ব রেলওয়ে

গুডস ট্রাফিকের বুকিং

(ক) শালিমার ও আর্মেনিয়ান ঘাট হইতে আসানসোল হইয়া এবং অণ্ডাল হইয়া পৌঁছে, পূর্ব রেলওয়ের এইরূপ সকল স্টেশনের জন্য এবং ভায়া 'স্মলস' সহ গুডস ট্রাফিকের বুকিং-এর উপর আরোপিত বিধিনিষেধের আংশিক সংশোধনক্রমে এক্ষণে বিজ্ঞাপিত করা যাইতেছে যে, কেবল অণ্ডাল হইয়া পৌঁছে, এইরূপ স্টেশন-সমূহের জন্য 'স্মলস' সহ সকল গুডস ট্রাফিক-এর বুকিং-এর উপর বিধিনিষেধ, বলবৎ অন্যান্য বিধিনিষেধ ও সীমাবদ্ধতাসাপেক্ষে এতদ্দ্বারা এখন হইতে প্রত্যাহার করা হইল।

(খ) পিউন ও কিরকী গুডস শেডের জন্য 'স্মলস' ও ক্লাস রেট ৬০ এবং তদূর্ধ্ব অনুসারে চার্জ করা হয়, এইরূপ পণ্যদ্রব্য সহ কিন্তু প্রায়রিটি 'এ' অধীন ট্রাফিক বাদে সকল গুডস ট্রাফিক আরও ৫ দিনের জন্য অর্থাৎ ১১-৯-৭১ তারিখ পর্যন্ত গৃহীত হইবে না। এই বিধিনিষেধ সেই সকল গুডস ট্রাফিকের বুকিং-এর উপর প্রযোজ্য হইবে না যেগুলির জন্য গুডস শেডে কভার্ড অ্যাকোমোডেশনের প্রয়োজন হয় না।

চীফ অপারেটিং সুপারিন্টেণ্ডেণ্ট
পি আর|এস ই|পি এ|১|কপস-৭৩
(৯১০৪)

পৌর ইনজিনিয়ারদের বদলি নিয়ে

অর্থ কমিটির নির্দেশ রদ দাবি করে নগর কমিটির কাজ বন্ধ

স্টাফ রিপোর্টার

ডিসট্রিক্ট ইনজিনিয়ারদের বদলি নিয়ে পৌর অর্থ কমিটি ও নগর পরিকল্পনা কমিটির পরস্পরবিরোধী প্রস্তাবকে কেন্দ্র করে কলকাতার পৌর প্রশাসন ব্যবস্থা অচল হতে বসেছে। গত বৃহস্পতিবার থেকে নগর পরিকল্পনা কমিটি বদলির নির্দেশ প্রত্যাহারের দাবিতে কাজকর্ম বন্ধ করেছেন। অন্য দিকে অর্থ কমিটির চেয়ারম্যান, মেয়র ও কমিশনার কলকাতার বাইরে রয়েছেন। গত শুক্রবার থেকেই পৌরভবনে তাঁরা অনুপস্থিত। ফলে পূজার মুখে পৌর প্রশাসনে গুরুতর অসুবিধা দেখা দিয়েছে।

গত ২ সেপটেমবর কমিশনার শ্রীবিশ্বনাথ মজুমদার তিনজন ডিসট্রিক্ট ইনজিনিয়ারকে বদলির নির্দেশ দেন। পৌর অর্থ কমিটি এই বদলির সমর্থনে প্রস্তাব নেন। কিন্তু নগর উন্নয়ন কমিটি বদলির বিরোধিতা করে নির্দেশ নাকচের দাবি জানান। এই অবস্থায় কমিশনার শ্রীমজুমদার মেয়রের মতামত জানতে চান। মেয়র শ্রীশ্যামসুন্দর গুপ্ত বদলির পক্ষেই মত দেন। কমিশনার সে অনুযায়ী তিনজন ডিসট্রিক্ট ইনজিনিয়ারের কাছে যথারীতি বদলির নির্দেশ দিয়ে চিঠি পাঠিয়ে দেন। নগর উন্নয়ন কমিটি এর প্রতিবাদে অনির্দিষ্ট কালের জন্য কমিটির বৈঠক মুলতুবি রাখেন। সেই থেকে আর বৈঠক বসেনি।

দিল্লিতে সর্বভারতীয় মেয়র সম্মেলনের কর্ম সমিতির বৈঠকে যোগ দিতে মেয়র দিল্লি গিয়েছেন। তাঁর সঙ্গে গিয়েছেন কমিশনার শ্রীমজুমদার, অর্থ কমিটির চেয়ারম্যান শ্রীখান্না প্রমুখ। এখনও তাঁরা ফেরেননি।

হামবুরগে বিমান দুর্ঘটনা

হামবুরগ, পঃ জারমানি, ৬ সেপটেমবর—পশ্চিম জারমানির একটি বিমান আজ হামবুরগের ফুলসবুটেল বিমানবন্দর থেকে যাত্রা করার পর ৫০ মিটার উঠেই পড়ে বিধ্বস্ত হয় এবং সঙ্গে সঙ্গে বিমানটিতে আগুন ধরে যায়। বিমানটিতে ১২১ জন যাত্রী ছিল। যাত্রীদের ভাগ্যে কি ঘটেছে তা এখনও জানা যায়নি। —এ পি

চন্দননগরের মেয়র, ডেপুটি মেয়র নির্বাচিত

নিজস্ব সংবাদদাতা

চন্দননগর, ৬ সেপটেমবর— প্রাক্তন সি পি এম এম এল এ শ্রীভবানী মুখার্জি এবং সি পি এম নেতা শ্রীরবীন্দ্র দাস আজ চন্দননগর পৌর করপোরেশনের যথাক্রমে মেয়র ও ডেপুটি মেয়র নির্বাচিত হয়েছেন। কাউনসিলার ও অলডারম্যানদের আজকের প্রথম সভায় সভাপতিত্ব করেন চন্দননগরের সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট শ্রীশ্যামল বসু।

SALE এর শেষ ৬ দিন
* * * *
আজই কিনুন
হলালক
● কলেজ স্ট্রীট (YMCA বিল্ডিং)
● ৪৫সি, গ্রে স্ট্রীট
● ৫২।১।১, কলেজ স্ট্রীট

HMV
রেকর্ড প্লেয়ার
ক্যালিপসো ১৭৫৲
ফিয়েস্টা ৩০০৲
সফরী রেডিওগ্রাম ৪৯০৲
কর অতিরিক্ত
নগদ বা কিস্তিতে
Ashoka
63, Canning Street,
Calcutta-1, Phone : 343844
Branch
173/3, Bidhan Sarani, Cal-6
11, Jagannath Tewari Road,
Dum Dum Cantonment, Cal-28.

পাঞ্জাব স্টেট লটারীজ

বিরাট খেলা (প্রথম পুরস্কার : ২১,০০,০০০৲ টাকা)
প্রাত্যহিক খেলার ফলাফল : ৬ সেপ্টেম্বর, ১৯৭১
(৩ সেপ্টেম্বর, '৭১ পর্যন্ত বিক্রয়ের জন্য)
একটি প্রথম পুরস্কার ৫০০০৲ টাকা F-220620
দুইটি দ্বিতীয় পুরস্কার প্রত্যেকটি ৫০০৲ টাকা G-236070 B-456515
চল্লিশটি তৃতীয় পুরস্কার প্রত্যেকটি ৫০৲ টাকা

I-019107	C-116885	A-499277	E-003320	E-206922	E-017292	F-209782
F-252473	E-377637	C-130050	I-216965	F-217276	A-413678	G-027773
E-115637	C-311586	E-166690	B-121243	A-102263	A-102262	D-209051
D-002463	C-109867	F-008908	C-201538	C-114201	G-027240	D-000668
F-113122	D-202166	C-214291	E-310068	C-107322	C-016783	D-044182
F-126983	B-097670	A-113773	C-168600	E-385607	F-009188	

বিঃ দ্রঃ—নম্বর ভুল মুদ্রণের জন্য এই ডিরেক্টরেট দায়ী নহেন।
ডিরেক্টর, পাঞ্জাব স্টেট লটারীজ, চণ্ডীগড়।

আপনার আয় বাড়াতে পারেন
আপনি হয়ত একজন টাইপিস্ট, অথবা অল্প বেতনের কেরানী কিংবা সম্পূর্ণ বেকার—
IBM AUTOMATIC PUNCHING MACHINE এ
৫ সপ্তাহের মধ্যে KEY PUNCHING শিক্ষা করে আপনি বেশ ভাল রোজগার করতে পারেন।
ফি—২০০ টাকা (আপনার সুবিধামত সময়ে)
বিস্তারিত বিবরণের জন্য যোগাযোগ করুন :—
INSTITUTE OF COMPUTER EDUCATION
DABRIWALA HOUSE, 1ST FLOOR,
10, Middleton Row Calcutta-16, Phone : 24-0333
(৮৯৩৪ এ)

মাইনস অ্যাক্ট, ১৯৫২

দ্বিতীয় শ্রেণীর কোল মাইন ম্যানেজারস সার্টিফিকেট অব কম্পিটেন্সীর জন্য পরীক্ষা

(১৯৫৭ সালের কোল মাইনস রেগুলেশনস অনুযায়ী)

১৯৭১ সালের ৬ই, ৭ই এবং ৮ই ডিসেম্বর তারিখে ধানবাদ ও নাগপুরে (প্রকৃত স্থান অনুমোদিত প্রার্থীদিগকে ইস্যু করা অনুমতিপত্রে যথাসময়ে জানাইয়া দেওয়া হইবে) উপরোক্ত সার্টিফিকেটের জন্য পরীক্ষা অনুষ্ঠিত হইবে। ফী ৩০৲ টাকা (ত্রিশ টাকা মাত্র)। পরীক্ষা সম্পর্কে বিবরণ এবং নির্ধারিত দরখাস্ত ফরম চেয়ারম্যান, বোর্ড অব (কোল) মাইনিং একজামিনেশনস এবং ডিরেক্টর-জেনারেল অব মাইনস সেফটি, ধানবাদ, পূঃ রেলওয়ে-এর অফিসে পাওয়া যাইবে।

২। যে সব ব্যক্তির ১৯৫৭ সালের কোল মাইনস রেগুলেশনস-এর ১৬ রেগুলেশন অনুযায়ী নির্ধারিত মত মাইনসে ব্যবহারিক ট্রেনিং নাই অথবা যাঁহাদের বৈধ ফার্স্ট এইড সার্টিফিকেট, সর্দারস এবং গ্যাস টেস্টিং সার্টিফিকেট নাই, তাঁহাদের আবেদন করার প্রয়োজন নাই। ফার্স্ট এইড সার্টিফিকেটের বৈধতার মেয়াদ এমন তারিখ পর্যন্ত সম্প্রসারিত হওয়া চাই, যাহা পরীক্ষার তারিখের পূর্বে নহে। ১৯৭১ সালের ৫ই নভেম্বর পর্যন্ত কেবল ব্যবহারিক অভিজ্ঞতা অনুমোদিত হইবে।

৩। ১৯৭০ সালের ৯ই মে তারিখের ইণ্ডিয়া গেজেটে (পার্ট ৩ সেকশন ৪) প্রকাশিত ১৯৭০ সালের ২০শে এপ্রিল তারিখের বিজ্ঞপ্তি নং বোর্ড/কোল/৭১৮৩/৭০ দ্রষ্টব্য। ১৯৫৭ সালের কোল মাইনস রেগুলেশনস-এর ১৬(১) রেগুলেশনের প্রোভাইসো অধীন কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত মাইনিং এঞ্জিনীয়ারীংয়ে যে সব প্রার্থীর ডিগ্রী বা ডিপ্লোমা আছে, তাঁহাদিগকে উপরোক্ত সার্টিফিকেট মঞ্জুরের জন্য পরীক্ষায় কেবল দুইটি বিষয়ে যথা : (১) উইনিং ও ওয়ার্কিং এবং (২) মাইনিং ম্যানেজমেণ্ট, লেজিসলেশন এবং জেনারেল সেফটি বিষয়ে পরীক্ষা দিতে হইবে এবং অন্যান্য বিষয়ে পরীক্ষা দেওয়া হইতে তাঁহাদিগকে রেহাই দেওয়া হইবে; তবে যদি তাঁহারা ইচ্ছা করেন, তবে তাঁহারা ঐ সব পেপারে পরীক্ষা দিতে পারেন। ঐরূপ প্রার্থীদিগকে দরখাস্তের সঙ্গে মূল ডিগ্রী বা ডিপ্লোমা পাঠাইতে হইবে এবং ঐরূপ রেহাইয়ের সুযোগ গ্রহণ করিতে তাঁহারা ইচ্ছুক কিনা, তাহাও নিশ্চিতরূপে উল্লেখ করিতে হইবে।

৪। পরীক্ষা কেন্দ্রের নাম ও (অর্থাৎ ধানবাদ বা নাগপুর) প্রার্থীকে দরখাস্তে উল্লেখ করিতে হইবে।

৫। সর্বদিক দিয়া সম্পূর্ণ নির্ধারিত ফরমে দরখাস্ত ১৯৭১ সালের ৫ই অক্টোবর বা তৎপূর্বে চেয়ারম্যানের অফিস, বোর্ড অব (কোল) মাইনিং একজামিনেশনস এবং ডিরেক্টর জেনারেল অব মাইনস সেফটি, ধানবাদ, পূঃ রেলওয়ে ঠিকানায় অবশ্যই পৌঁছান চাই। অসম্পূর্ণ দরখাস্ত এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত দরখাস্ত প্রার্থীকে কোন কিছু না জানাইয়াই অগ্রাহ্য করা হইবে।

ডি এ ভি পি ৬৯১(১৪)/৭১

ইণ্ডিয়ান পোস্টস অ্যাণ্ড টেলিগ্রাফস ডিপার্টমেণ্ট

অফিস অব দি জেনারেল ম্যানেজার : ক্যালকাটা টেলিফোনস

তফসিলি উপজাতির প্রার্থীদের জন্য বিশেষ রিক্রুটমেণ্ট।

ইণ্টারমিডিয়েট সায়েন্স অথবা রিক্রুটমেণ্ট রুলসে নির্ধারিতমতো কোন সমতুল পরীক্ষায় প্রার্থিগণ কর্তৃক প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ক্যালকাটা টেলিফোনস-এ ১৫০—৫—১৬০—৮—২৪০—যোঃ বাঃ—৮—২৮০—১০—৩০০৲ টাকা বেতনক্রমে অটো এক্সচেঞ্জ অ্যাসিস্টেণ্ট এবং টেলিফোন ইনসপেক্টর হিসাবে নিয়োগের জন্য কেবল তফসিলি উপজাতির প্রার্থীদিগের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

নির্ধারিত বয়স ও শিক্ষাগত যোগ্যতা নিম্নে প্রদত্ত হইল :

১। বয়স : প্রার্থীর বয়স ১-৭-৭১ তারিখে অবশ্যই ১৮ হইতে ২৯ বৎসরের মধ্যে হওয়া চাই।

অবশ্য প্রকাশ থাকে যে, নিম্নোক্ত পর্যায়ের প্রার্থীদের সম্পর্কে সাময়িকভাবে বলবৎ এতদ্বিষয়ে ভারত সরকারের মিনিস্ট্রি অব হোম অ্যাফেয়ার্সের অর্ডার অনুসারে এবং তাহাতে নির্দেশিত সময়ের জন্য উচ্চতর বয়ঃসীমা পুনরায় শিথিলযোগ্য।

(১) বৃত্তিচ্যুত স্বর্ণশিল্পী
(২) ১-১-৬৪ তারিখ বা তাহার পর পূর্ব পাকিস্তান হইতে ভারতে আগত উদ্বাস্তু
(৩) ব্রহ্মদেশ, সিংহল ও পূর্ব আফ্রিকার দেশগুলি হইতে প্রত্যাগত ব্যক্তিগণ
(৪) প্রাক্তন যুদ্ধচাকুরিয়া।

২। শিক্ষাগত যোগ্যতা : প্রার্থীকে অবশ্যই পাঠ্যবিষয় হিসাবে পদার্থবিদ্যা ও গণিত লইয়া ইণ্টারমিডিয়েট পরীক্ষা উত্তীর্ণ হইয়া থাকা চাই অথবা পাঠ্যবিষয় হিসাবে পদার্থবিদ্যা ও গণিত লইয়া তিন-বৎসর ডিগ্রী কোর্সের প্রথম বর্ষ সাফল্য সহকারে সম্পূর্ণ করিয়া থাকা চাই অথবা কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত এঞ্জিনীয়ারিং-এর একটি ডিপ্লোমা থাকা চাই অথবা পাঠ্যবিষয় হিসাবে পদার্থবিদ্যা ও গণিত লইয়া প্রি-এঞ্জিনীয়ারিং কোর্স সাফল্যসহকারে সমাপ্ত করিয়া থাকা চাই।

৩। যোগ্যতা : প্রার্থীকে অবশ্যই ভারতের নাগরিক অথবা সিকিম, নেপাল বা ভূটানের প্রজা অথবা ভারতে স্থায়ীভাবে বসবাসেচ্ছায় পাকিস্তান হইতে আগত ভারতীয় পিতামাতার সন্তান অথবা ভারতে স্থায়ীভাবে বসবাসেচ্ছায় ১-১-১৯৬২ তারিখের আগে ভারতে আগত তিব্বতী উদ্বাস্তু হইতে হইবে।

৪। মনোনয়ন : আই এস-সি অথবা সমতুল পরীক্ষায় প্রার্থী কর্তৃক প্রাপ্ত নম্বরের ভিত্তিতে কড়াকড়িভাবে মনোনয়ন করা হইবে। যে প্রার্থী তিন বৎসরের ডিগ্রী কোর্সের প্রথম বর্ষ সাফল্যসহকারে সমাপ্ত করিয়াছেন কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃক যদি প্রথম বার্ষিক পরীক্ষা গৃহীত না হইয়া থাকে তাহা হইলে তাঁহার ক্ষেত্রে হায়ার সেকেণ্ডারি বা কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত সমতুল পরীক্ষায় তিনি যে নম্বর পাইয়াছেন তাহা তাঁহার মেধা বিচার করা সম্পর্কে ধরা হইবে। উপরোক্ত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সহিত উচ্চতর শিক্ষাগত যোগ্যতা ও খেলাধুলার যোগ্যতার (যদি কিছু থাকে) জন্য বোনাস নম্বর যুক্ত হইবে। এঞ্জিনীয়ারিং-এর ডিগ্রীর জন্য বোনাস নম্বর প্রদেয় হইবে না।

৫। শূন্যপদ : দুইটি ক্যাডারে এই রিক্রুটমেণ্ট মারফৎ যে শূন্যপদগুলি পূরণ করা হইবে উহার সংখ্যা নিম্নে উল্লিখিত হইল :

ক্যাডার	
অটো এক্সচেঞ্জ অ্যাসিস্ট্যাণ্ট	— ১৫
টেলিফোন ইনসপেক্টর	— ২২

ট্রেনিং : দুইটি ক্যাডারে নিয়োগের জন্য মনোনীত সকল প্রার্থীকে নিম্নবর্ণিত মত সময়ের জন্য ট্রেনিং কোর্স লইতে হইবে :

ক্যাডার	পুঁথিগত ট্রেনিং-এর সময়	ব্যবহারিক ট্রেনিং-এর সময়
অটো এক্সচেঞ্জ অ্যাসিস্টেণ্ট	১০ মাস	২ মাস
টেলিফোন ইন্সপেক্টর	৬ মাস	৩ মাস

ট্রেনিং-এর কালে তাঁহারা মাসিক ১০০৲ টাকার ভাতা পাইবেন।

নির্ধারিত দরখাস্ত ফী টাঃ ১·২৫ পঃ আদায় দিয়া ৬ অক্টোবর, ১৯৭১ হইতে ১৩ অক্টোবর, ১৯৭১ তারিখ পর্যন্ত যে কোন কাজের দিন বেলা ১২টা ও বেলা ৩টার মধ্যে জেনারেল ম্যানেজার, ক্যালকাটা টেলিফোনস, টেলিফোন ভবন কলিকাতা-১ নিকট দরখাস্তের ফরম ও অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র পাওয়া যাইবে। দরখাস্ত ফী প্রথমে পোস্ট অফিসে আদায় দিতে হইবে এবং উহার পর দরখাস্ত ফরম ইত্যাদি পাওয়ার জন্য পোস্টাল রসিদ দেখাইতে হইবে। মনি-অর্ডারযোগে, পোস্টাল অর্ডার বা চেকে ফী গ্রাহ্য হইবে না।

প্রয়োজনীয় সমস্ত কাগজপত্র সহ দরখাস্ত অবশ্যই ২৬ অক্টোবর, '৭১ তারিখের মধ্যে ক্যালকাটা টেলিফোনসের জেনারেল ম্যানেজারের অফিসে পৌঁছা চাই।

জেনারেল ম্যানেজার
ক্যালকাটা টেলিফোনস
তারিখ, কলিকাতা, ২-৯-৭১
নং এস এএ—২০৩০/১২ (৯০৭৯)

পাবলিক নোটিস

হাওড়া জেলা শাসকের অফিস

মোটর ভিহিকল বিভাগ

বিজ্ঞপ্তি

যেহেতু হাওড়া রেজিষ্ট্রি রেজিসটারিং অথরিটি নিম্নোক্ত রেজিস্ট্রেশন নম্বরযুক্ত যথা :—

(ক) প্রাইভেট কার		(খ) মোটর সাইকেল	
ডবলিউ বি এ	৪৫৬৯	ডবলিউ বি এম	৫১৩৩
" "	৮১৮	" " "	৮০২৫
" বি সি	৩৫৮৪	" " "	৮২০১
" " বি	২৬৩৩	" " "	৫৩০২
" " "	১৩৭৭	" " "	১২৩৩
" " "	৮২৭৯	" " "	৯৫০
ডবলিউ বি ডি	২৪৫	ডবলিউ বি এন	৬২৯৭
" বি ই	৫৩৬৮	" " "	৪৭১০
" বি এফ	৭৮৫২	" " "	৩৫৩৫
" " "	৩২৭৩	" " "	৫৫২১
" " "	৯৮৫৭	" " "	৪৮৫৪
" " "	৪০৬৩	" " "	৮৪১৮
" বি জি	৫৩৯৯	" " "	৮৭৬২
" বি পি	২৬২৫	" " "	১৬২০
" বি এইচ	২৭৮২	ডবলিউ জি জে	৬৩৬১
" জি কে	৯৫০	" " "	৩০১৬
" জি জে	৩৬৯৩	" জি কে	১৪৯২
বি আর টি	৬১১৮	" জি ও	১১৬
		" বি পি	২৩০৯
		এম ওয়াই বি	৭৭১৪

মোটর ভেহিকলের মালিকানা হস্তান্তরের দরখাস্ত পাইয়াছেন এবং এই রেজিস্টারিং অথরিটি প্রস্তাবিত হস্তান্তর সম্পর্কে জনসাধারণের নিকট একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা প্রয়োজন মনে করে। সেই হেতু এক্ষণে উল্লিখিত গাড়িগুলির যে কোন একটির হস্তান্তর সম্পর্কে কোন আপত্তি থাকিলে তাহা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে সাত দিনের মধ্যে দাখিল করিবার আহ্বান জানানো হইতেছে। উক্ত আপত্তি যে কোন কাজের দিন (ঐ সময়ের মধ্যে) বেলা ১১টা হইতে বৈকাল ৪টার মধ্যে স্বয়ং অথবা কোন উকিল মারফত নিম্ন-স্বাক্ষরকারীর নিকট পেশ করিতে হইবে। আপত্তির দরখাস্ত তিন প্রস্থে দিতে হইবে; উহাতে বিশদভাবে আপত্তির হেতুসমূহ থাকা চাই এবং আপত্তির যাথার্থ্য প্রমাণের জন্য উহার সঙ্গে প্রামাণিক কাগজপত্র (যে ক্ষেত্রে পাওয়া যাইবে) থাকা চাই। উক্ত নির্ধারিত সময়ের মধ্যে কোন আপত্তি পেশ করা না হইলে আর কোন বিজ্ঞপ্তি না দিয়াই মালিকানার হস্তান্তর অনুমোদন করা হইবে।

স্বাঃ এ কে দাশগুপ্ত
রেজিস্টারিং অথরিটি
হাওড়া
হাওড়া,
তারিখ—৩১-৮-৭১
৩৫০৬(৫) আই পি আর/এ/৭১ (৯০৩৮)

অরণ্যদেব / লী ফক ও সীমুর ব্যারী রচিত

বঙ্গ সংস্কৃতি সম্মেলন

মঙ্গলবার সমাপ্তি দিবসের অনুষ্ঠান
সাড়ে পাঁচটায়—মহাজাতি সদনে

রজনীকান্তের গান : ইলা মুখোপাধ্যায়,
দ্বিজেন্দ্র-গীতি : রবীন বন্দ্যোপাধ্যায়
সত্য গুপ্ত, গীতা মাইতি, শিখা বসু।
গুণীজন সংবর্ধনা : ক্ষীরোদ নট্ট।
সভাপতি : অশোককুমার সরকার।
লোকসংগীত : নির্মলেন্দু চৌধুরী
নাটক : মালাদান।
পরিবেশন : রূপকার।
পরিচালনা : সবিতাব্রত দত্ত।

বেতার বার্তা

মঙ্গলবার—৭ সেপটেম্বর

১ম অধিঃ—(৪৪৭.৮ মীঃ) ৬-০০ সময় সংকেত, বন্দেমাতরম্; ৬-০৫ সুভাষিত; ৬-১০ সংগীতাঞ্জলি; ৬-৩০ সুবন্ধ সংগীত—খেয়াল—পি এন বার্ভে; ৬-৪৫ দেশবন্দনা; ৬-৫৫ অমল মুখোঃ—গীটার, ইং সং; ৭-০৪ অমল মুখোঃ—গীটার; ৭-১০ আবহবার্তা ও অনুষ্ঠান পরিচিতি (বাং ও ইং); ৭-১৫ মায়া রায়—শ্যামাসংগীত, বাং সং; ৭-৩৫ স্থানীয় সংবাদ (বাং); ৭-৪০ সুমিত্রা সেন—রবীন্দ্রসংগীত; ৮-০০ বিষ্ণুপদ দাস—লোকগীতি; ৮-১৫ ধীরেন্দ্রচন্দ্র মিত্র—নজরুলগীতি; ৮-৩০ চিত্তরঞ্জন ভট্টাঃ—সেতার; ৯-০০ বাংলা সংবাদ; ৯-০৫ রবীন্দ্রসংগীত; ৯-১৫ আধুনিক; ৯-৩০ বিচিত্রা : বাংলা রূপক; ৯-৪৫ শ্রীপর্ণা ভট্টাঃ—রবীন্দ্রসংগীত; ১০-০০ অবকাশ-রঞ্জন, সং; ১০-০৪ হিমাংশু বিশ্বাস—বাঁশী; ১০-৩০ ধীরেন্দ্রচন্দ্র মিত্র—খেয়াল; ১১-০০ সমাপ্তি। **২য় অধিঃ**—১২-৩০ সময় সংকেত, রবীন্দ্রসংগীত; ১-০০ পি এন বার্ভে—খেয়াল; ১-৪০ সুগম সংগীত—ইরা নিগম, মান্না দে, বমন মানসিং; ১-৫০ অমল মুখো—গীটার; ২-০০ বিচিত্রিতা; ২-২৬ আবহবার্তা (ইং ও বাং); ২-৩০ বিদ্যার্থীদের জন্য (সপ্তম শ্রেণী); ২-৫০ অমল মুখো—গীটার; ৩-০০ রম্যগীতি; ৩-৩০ সমাপ্তি। **৩য় অধিঃ**—৫-০০ সময় সংকেত, চিত্তরঞ্জন ভট্টাঃ—সেতার; ৫-৩০ আরতি সরকার—আধুনিক; ৫-৪৫ আলো রায়—পদাবলী কীর্তন; ৬-০০ স্থানীয় ঘোষণা ও আবহবার্তা (বাং ও ইং); ৬-১০ মজদুর-মণ্ডলী; ৬-৩০ ছোটদের আসর; ৬-৫৫ পল্লী বেতারগোষ্ঠীর অনুষ্ঠান, সং; ৭-৩৫ খেলাধুলা প্রসংগে; ৭-৪০ স্থানীয় সংবাদ (বাং); ৭-৫০ পুষ্পেন সান্যাল—শ্যামাসংগীত; ৮-০০ সাময়িক প্রসংগ/সংগীত; ৮-১৫ চলচ্চিত্র পর্যালোচনা—সেবাব্রত গুপ্ত; ৮-৩০ সুপ্রকাশ চাকী—আধুনিক; ৮-৪৫ শ্রীপর্ণা ভট্টাঃ—রবীন্দ্র-সংগীত; ৯-০০ হিমাংশু বিশ্বাস—বাঁশী; ৯-৩০ সুপ্রকাশ চাকী—আধুনিক; ৯-৪৫ মায়া রায়—রাগপ্রধান; ১০-০০ সংবাদ পরিক্রমা; ১০-০৫ বাংলা সংবাদ; ১০-১৫ বিষ্ণুপদ দাস—লোকগীতি; ১০-৩০ সুমিত্রা সেন—রবীন্দ্র-সংগীত; ১০-৪৫ ধীরেন্দ্রচন্দ্র মিত্র—পদাবলী কীর্তন; ১১-০০ আবহবার্তা ও সমাপ্তি।

খ : (৩০০ মীঃ) ১ম অধিঃ—৯-০০ হিন্দী শিক্ষা; ৯-১৫ সমাপ্তি। **২য় অধিঃ**—১-০০ হাইলাইটস্ অব ওয়েস্টার্ন মিউজিক; ১-০৪ লাঞ্চ টাইম ভ্যারাইটি : পপ্ সংগীত; ২-১০ পাশ্চাত্য সংগীত; ২-৩০ মন্থর গতিতে ইংরেজী সংবাদ; ৩-০০ সমাপ্তি। **৩য় অধিঃ**—৮-০০ হিন্দী কার্যক্রম; ৮-১৫ বেতার সংবাদ বিচিত্রা (ইং) (দিল্লী থেকে); ৮-২৫ আলি বক্স—সারেংগী; ৮-৩০ ধীরেন্দ্রচন্দ্র মিত্র—ঠুংরী; ৮-৪৫ হিন্দী সংবাদ; ৯-১৫ উল্লেখ্য অনুষ্ঠান (দিল্লী থেকে); ৯-২৫ অবকাশরঞ্জন; ৯-৩০ ফর দি ইউনিভারসিটিজ; ৯-৪৫ কে সি সেনস্ পপ্ রিভিউ; ১০-৩০ আবহবার্তা ও সমাপ্তি।

বিবিধ ভারতী অনুষ্ঠান : (২২৭.৩ মীঃ) (সকাল ৭টা—৯-৩০ মিঃ; বেলা ১০-১৫ মিঃ—১২-৩০ মিঃ; দুপুর ২টা—রাত ১১-৩০ মিঃ)।

পূর্বাঞ্চলীয় শ্রোতাদের জন্য বিশেষ অনুষ্ঠান : (৫০৮.৫ মীঃ) ১ম অধিঃ—৫-৩০ সময় সংকেত, বন্দেমাতরম্ ; দেশগান; ৫-৪৫ কেচু চক্রঃ—লোকগীতি, সং; ৬-০৫ সুতপা দাশগুপ্ত—রবীন্দ্র-সংগীত; ৬-২০ বাংলা সংবাদ; ৬-৩০ সমাপ্তি। **২য় অধিঃ**—৮-০০ হিন্দী সংবাদ; ৮-২০ বাংলা সংবাদ (৭-২৫ মিনিটে প্রচারিত সংবাদের পুনরাবৃত্তি); ৮-৩০ সংবাদ পর্যালোচনা; ৮-৩৫ বাংলা কথিকা; ৮-৪৫ নজরুলগীতি; ৯-০০ কলিকাতা ক-এর অনুরূপ; ১০-০০ সমাপ্তি। **৩য় অধিঃ**—(২৬৫.৫ মীঃ) ৫-০০ সময় সংকেত, হিন্দী সংবাদ; ৫-০৫ কেচু চক্রঃ—লোকগীতি; ৫-১৫ সুতপা দাশগুপ্ত—রবীন্দ্রসংগীত; ৫-৩০ পুষ্পেন সান্যাল—আধুনিক; ৫-৪৫ নজরুলগীতি; ৬-০০ বিশেষ ঘোষণা; ৬-০৫ অমল মুখোঃ—গীটার; ৬-১০ হিমাংশু বিশ্বাস—বাঁশী; ৬-৩০ ধীরেন্দ্র-চন্দ্র মিত্র—খেয়াল; ৬-৪৫ ত্রিপুরার জন্য অনুষ্ঠান; ৭-০০ হিন্দী সংবাদ; ৭-০৫ আরতি সরকার—আধুনিক; ৭-১৫ বাণিজ্যবার্তা (ইং ও বাং); ৭-৩০ পদাবলী কীর্তন; ৭-৪৫ সঞ্জিদা খাতুন—রবীন্দ্রসংগীত; ৮-০০ হিন্দী সংবাদ; ৮-০৫ দেশগান; ৮-১৫ নারায়ণচন্দ্র দাস—লোকগীতি; ৮-৩০ উর্দু অনুষ্ঠান; ৮-৪৫ বাংলা কথিকা, সং; ৯-১৫ উল্লেখ্য অনুষ্ঠান (দিল্লী থেকে); ৯-২৫ অবকাশ-রঞ্জন; ৯-৩০ বাংলা কথিকা; ৯-৪০ দেশগান; ৯-৪৫ কলিকাতা ক-এর অনুরূপ; ১০-০০ সংবাদ পরিক্রমা, সং; ১০-১৫ কলিকাতা ক-এর অনুরূপ; ১০-৩০ চিত্তরঞ্জন ভট্টাঃ—সেতার; ১১-০০ সমাপ্তি।

যুববাণী (৩০০ মীঃ) ১ম অধিঃ—৭-০০ সময় সংকেত, বন্দেমাতরম্; আলোর গান : জয়ন্তী সেন—রবীন্দ্র-সংগীত; ৭-০৫ দিনের আলোয় : রবীন্দ্র-নাথের লেখা থেকে পাঠ—স্বপনকুমার দত্ত; ৭-১০ রাগরঙ : পার্থ আনন্দমোহন চট্টোঃ—বেহালা; ৭-৩০ যুববাণী : (অনুষ্ঠান পরিচিতি); ৭-৩৫ সুরের আলো : চপল বন্দ্যোঃ—গীটার; ৭-৪০ নানারঙের গান : কৃষ্ণকলি রায়চৌধুরী—নজরুলগীতি ও কীর্তন, কাকলী বিন্দু—অতুলপ্রসাদের গান এবং মঞ্জু ভট্টাঃ—শ্যামাসংগীত; ৮-০০ এই সত্তরের দশকে : বাংলা কথিকা;; ৮-০৫ শ্রুতিতরংগ : চপল বন্দ্যোঃ—গীটার; ৮-১০ গীতাঞ্জলি : জয়ন্তী সেন—রবীন্দ্রসংগীত; ৮-২০ সুরলহরী : পার্থ আনন্দমোহন চট্টোঃ—বেহালা (রবীন্দ্রসংগীতের সুরে); ৮-২৫ দিগন্তের গান : মুরারি বসু—আধুনিক, সং; ৮-৪০ সুরকল্লোল : চপল বন্দ্যোঃ—গীটার; ৮-৪৫ সিনেমার গান। **৩য় অধিঃ**—৫-০০ সময় সংকেত, আজ ও কালকের যুববাণী; ৫-০৫ মেঠোসুর : কৃষ্ণকলি রায়চৌধুরী—লোকগীতি; ৫-১৫ তরুণ-কণ্ঠে; ৫-২৫ শ্রুতিতরংগ : চপল বন্দ্যোঃ—গীটার, সং; ৫-৩৫ দেউল : কাকলী বিন্দু—ভজন; ৫-৪৫ সুরধ্বনি : চপল বন্দ্যোঃ—গীটার; ৫-৫০ কবির সুরে গান : মঞ্জু ভট্টাঃ—রবীন্দ্র-সংগীত, সং; ৬-০৫ ফোক ফেভারিটিজ : সংযোজনা—আয়ান খাকারিয়া; ৬-৩০ কৈশোর পেরিয়ে : বাংলা কথিকা; ৬-৪০ গীতি-বিচিত্রা : কাকলী বিন্দু—অতুলপ্রসাদের গান এবং মুরারি বসু—আধুনিক; ৬-৫০ রাগরঙ : পার্থ আনন্দমোহন চট্টোঃ—বেহালা; ৭-১০ এই মুহূর্তে সাহিত্য; ৭-৩০ গানের বৈঠক : জয়ন্তী সেন—রবীন্দ্রসংগীত, কৃষ্ণকলি রায়চৌধুরী—অতুলপ্রসাদের গান ও গজল, মঞ্জু ভট্টাঃ—নজরুলগীতি ও শ্যামাসংগীত এবং মুরারি বসু—আধুনিক।

দিনপঞ্জিকা

আজ তৃতীয়া

দৃক্‌সিদ্ধ পঞ্জিকা মতে—
মংগলবার, ২১ ভাদ্র, ১৩৭৮ (১৬ ভাদ্র, ১৮৯৩ শক), ৭ সেপটেম্বর, ১৯৭১, ১৬ রজব। তৃতীয়া ... ১০।৪২ মিঃ পর্যন্ত। উত্তরভাদ্র... প্রাতঃ ঘঃ ৬।১৮ মিঃ পর্যন্ত পরে রেবতী নক্ষত্র রাত্রি ঘঃ ৩।৩৫ মিঃ পর্যন্ত। ঘঃ ৫।২৪।২১ সেঃ গতে সূর্যোদয় এবং ৫।৪৫।৩৩ সেঃ গতে সূর্যাস্ত। যাত্রা—নাস্তি সিদ্ধিযোগ ও নক্ষত্রামৃতযোগ বিষ-যোগদোষ। মুখ্যচান্দ্র ভাদ্র গৌণ আশ্বিন (কৃষ্ণপক্ষ)।

অন্য পঞ্জিকা মতে—
মংগলবার, ২১ ভাদ্র, ১৩৭৮ (১৬ ভাদ্র, ১৮৯৩ শক), ৭ সেপটেম্বর, ১৯৭১, ১৬ রজব। তৃতীয়া রাত্রি ঘঃ ২।৪০।২৯ সেঃ পর্যন্ত। উত্তরভাদ্রপদ নক্ষত্র দিবা ঘঃ ১০।৩।৪৪ সেঃ পর্যন্ত। ঘঃ ৫।২২।৫৬ সেঃ গতে সূর্যোদয় এবং ৫।৪৬।৫৬ সেঃ গতে সূর্যাস্ত। যাত্রা—নাস্তি সিদ্ধিযোগ ও নক্ষত্রামৃতযোগ বিষ-যোগদোষ। মুখ্যচান্দ্র ভাদ্র গৌণ আশ্বিন (কৃষ্ণপক্ষ)।

গঙ্গার জোয়ার ভাঁটা

	দিবা জোয়ার	রাত্রি আরম্ভ	দিবা ভাঁটা	রাত্রি আরম্ভ
মঙ্গলবার	১২-১৫	১২-৩৩	৪-৪১	৪-৩৬

অতীতের পৃষ্ঠা থেকে

আনন্দ বাজার পত্রিকা

[শুক্রবার ২১শে ভাদ্র ১৩৪১ ইং ৭-৯-৩৪]

আয়র্লণ্ডের প্রতি কবির বাণী

আয়র্লণ্ডের 'সোসাইটি অব ফ্রেণ্ডসের' নিকট রবীন্দ্রনাথ নিম্নলিখিত বাণী প্রেরণ করিয়াছেন—অধ্যাত্ম-তত্ত্ব স্বর্গরাজ্যের জন্য প্রথম রাখিয়া এবং পার্থিব ভূমিকে তাহার প্রভাব হইতে বঞ্চিত করিয়া রাজনীতি ক্ষেত্রে কিংবা আমাদের বাস্তব জীবনে যে উচ্চতর আদর্শের প্রয়োজন আছে, মানুষ এ পর্যন্ত গুরুত্বের সহিত এই সত্যকে কখনও স্বীকার করিয়া লয় নাই। এই জনাই ব্যক্তির সহিত ব্যক্তির যখন বিরোধ ঘটে, তখন সেক্ষেত্রে হিংসাকে শুধু যে নিরুৎসাহিত করা হয়, ইহাই নয়, হিংসা-চারণকে সেক্ষেত্রে দণ্ডিত করা হয়;—কিন্তু সেই বিরোধ যখন ঘটে জাতির সঙ্গে জাতির, তখন বর্ব্বরতা নিন্দিত হয় না। শুধু ইহাই নয়, সেক্ষেত্রে বর্ব্বর আচরণ প্রশংসিত হইয়া থাকে। মানবের ইতিহাসে সভ্যতার প্রথম বিকাশের কাল হইতে বুদ্ধ অথবা খৃষ্টের ন্যায় মহত্তম মানবগণ অহিংসার আদর্শকে প্রতিষ্ঠিত করিতে চেষ্টা করিয়াছেন। তাঁহারা প্রেম লইয়া তাঁহাদের যাঁহারা শত্রুতা-চরণ করিয়াছেন, তাঁহাদেরও সম্মুখীন হইতে ভীত হন নাই। আক্রোশের পরিবর্তে তাঁহারা অত্যাচারকে অগ্রাহ্য করিয়াছেন, কিন্তু তাঁহারা আমাদিগকে যে দায়িত্ব দান করিতে চাহিয়াছেন, আমরা এখনও তাহা লইতে চাহিতেছি না।...



SHARP *is where the fun is...*
Pioneers of CASSETTE TAPE RECORDERS in India now Introduce De-Luxe Model CTR-901. A faithful companion indoor and outdoor. So neat—So compact operates on torch batteries and AC Mains with high-fidelity sound.

ডিস্ট্রিবিউটর্স : লেখরাজ জাসুমল অ্যাণ্ড সন্স, ১১৩-এফ, ব্রিগেড রোড, ব্যাংগালোর—১ * ১২১২-এ, প্রসাদ চেম্বার্স, স্বদেশী মিলস কম্পাউণ্ড, অপেরা হাউস, বোম্বে—৪।

টেবিলাইজ্‌ড®
সুতীর কাপড় কিনলে আপনার তিন রকম লাভ

১ পরীক্ষা করা হয়েছে—ভাঁজ পড়ে না
২ ইস্ত্রির দরকার হয় খুব কম
৩ অনেক দিন দেখতে বেশ সুন্দর থাকে

চরম আরামের জন্যে সুতীর কাপড়...সেরা কাপড়ের জন্যে—টেবিলাইজ্‌ড...সুতীর কাপড়ের ওপর টেবিলাইজ্‌ড ট্রেডমার্ক দেখলেই নিশ্চিত জানবেন, দোকানে আপনি যেমন দেখেছেন, যতদিন টিঁকবে, সেগুলি ঠিক সেই রকমই সব সময় সুন্দর আর আরামদায়ক থাকবে।

সারা দুনিয়ার বড় বড় কাপড়ের কলগুলি টেবিলাইজ্‌ড ট্রেডমার্কটি বেশ গর্বের সঙ্গেই ব্যবহার করেন। ভারতে অরবিন্দ মিল্‌স, বম্বে ডাইং, মফতলাল গ্রুপ, সারাংপুর গ্রুপ, শ্রী অম্বিকা গ্রুপ, থ্যাকারসে গ্রুপ—এঁদের সমস্ত উৎকৃষ্ট কাপড়ে দেখতে পাবেন টেবিলাইজ্‌ড ট্রেডমার্ক।

সেরা সুতীর কাপড় হ'লো
টেবিলাইজ্‌ড®
সুতীর কাপড়

TESTED CREASE RESISTANCE · TEBILIZED® · MINIMUM IRONING · DURABLE GOOD LOOKS

Ⓡরেজিষ্টার্ড ট্রেডমার্ক'এর স্বত্বাধিকারী
মেট্টুর বিয়ার্ডসেল লিঃ, পোষ্ট বক্স নং ৭, মাদ্রাজ-১।

Sista's-MBT 3 Ben

এ, সি, সি
সিমেন্ট

প্রয়োজন হলে যোগাযোগ করুন
অনুমোদিত এ, সি, সি সিমেন্ট বিক্রেতা
স্যানিটারী এণ্ড প্লাম্বিং ষ্টোর্স প্রাইভেট লিমিটেড
১৪৬, এস, পি, মুখার্জী রোড,
কলিকাতা-২৬
ফোন : ৪৭-০৪৬৮

নতুন পামঅলিভ শেভ ব্রাশ আপনার দাড়ি কামানোর আরাম বাড়ায়

এই চমৎকার নতুন ব্রাশ ব্যবহার করলে অপূর্ব ফেনা হয়! বিশেষভাবে তৈরী এর চাঁচগুলি সবচেয়ে নরম আর এর গড়নটি এমন যাতে প্রচুর ফেনা পাওয়া যায়, হাতলটি এমন নিখুঁত যে ভালভাবে ধরা যায়। বরাবরের জন্য মোলায়েম ও আরামদায়ক দাড়ি কামাতে হ'লে আজই একটি পামওলিভ শেভ ব্রাশ কিনুন!

PBB-G3 BN

উৎসবের দিনগুলিকে মারফি দিয়ে মুখরিত করুন। ১৪টি মডেল থেকে আপনি বেছে নিতে পারবেন। প্রত্যেক মারফি বিশেষভাবে তৈরী তাই পাবেন স্পষ্ট, জোরালো ও মধুর ধ্বনি।

* এক্সাইজ ডিউটি সমেত। অন্যান্য ট্যাক্স স্বতন্ত্র।



মিউজিসিয়াল — মিডিয়াম ওয়েভ ২৫ মিটার ব্যাণ্ডেতে টাকা ১৩০.০০* (অন্ধ্র প্রদেশ ছাড়া)

বেবী ডিলাক্স — মিডিয়াম ওয়েভ পকেট রেডিও টাকা ৯৮.০০*

মিউজিক মাস্টার — ২-ব্যাণ্ড সেট টাকা ১৬০.০০*

মিনি ব্যাণ্ড ডিলাক্স — ২-ব্যাণ্ড সেট টাকা ১৭৫.০০*

মিনী মাস্টার — ২-ব্যাণ্ড সেট টাকা ২১০.০০*

[illegible]-মুসাফির — ৪-ব্যাণ্ড সেট টাকা ৩২৮.০০*

মস্তানা — ৩-ব্যাণ্ড সেট টাকা ২৪৫.০০*

মহারাজা — ৪-ব্যাণ্ড ট্রান্সমেনস টাকা ৪১৫.০০*

মেলোডি — ৩-ব্যাণ্ড মেনস্ রেডিও টাকা ২৭৮.০০*

মডেল ৭৭৬ — ৪-ব্যাণ্ড মেনস্ রেডিও টাকা ৩৯০.০০*

ম্যারিনার — ৩-ব্যাণ্ড মেনস্ রেডিও টাকা ৩২৮.০০*

মিলিটরী — ৪-ব্যাণ্ড টেবিল ট্রানজিষ্টর টাকা ৪১৫.০০*

মডেল ৯১১ — ৪-ব্যাণ্ড মেনস্ রেডিও টাকা ৬১৮.৩৩*

মডেল ৯২৬ — ৮-ব্যাণ্ড মেনস্ রেডিও টাকা ৬৬৮.৩৩*

মারফি সারা গৃহের উল্লাস!

[MAS 199]

4

বন্দে মাতরম
আনন্দবাজার পত্রিকা
মঙ্গলবার, ২১ ভাদ্র, ১৩৭৮

দিনের বাণী

"শিরদার ত সরদার"। মাথা দিতে পার ত নেতা হবে। আমরা সকলে ফাঁকি দিয়ে নেতা হতে চাই, তাইতে কিছু হয় না, কেউ মানে না।
—স্বামী বিবেকানন্দ

পিণ্ডিশাহীর সর্বনাশা খেলা

বাংলাদেশের হৃদয় হইতে কবেই বিতাড়িত পাক জঙ্গীচক্র এখনও ওদেশের মাটি কামড়াইয়া পড়িয়া আছে। গোড়া হইতেই তাহার মতলব ছিল পূর্ববাংলার সংগ্রামকে বাঁকা ও বিকৃত করিয়া দেখানো। যেন ওই অভ্যুত্থান ইয়াহিয়াশাহীর মিথ্যাচার, প্রতারণা ও অত্যাচারের ফলে ঘটে নাই—সবটাই ভারতের কারসাজি। পাক নায়ক ইয়াহিয়া খান "লে ফিগারো" পত্রিকায় তাঁহার কুখ্যাত বিবৃতিতে নালিশ করিয়াছেন যে মুজিবর নাকি ভারতের উস্কানি নহিলে স্বাধীন বাংলাদেশের পথে পা বাড়াইতেন না। বাবু যত বলে পারিষদ তাহার চেয়েও এক কাঠি বাড়াইয়া বলে, ইহাই রীতি। নিউইয়র্কে পাক রাষ্ট্রদূত আগা হিলালি এই রীতির ব্যতিক্রম করেন নাই। তাঁহার বক্তব্যের মোদ্দা কথাটা এই যে ভারত পাকিস্তানকে উচ্ছেদ করিতে চাহে। নিজে যে দেশ লক্ষ লক্ষ নাগরিককে ভিটামাটি হইতে উচ্ছেদ করিয়াছে তাহার মুখে এ কথা মানায় বটে! ভারত ছয় শত বৎসরের মুসলিম শাসনের বদলা লইতে চায়, এমন রোমহর্ষক গালগল্পও হিলালি সাহেব চালাইতে চেষ্টা করিয়াছেন। রাষ্ট্রপুঞ্জকে আসরে নামানোর পাঁয়তারার কথা নাই তুলিলাম।

এসব চালে কাজ হয় নাই, পিণ্ডিশাহী তাই অন্য উপায়ে সিদ্ধ করিতে উঠিয়া-পড়িয়া লাগিয়াছে। একাধারে সামরিক এবং রাজনৈতিক চাল। প্রধান সেনাপতি জেনারেল আব্দুল হামিদ খান গোপনে বৈরী নাগা-নেতা ফিজো এবং মিজোকুলের অ্যাডভেঞ্চারার লালডেঙ্গার সঙ্গে বৈঠকের পর বৈঠকে বসিয়াছেন বলিয়া শোনা যায়। ত্রিদিব রায় নামে জনৈক চাকমা-দলপতির সঙ্গেও তাঁহার নাকি বাৎচিৎ হইয়া গিয়াছে। খুঁজিয়া খুঁজিয়া ভারতের বৈরীরা মক্কেল পাকড়াইতেছেন ভাল। এই মক্কেলেরা বহুকাল দেশত্যাগী। কাহারও আস্তানা লণ্ডন, কেহ-বা অন্যত্র প্রবাসী। সকলের মিল এইখানে যে ইঁহারা মুগেও পূর্বাঞ্চলের, এবং ঘোলাজলে মাছ ধরায় প্রত্যেকেরই বিলক্ষণ উৎসাহ। এখানে-ওখানে ঘোরাঘুরি করিয়া, কখনও-বা কোল পাইয়াও, বিশেষ জুৎ হয় নাই, কেননা সব চক্রান্ত ব্যর্থ করিয়া পূর্বাঞ্চলে মোটের উপর আজও শান্তি অব্যাহত। আর যে-হেতু গণতন্ত্রী সরকারও বহাল, অতএব ভুঁইফোড় নেতাদের পায়ের তলায় মাটি নাই; ইঁহারা ঝুলিতেছেন এবং মুরুব্বীদের নেকনজরের জন্য ঝুলোঝুলিরও অন্ত নাই। ইঁহারা ঠাওরাইয়া থাকিবেন যে, হামিদ খাঁ সাহেবকে ধরিলে যদি কিছু হয়। এক কথায় আপাতত বেওয়ারিশ রক্ষিতারা বাবু খুঁজিয়া বেড়াইতেছে।

বাবু হামিদ খাঁ নাকি তাহাদের কথা দিয়াছেন, পাক বাহিনীর সঙ্গে হাত মিলাইলে—অর্থাৎ অন্তর্ঘাতের সামিল হইলে—তিনি তাঁহাদের এক-একটা তখ্‌ত মিলাইয়া দিবেন। বলা বাহুল্য, ফিজো, লালডেঙ্গা আর ত্রিদিবের দল সঙ্গে সঙ্গে রাজী এবং নাচিয়াও উঠিয়াছে। দেশদ্রোহীরা ভাবিতেছে এইভাবে তাদের খোয়াব ফলিয়া যাইবে। আর একজনের খোয়াব কেমনভাবে ফলিয়াছিল সেই মীরজাফরী নজির তাহাদের বোধহয় মনে নাই।

কথা এই যে, ভারতীয় ভূমিতে অন্তর্ঘাতী কুকীর্তি চালানোর মতো হিম্মৎ ফিজো-লালডেঙ্গা-ত্রিদিব রায়দের কতটা অবশিষ্ট আছে! পূর্বাঞ্চলে আজ স্থিতির লক্ষণ স্পষ্ট। বিদ্রোহী নাগারা নিজেদের টিকাইয়া রাখিতেই ব্যস্ত। ক্রমেই গভীর হইতে গভীরতর স্তরে গণতান্ত্রিক শিকড় ছড়াইয়া পড়িতেছে। মনে হয় না যে এই গাঁয়ে-মানে-না-আপনি-মোড়লদের হম্বিতম্বির চেয়ে বড় কোনও সম্বল রহিয়াছে।

পাকিস্তান কী চায় আমরা জানি, ভারত কী করিবে কথা সেইটাই। ইতি-পূর্বে নাগাদের সঙ্গে তাহাদের যোগসাজসের বিস্তর প্রমাণ মিলিয়াছে, সম্প্রতিক কয়েকটি নাশকতার পিছনেও দেখা গিয়াছে পাকিস্তানী হাত। ভারত তবু সরকারীভাবে কোনও ব্যবস্থা লয় নাই। নীরবতাই যেন তাহার একমাত্র উত্তর ও প্রতিক্রিয়া। দেশদ্রোহীদের সঙ্গে পাকিস্তানের হাত মিলানো আর মিতালী নির্লজ্জ নগ্ন প্ররোচনা; তাহা সামরিক ব্যবস্থারই সামিল। সাবভেরশন বা অন্তর্ঘাত এমনই একটা খেলা, যাহা যে-কেহ ইচ্ছা করিলে খেলিতে পারে। তবে ভারতের তাহাতে প্রয়োজন নাই, কারণ বাংলাদেশ নিজেই বিদ্রোহী। তবু ভারত সক্রিয়ভাবে কিছু করিবে না, এই আশ্বাসে বাঁদ হইয়া হামিদ খানেরা যদি যা-খুশি-তাই অনাচার চালাইয়া যান, তবে তাহার পরিণাম কী? পিণ্ডি কি ভাবিয়াছে বরাবরই সে রেহাই পাইয়া যাইবে? সে কি ভাবিয়া দেখিয়াছে, দেশদ্রোহীদের লইয়া এইভাবে খেলিতেই থাকিলে শেষ পর্যন্ত সর্বনাশা খেলাটা ঠেকিবে কোথায়?

এ সফর অসার্থক নয়

ভারত-নেপাল যুক্ত ইস্তাহারের বয়ান দেখিয়া মনে হইতেছে শ্রীস্বর্ণ সিংয়ের কাঠমাণ্ডু-ভ্রমণ বৃথা যায় নাই।—নেপাল সরকারকে তিনি বুঝাইতে পারিয়াছেন বাংলাদেশের পরিবেশ এখন শরণার্থীদের ঘরে ফিরিয়া যাইবার মতো নয়। তাঁহার তিন দিনের সফরের আগে নেপাল সরকারের ধারণা ভিন্ন ছিল বলিয়াই বোধ হয়। বাংলাদেশের সমস্যা পাকিস্তানের অভ্যন্তরীণ সমস্যা বলিয়া ধরিয়া লইয়া তাঁহারা ও ব্যাপারে কোনও মন্তব্য করিতে চাহেন নাই। এখন এ সম্বন্ধে তাঁহাদের নূতন ভাবনা শুরু হইয়াছে। এটুকু অন্তত তাঁহাদের খেয়াল হইয়াছে প্রায় এক কোটি লোক যে ইয়াহিয়া খাঁর জঙ্গী জমানা ছাড়িয়া নিরাপদ আশ্রয় খুঁজিতে সীমান্তের অপর পারে আশ্রয় লইয়াছেন সেটা নয়াদিল্লির কারসাজি নয়।

কী অনুকূল পরিবেশ হইলে বাংলাদেশের বাস্তুত্যাগীরা আবার স্বদেশে ফিরিয়া যাইতে পারিবেন তাহার কোনও সুস্পষ্ট ব্যাখ্যা যুক্ত ইস্তাহারে নাই। কিন্তু ইঙ্গিতটা অস্পষ্ট নয়—রাজনৈতিক সমাধান বিনা শরণার্থীর দল দেশে ফিরিবেন না। ভারতবর্ষের উদ্বাস্তু-শিবির আর-যাহাই হউক, স্বর্গসুখ সেখানে মিলিতেছে না, মেলার কথাও নয়। তবুও যে এত দুঃখ কষ্ট সহ্য করিয়াও লক্ষ লক্ষ নরনারী শিশু সেখানে কাল কাটাইতেছেন তাহার হেতু ভারতবর্ষে সসম্মানে বাঁচিয়া থাকার একটা সম্ভাবনা তবু আছে—জঙ্গীশাহীর ত্রাসের রাজত্বে মৃত্যুর জন্য দিন গনার বিকল্প বাংলা-ভাষীদের কিছু নাই।

নেপাল এতদিনে সত্যের আলোক দেখিতে পাইয়াছে বলিয়াই পাকিস্তান যে তাহার মত ও পথ পালটাইবে, এমন আশা অবাস্তব। সেখানকার ক্রুর শাসন তাহাতে হয়তো আরও ক্ষিপ্ত হইয়া অত্যাচারের মাত্রা বাড়াইয়া দিবে। তখন যাঁহারা এখনও নরক-যন্ত্রণা ভোগ করিয়া বাংলাদেশের মাটি কামড়াইয়া পড়িয়া আছেন তাঁহারাও বাস্তুত্যাগ করিয়া ভারতবর্ষের দিকে পাড়ি দিতে উদ্যত হইবেন। কিন্তু বাংলাদেশের শ্মশানপুরীতে কতদিন আর মার্কিন অস্ত্র সম্বল করিয়া ইয়াহিয়া খাঁ তাঁহার দুঃশাসন চালাইতে পারিবেন? এত করিয়াও তাহাদের মনোবল তিনি ভাঙিতে পারেন নাই, তাহাদের মেরুদণ্ড শত অত্যাচারে সোজাই থাকিবে। পরাজয় স্বীকার করিতে হইবে অত্যাচারী শাসককে, নিপীড়িত জনগণকে নয়—ইতিহাসের ইহাই লিখন।

দেখা যাইতেছে বিশ্বরাষ্ট্রসভায় পাকিস্তানের সমালোচকদের সংখ্যা ক্রমশই বাড়িতেছে। তাহার ভরসা এখন কম্যুনিস্ট চীন এবং মার্কিন যুক্তরাষ্ট্র। যাহারা এককালে পাকিস্তানী মিথ্যা-প্রচারে বিভ্রান্ত হইয়াছিল, নেপালের মতো তাহাদেরও একে একে চোখ খুলিতেছে। যাহাদের বিভ্রান্তির ঘোর এখনও কাটে নাই ভারতবর্ষের উচিত বাংলাদেশ সম্পর্কে নির্মম সত্য তাঁহাদের চোখের সম্মুখে তুলিয়া ধরা। পাকিস্তানে গণতন্ত্রকে হত্যা করা তো হইয়াছেই, মানবিকতাকেও যে ফৌজী বুটের তলায় পিষিয়া মারা হইতেছে—এ তত্ত্ব তামাম দুনিয়াকে জানাইয়া দেওয়া দরকার। যত বেশী দেশ এ তথ্য জানিবে ততই পাকিস্তানের পক্ষে তাহার মিথ্যার বেসাতি দুনিয়ার হাটে ফেরি করিয়া বেড়ানো কঠিন হইয়া দাঁড়াইবে।

চাঁদার ধাঁধা

পূজার দিনগুলি যতই আগাইয়া আসে, বাঙালীর ঘরে ঘরে ততই যেন এক বিপুল আনন্দের সাড়া পড়িয়া যায়। মনে হয়, একটা মস্ত বড় উৎসবের জন্য যেন সকলে ধীরে ধীরে প্রস্তুত হইয়া উঠিতেছে। প্রকৃতির সংসারে মেঘের মালিন্য ক্রমে কাটিতে থাকে, আকাশে-বাতাসে রৌদ্রে-জলে একটা প্রসন্নতার ভাব ক্রমে স্পষ্ট হয়। সেই প্রসন্নতার ছোঁয়া লাগে মানুষের সংসারেও। মনে হয়, যাবতীয় দুঃখ, দুর্দশা আর গ্লানির মধ্যেও অন্তত কয়েকটা দিনের আনন্দ এবারে আসন্ন। কিন্তু পূজাদিবসের প্রতীক্ষার মধ্যে সবটাই যে আনন্দের ব্যাপার, তাহাও নয়। আনন্দের মধ্যে দুই-চারিটা আতঙ্কের কাঁটাও মিশিয়া থাকে। সব চাইতে বড় আতঙ্ক বারবাহুল্যের পূজার উপহার অর্থাৎ জামা-জুতা ধুতি-শাড়ি কিনিবার খরচা তো আছেই, উপরন্তু আছে চাঁদার ধাক্কা। বোনাস ইত্যাদির পথ বাহিয়া বাড়তি কিছু টাকা এই সময়ে অনেকের পকেটে আসিয়া ঢোকে ঠিকই, কিন্তু স্রেফ চাঁদার বাবদেই তাহার একটা মস্ত অংশ বাহির হইয়া যায়।

চাঁদা, বলা বাহুল্য, সর্বজনীন দুর্গোৎসবের। কবে কোথায় সর্ব-জনীন পূজার সূচনা হইয়াছিল, তাহা লইয়া মতান্তর থাকা কিছু বিচিত্র নয়; যে-বিষয়ে কোনও মতান্তর ঘটিবার সম্ভাবনা নাই তাহা এই যে, একালে প্রায় বিশ্বময় তাহা ছড়াইয়া গিয়াছে। পাশ্চাত্ত্যের হরেক শহরে একালে চাঁদা তুলিয়া পূজার ব্যবস্থা করা হয়: সে-ক্ষেত্রে কলিকাতার তো কথাই নাই, এই শহরে অলিতে-গলিতে দুর্গাপূজা। একটা কমিটী ভাঙিয়া তিনটা কমিটী হইয়া যায়, এক জায়গার বদলে তিন জায়গায় পূজার প্যাণ্ডেল মাথা তোলে। এক হইতে বহুর আবির্ভাবের এ এক চমকপ্রদ দৃষ্টান্ত। যেমন চমক লাগে, তেমনি ভয়ও লাগে বইকী। ভয় চাঁদার: এক জায়গায় চাঁদা দিয়া যেখানে পার পাওয়া যাইতেছিল, অতঃপর সেখানে তিন জায়গায় চাঁদা দিতে হইবে, এবং তিন জনেই তুল্যমূল্য, কেহ কাহারও তুলনায় এক পয়সাও কম লইবেন না। ছাপোষা গৃহস্থের আতঙ্ক অতএব হইতেই পারে।

চাঁদা না দিলে পাড়ার মধ্যে শান্তিতে বসবাস করা শক্ত হইয়া দাঁড়ায়; উপরন্তু সমস্যা এই যে, শুধু পাড়ার পূজার চাঁদার কড়ি গনিয়াই নিষ্কৃতি মেলে না। এক সাহিত্যিক একবার ঠাট্টা করিয়া লিখিয়াছিলেন যে, চাঁদা আদায়কারী সাব-কমিটীর মধ্যে একালে আবার একটি 'এক্সটার্নাল অ্যাফেয়ার্স' উপ-সাব-কমিটীও ঢুকিয়াছে, পাড়ার পূজার জন্য তাঁহারা বেপাড়ায় গিয়া চাঁদা আদায় করেন। অর্থাৎ উত্তর-পাড়ার পূজার চাঁদা যে শুধু উত্তরেই আদায় হইবে, এমন কোনও কথা নাই, পূর্ব-পশ্চিম-দক্ষিণেও তাহা স্বচ্ছন্দে আদায় হইতে পারে। তাহার উপরে আবার গাড়ি থামাইয়া পূজার চাঁদা আদায়ের হিড়িকও এ রাজ্যে দেখা গিয়াছে। গৃহস্থের অবস্থা সহজেই অনুমেয়। ঘরে বসিয়া শান্তি নাই, যে-কোনও মুহূর্তে সদর-দরজার কড়া হঠাৎ নড়িয়া উঠিতে পারে। আবার বাহিরে গিয়াও তাঁহার ভয় কাটে না, সারাক্ষণ তাঁহার আতঙ্ক, এই বুঝি কেহ চাঁদার খাতা লইয়া সম্মুখে আসিয়া দাঁড়াইল।

যৎকিঞ্চিৎ

এতদিন শুনা যাইতেছিল যে কলিকাতার কিছু অসাধু বস্ত্র-ব্যবসায়ী শালিমার ইয়ার্ড হইতে মাল খালাস না করিয়া পূজার বাজারে সংকট সৃষ্টি করিতেছে। এখন আবার বস্ত্র-বিক্রেতারা অভিযোগ করিয়াছেন যে, বোম্বাই ও আমেদাবাদের কাপড়ের কলগুলি হইতে ঠিকমতো কাপড় আসিতেছে না এবং সে-জন্য বাজারের সাধারণ চাহিদা ছাড়া রেডি-মেড পোশাক প্রস্তুতকারীরাও কাপড় পাইতেছেন না। বর্তমানে কলিকাতার বাজারে বোম্বাই ও অন্যান্য এলাকার রেডি-মেড পোশাকের পরিমাণ খুবই বেশী। ফলে বোম্বাই ও আমেদাবাদ হইতে কাপড় না আসায় পশ্চিমবঙ্গের রেডি-মেড পোশাক তৈয়ারির কাজে যাঁহারা নিযুক্ত আছেন, তাঁহারাও বেকার হইতে চলিয়াছেন। রেল-কর্তৃপক্ষ আজকাল সব ব্যাপারে ওয়াগনের অভাবের কথা বলিয়া থাকেন। কিন্তু ওয়াগনের অভাবে পূজার আগে ভারতের বিভিন্ন এলাকা হইতে বস্ত্র আমদানি বিলম্বিত না হয় সে-জন্য রেল-কর্তৃপক্ষের উদ্যোগী হওয়া প্রয়োজন। আবার কলিকাতায় মাল আসিবার পর উহা নির্দিষ্ট সময়ের মধ্যে খালাস না করিলে অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধেও রাজ্য সরকারের ব্যবস্থা লওয়া প্রয়োজন।

মুক্তিসেনার আক্রমণে দিশাহারা পাক ফৌজ বিমান ব্যবহার করছে

মুজিবনগর, ৬ সেপ্টেম্বর—গত এক সপ্তাহ যাবৎ মুক্তিবাহিনী এমন দৃঢ়তা, আত্মবিশ্বাস এবং সাফল্যের সঙ্গে দখলদার পাক ফৌজকে পিটুনি দিচ্ছে যার ফলে ইয়াহিয়ার অনুচরেরা দিশাহারা। হানাদারেরা নিরুপায় হয়ে আবার দীর্ঘদিন বাদে বিমান বাহিনীকে কাজে লাগাচ্ছে। বোমা ফেলছে যত্রতত্র। মুক্তি-বাহিনীর এতে কোন ক্ষতি হচ্ছে না, কারণ লড়াইয়ের এই নতুন পর্যায়ে তাদের প্রস্তুতি ও রণকৌশল তাঁরা নিখুঁত করেছেন।

গত সাতদিন ধরে পাক ফৌজ মুক্তি-বাহিনীর হাতে দারুণ মার খাচ্ছে। পাক ফৌজ আর রাজাকার মিলিয়ে নিহতের সংখ্যা এই কদিনে প্রায় দু শ। কয়েকজন পাক সেনা বন্দীও হয়েছে। পাক ফৌজ এখন বিমান বাহিনীর সমর্থন ছাড়া মুক্তি-বাহিনীর বিরুদ্ধে তৎপরতায় নামতে ভয় পাচ্ছে।

উঃ পঃ সেকটরে মুক্তি-বাহিনী বত্রিশ ঘণ্টা ধরে পাক ফৌজকে নিযুক্ত রাখে। ওই লড়াইয়ে একজন পাক মেজরসহ ৩২ জন পাক সেনা ও ৫০ জন রাজাকার নিহত হয়। যশোরের ধুলিয়ানঘাটে এক সংঘর্ষে ৫ জন পাক সেনা নিহত হয়েছে। শ্রীহট্ট ও কুমিল্লা জেলায় ৫৭ জন পাক সেনা ও ২৪ জন রাজাকার কুষ্টিয়া ও রাজশাহী জেলায় ১০ জন পাক সেনা ও ২০ জন রাজাকার নিহত হয়েছে। মুক্তি-বাহিনী সরাসরি পাক শিবিরগুলির উপর আক্রমণ চালিয়ে তারপর গেরিলা কায়দায় নিজেদের গুপ্তঘাটিগুলিতে ফিরে যাচ্ছে। পাক ফৌজ তাদের পাত্তা পাচ্ছে না।

রাজশাহী বেতার কেন্দ্রটি মুক্তি-বাহিনী দুবার স্তব্ধ করে দেয়। চট্টগ্রামেও তারা সক্রিয়। —পি টি আই

বাগজোলায় পুলিশের হানা, ৬ জন গ্রেফতার

স্টাফ রিপোর্টার

সোমবার ভোরে ২৪ পরগণার রাজারহাট এলাকার বাগুইআটিতে বাগ-জোলা ক্যাম্পে হানা দিয়ে পুলিশ একটি সংঘর্ষের পর উগ্রপন্থী বলে বর্ণিত হাবুল ওরফে শ্রীকমল সাহাকে বুলেটবিদ্ধ অবস্থায় এবং আরও ৫ জনকে গ্রেফতার করে। ২৪ পরগণা পুলিশ সুপার জানান শ্রীসাহাকে কলকাতা পুলিশের এস আই শ্রীমলিন ব্যানার্জির হত্যা সম্পর্কে খোঁজ করা হচ্ছিল।

পুলিশ ওই এলাকায় তল্লাসী চালিয়ে একটি রিভলবার, একটি পাইপ গান, ২১টি ৩০৩ রাইফেল বুলেট, ২টি রিভলবারের বুলেট, তরোয়াল, ছোরা ইত্যাদি উদ্ধার করে।

গোপনসূত্রে খবর পেয়ে পুলিশ উল্লিখিত ক্যাম্পে হানা দেয়। অভিযোগ, ওই সময় রিভলবার, পাইপ গান এবং বোমা নিয়ে আক্রমণ করা হয়। পুলিশ গুলি চালায়। এতে শ্রীসাহা আহত হন। অভিযোগ, তাঁর কাছে যে রিভলবারটি পাওয়া যায় তা নিহত পুলিশ অফিসার শ্রীমলিন ব্যানার্জির রিভলবার।

শ্রীসাহাকে কলকাতায় নীলরতন সরকার হাসপাতালে পাঠান হয়। এখানে তাঁর দেহে অস্ত্রোপচার করা হয়।

ট্রাম কর্মীদের মধ্যে বচসা

সোমবার কলকাতা ট্রামওয়েজের নোনা-পুকুর জংশনের কাছে কিছু সংখ্যক ড্রাইভার-কনডাকটার এবং ইনজিনিয়ারিং কর্মীদের মধ্যে বচসা ও হাতাহাতি হয় বলে ট্রামওয়েজসূত্রে অভিযোগ পাওয়া যায়। এর ফলে ২০, ২১, ২৫ প্রভৃতি রুটের ট্রাম ২০ মিনিট বন্ধ ছিল।

ওয়াগন ভাঙ্গার সময় রেলরক্ষীর গুলিতে একজন নিহত

সোমবার সকাল সাড়ে নটা নাগাদ দমদম জংশন স্টেশন ইয়ার্ডে একদল দুর্বৃত্ত মালগাড়ি ভেঙ্গে খাদ্যশস্য লুঠ করার সময় রেলরক্ষী দল গুলি চালায়। ফলে বংশী (৩৪) নামে এক ব্যক্তি গুরুতর আহত হয়। নীলরতন সরকার হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে 'মৃত' বলে ঘোষণা করেন। অন্যান্যরা পালিয়ে যায়।

উগ্রপন্থী নেতা গ্রেফতার

২৪ পরগণা পুলিশ বারাসতের একটি গ্রামে হানা দিয়ে সোমবার নকশালপন্থী দলের রাজ্য কমিটির সদস্য শ্রীঅনল মিত্র ওরফে অনিমেষ মিত্রকে গ্রেফতার করে বলে রাজ্য পুলিশের এক মুখপাত্র জানান। ওখান থেকে পুলিশ দুটি বড় তলোয়ার, একটি ছোরা ও দশটি তাজা বোমা উদ্ধার করে।

গত দুদিনে পুলিশ ২৪ পরগণা, হুগলি ও বীরভূম জেলার কয়েকটি জায়গায় হানা দিয়ে একটি বন্দুক, একটি পাইপ গান, আটটি কার্তুজ, পাঁচটি বোমা ও চারটি গ্রেনেড উদ্ধার করে ও ৪০ জনকে গ্রেফতার করে।

প্রতারণার দায়ে প্রাক্তন পুলিশ কর্মী গ্রেফতার

কৃষ্ণনগর থেকে আমাদের সংবাদদাতা জানান: কৃষ্ণনগর রেল পুলিশ রবিবার কৃষ্ণনগর রেল স্টেশন থেকে পূর্ণেন্দু পণ্ডিত নামে একজন পুলিশ কর্মচারীকে প্রতারণার অভিযোগে গ্রেফতার করেছে। কয়েক দিন আগে ওই পুলিশ কর্মচারীটিকে চাকুরি থেকে বরখাস্ত করা হয়।

পাইপগান সহ যুবক গ্রেফতার

ওইদিন কোতয়ালী থানার ঘূর্ণী অঞ্চল থেকে জনৈক যুবককে পুলিশ পাইপগান সহ গ্রেফতার করে। জানা গেছে যে ওই যুবকটি স্থানীয় একটি দোকানের মালিককে পাইপগান দেখিয়ে জোর করে টাকা আদায়ের চেষ্টা করলে দোকানের মালিক যুবকটিকে পাইপগান সহ ধরে ফেলে পুলিশের হাতে সমর্পণ করেন।

হুগলিতে গ্রেফতার

হুগলি জেলা পুলিশ মহলের খবর রবিবার শ্রীরামপুরে ৫ জন এবং চণ্ডীতলায় ৪ জন উগ্রপন্থী রাজনৈতিক কর্মীকে গ্রেফতার করা হয়।

বাটরায় প্রতিরোধ বাহিনী

সমাজ-বিরোধী কার্যকলাপ দমনের উদ্দেশ্যে বাটরায় পাঁচটি প্রতিরোধ বাহিনী গঠিত হয়েছে। প্রখ্যাত ফুটবল খেলোয়াড় শ্রীশৈলেন মান্না নরথ বাটরা ডিফেন্স পার্টির সভাপতি নির্বাচিত হয়েছেন। রবিবার উত্তর বাটরার পাঁচটি আঞ্চলিক প্রতিরোধ বাহিনীর সভ্যদের এক সভায় পরস্পরের মধ্যে সংযোগ স্থাপন করে সমাজ-বিরোধী কার্যকলাপ দমনে যুব সম্প্রদায়কে আরও সক্রিয় করার উদ্দেশ্যে একটি সমন্বয় কমিটি গঠিত হয়েছে।

আসানসোলে পুকুর থেকে মৃতদেহ উদ্ধার

আসানসোল, ৬ সেপ্টেম্বর—পুলিশ আজ একটি পুকুর থেকে ১৭ বছরের একটি ছেলের মৃতদেহ উদ্ধার করেছে। ছেলেটি ৪ সেপ্টেম্বর থেকে নিখোঁজ হয়েছিল। পুলিশ তদন্ত চলছে।

দুই বলশেভিক পার্টি মিলে গেল

স্টাফ রিপোর্টার

দুই বলশেভিক পার্টি আবার এক হয়ে গেল। ১৯৬৯ সালে ওই দলটি দুভাগে ভাগ হয়ে যায়। মিলনের পর দুই নেতা—শ্রীবরদা মুকুটমণি এবং শ্রীনেপাল ভট্টাচার্য এক যুক্ত বিবৃতিতে জানিয়েছেন যে, তাঁরা এখন আর কোন ফ্রন্টেই থাকবেন না।

পূর্ববঙ্গে ব্যাপক গণহত্যা সম্পর্কে ভুট্টোর অভিযোগ

নয়াদিল্লি, ৬ সেপ্টেম্বর—পাকিস্তান পিপলস পার্টির নেতা শ্রীজেড এ ভুট্টো অভিযোগ করেছেন যে জামাত-ই-ইসলাম দলের সশস্ত্র রাজাকারেরা পূর্ববঙ্গের বামপন্থী দেশপ্রেমিকদের হত্যা করছে।

পূর্ববঙ্গের ব্যাপক গণহত্যার কথা শ্রীভুট্টো এই সর্বপ্রথম উল্লেখ করলেন। গত ৪ সেপটেম্বর তারিখের করাচির উর্দু দৈনিক পত্র আজাদে প্রকাশিত একটি সংবাদে ভুট্টোর এই গণহত্যার অভিযোগের কথা উল্লেখ করা হয়।

শ্রীভুট্টোর উক্তি উদ্ধৃত করে এই পত্রিকায় বলা হয়েছে যে, যাঁরা তাঁদের রাজনৈতিক প্রতিদ্বন্দ্বীকে হত্যা করায় বিশ্বাসী তাঁদের নিজ মন্ত্রিসভার অন্তর্ভুক্ত করে পূর্ববঙ্গের নবনিযুক্ত গবরনর শ্রী এ এম মালিক দেশের প্রতি অবিচার করবেন এবং সংকট আরও বাড়িয়ে তুলবেন। —ইউ এন আই

মহার্ঘভাতা হ্রাসের বিরুদ্ধে অধ্যাপকদের বিক্ষোভ, মিছিল

স্টাফ রিপোর্টার

অধ্যাপকদের মহার্ঘভাতা হ্রাসের সরকারী আদেশ বাতিল না হলে শীঘ্রই অধ্যাপকগণ প্রত্যক্ষ আন্দোলনের পথে নামবেন। আজ, মঙ্গলবার পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহক সমিতির জরুরী সভায় আন্দোলনের ভবিষ্যৎ কর্মসূচী দিনক্ষণ স্থির হবে বলে সোমবার সমিতির সাধারণ সম্পাদক শ্রীমৃন্ময় ভট্টাচার্য জানান।

সমিতির অভিযোগ, রাজ্য সরকার সম্প্রতি এক আদেশবলে বেসরকারী কলেজের চার হাজার অধ্যাপকের মহার্ঘ ভাতা মাসিক দশ টাকা থেকে নব্বুই টাকা পর্যন্ত কমিয়ে দিয়েছেন। এবং আর একটি আদেশবলে সরকার স্পনসরড কলেজের দীর্ঘদিন কর্মরত প্রায় পঞ্চাশজন অধ্যাপকের অবিলম্বে ছাটাইয়ের সুপারিশ করেছেন। এ সম্পর্কে রাজ্যপাল ও পশ্চিমবঙ্গ বিষয়ক ভারপ্রাপ্ত কেন্দ্রীয় মন্ত্রী এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে জানানো সত্ত্বেও কোন সাড়া পাওয়া যায়নি।

ওই দুটি মূল দাবি ও সেই সঙ্গে ১৪টি দাবি সম্বলিত স্মারকলিপি নিয়ে সোমবার অধ্যাপকদের এক বিরাট মিছিল রাজভবনের কাছে বিক্ষোভ দেখায়। পরে এক প্রতিনিধিদল রাজ-ভবনে গিয়ে স্মারকলিপিটি রাজ্যপালের অন্যতম সচিবের কাছে দিয়ে আসেন। মিছিল করার আগে তাঁরা সুবোধ মল্লিক স্কোয়ারে জমায়েত হন। সেখানে সর্বশ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য, মৃন্ময় ভট্টাচার্য, সন্তোষ মিশ্র ও শান্তিকুমার দাশগুপ্ত অধ্যাপকদের দাবিদাওয়া সম্পর্কে বক্তৃতা করেন। আগামী সপ্তাহে রাজ্যপাল সমিতির প্রতিনিধি-দের সঙ্গে কথাবার্তা বলবেন বলে রাজ্যপালের সচিব তাঁদেরকে জানান।

সারকুলার প্রত্যাহারের জন্য অধ্যক্ষ পরিষদের দাবি

রবিবার কলকাতায় এক বৈঠকে অধ্যক্ষ পরিষদ অধ্যাপকদের মহার্ঘ ভাতা সংক্রান্ত সরকারী সারকুলার সম্পর্কে আলোচনা করেন এবং এজন্য গভীর ক্ষোভ প্রকাশ করে তা অবিলম্বে প্রত্যাহারের দাবি জানান। ওই ব্যবস্থা পয়লা জুলাই থেকে চালু হয়েছে।

ওই সারকুলারে রাজ্য সরকারের পক্ষ থেকে জানান হয় যে, কলেজ কর্তৃপক্ষ এবং সরকার মিলিয়ে অধ্যাপকদের মহার্ঘভাতা ১৫০ টাকার বেশী দেওয়া হবে না। এতে অধ্যাপক-দের প্রভূত আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে বলে জানান হয়।

অধ্যক্ষ পরিষদ মনে করেন, কোন-ক্রমেই বর্তমানে যিনি যে ভাতা পাচ্ছেন তা কমাবার কোন প্রশ্নই বিবেচিত হতে পারে না। তাঁরা পুজোবকাশের আগেই পুরানো হারে মহার্ঘ ভাতা বিভিন্ন কলেজে প্রেরণের জন্য দাবি জানান।

পরিষদের একজন মুখপাত্র এই বলে দুঃখ প্রকাশ করেন যে, বিভিন্ন কলেজের আর্থিক অবস্থা সম্পর্কে খতিয়ে দেখার জন্য রাজ্যপাল কর্তৃক নিযুক্ত কলেজ তদন্ত কমিটির বৈঠক চলা সত্ত্বেও সারকুলার দেওয়ার আগে কমিটির সদস্যদের সঙ্গে কোন পরামর্শ করা হয়নি।

শিল্প ও কৃষি নিয়ে কমিটি

প্রথম পৃষ্ঠার পর

মধ্যে ছিলেন সংস্থার চেয়ারম্যান শ্রী বি বি ঘোষ এবং ম্যানেজিং ডাইরেক্টর শ্রী সি টি দাশ।

শ্রীঘোষ ও শ্রীদাশ কেন্দ্রীয় অর্থ-মন্ত্রীকে বলেছেন যে, তারা রাজ্যের ১৪টি শিল্পসংস্থাকে ২৯ লক্ষ টাকা সাহায্য করেছেন এবং তার ফলে ২০ হাজার লোকের চাকুরি বেঁচেছে।

শ্রীচবন ওই সংস্থার কাজে মোটামুটিভাবে সন্তোষ প্রকাশ করে তাঁদের আরও সক্রিয় হতে অনুরোধ করেছেন।

সি এম ডি-এর কাজে অখুশি

অর্থমন্ত্রী শ্রী ওয়াই বি চবন সি এম ডি-এর কাজের অগ্রগতিতে অখুশী। কলকাতার ওয়াটগঞ্জ এলাকায় বকুলবাগান বস্তী পরিদর্শন এবং তিলজলা এলাকায় পাম্পিং স্টেশন দেখে শ্রীচবন তাঁর ওই মনোভাব ব্যক্ত করেছেন।

ঘটনাচক্রে সোমবার কলকাতায় সারাদিন বৃষ্টি হয়। শ্রীচবন যেখানেই গিয়েছেন, সর্বত্র শহরে আটক জল দেখতে পেয়েছেন। বস্তী এলাকায় নর্দমাগুলি পরিষ্কার না থাকায় শ্রীচবন নাকি বলেছেন, আরও উন্নত কাজ দেখতে পাব বলে আশা করে-ছিলাম। তিনি অবশ্য এই প্রতিশ্রুতি দিয়েছেন যে, সি এম ডি-এর কাজে অর্থের অভাব হবে না।

রাজভবনে সি এম ডি-এর পক্ষে শ্রী বি সি গাঙ্গুলী, সচিব শ্রীশিবরাম কৃষ্ণান সহ কয়েকজন অফিসার উপস্থিত ছিলেন।

কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন, ১৯৭০-৭১ সালে সি এম ডি-এর কাজের জন্য ৫০ কোটি টাকা বরাদ্দ ছিল। কিন্তু যেভাবে কাজের অগ্রগতি হচ্ছে তাতে অর্ধেক টাকাও খরচ করা সম্ভব নয়। তখন অফিসারদের পক্ষ থেকে নানা যুক্তি তোলা হয়। বলা হয়, কাজের জন্য নানা সরঞ্জাম পাওয়া যাচ্ছে না। কেন্দ্র যদি এর ব্যবস্থা করে দেন তবে ভাল হয়। অর্থমন্ত্রী এর উত্তরে বলেছেন, প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী চান, কলকাতা সর্বদিক দিয়ে তার মর্যাদা ফিরে পাক। সরঞ্জামের অভাবে কোন উন্নয়নমূলক কাজ আটকে থাকা উচিত নয়।

শ্রীচবন অফিসারদের কাছে সি-এম ডি-এ'তে লোক নিয়োগ প্রসঙ্গটিও তোলেন। তিনি জানতে চেয়েছেন এ পর্যন্ত সি এম সি-এ'তে কত লোক নিয়োগ করা হয়েছে।

সি এম ডি-এর প্রেস নোট

রাত্রে সি এম ডি-এর পক্ষ থেকে প্রচারিত এক প্রেস নোটে বলা হয়, বস্তী এলাকা পরিদর্শনের সময় কেন্দ্রীয় অর্থমন্ত্রীর সঙ্গে রাজ্যপাল শ্রী এ এল ডায়াস, দফতর বিহীন মন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায় ছিলেন।

ওই প্রেস নোটে আরও বলা হয়, শ্রীচবন বালীগঞ্জ পাম্পিং স্টেশনের কাজে বিলম্ব হওয়ার কারণ সম্বন্ধে খোঁজ খবর নেন। কালীঘাট এলাকা থেকে যাওয়ার সময় শ্রীচবন কালীঘাট সেতুটি কবে খোলা হবে জানতে চাইলে তাঁকে বলা হয় আগামী বছরের মাঝামাঝি নাগাদ খোলা হবে।

ক্ষুদ্র শিল্প সম্পর্কে আলোচনা

অর্থমন্ত্রী শ্রীচবন এদিন রাত্রে রাজভবনে ফেডারেশন অব অ্যাসো-সিয়েশন অফ স্মল ইনডাস্ট্রিজ অফ ইনডিয়ার এক প্রতিনিধিদের সঙ্গেও দেখা করেন।

ওই সংস্থার সহ সভাপতি শ্রী এন দত্তের নেতৃত্বে যে পাঁচজন অর্থমন্ত্রীর সঙ্গে দেখা করেন তাঁরা ক্ষুদ্র শিল্পের উন্নয়নের জন্য সরকারের বিশেষ বিশেষ কয়েকটি ব্যবস্থা নেওয়ার প্রস্তাব দেন।

অর্থমন্ত্রী তাঁদের বলেন, পশ্চিম-বঙ্গে এ সম্পর্কে যে উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি গঠিত হতে চলেছে তারা যেন সেই কমিটির কাছে তাঁদের প্রস্তাব রাখেন।

ব্যাংক কর্মীদের ডেপুটেশন

অর্থমন্ত্রী শ্রীচবন এদিন বেঙ্গল ব্যাংক এমপ্লয়িজ ফেডারেশনের দশজনের একটি প্রতিনিধি দলের সঙ্গেও দেখা করেন। দু' হাজার ব্যাংক কর্মী এদিন একটি মিছিল করে শ্রীচবনের কাছে তাদের দাবি জানাতে যান।

মিছিলের পক্ষ থেকে দশজনের এক প্রতিনিধি দল চবনের সঙ্গে দেখা করে রাষ্ট্রায়ত্ত ব্যাংকের কাজকর্মের নানা গাফিলতির প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করেন।

শ্রীচবন বন্যাঞ্চল দেখবেন

শ্রীচবন আজ মঙ্গলবার হেলি-কপ্টার থেকে পশ্চিমবঙ্গের বন্যা-প্লাবিত অঞ্চল পরিদর্শন করবেন।

সি পি এম-এর রাজ্য কমিটির বৈঠক বসেছে

স্টাফ রিপোর্টার

সোমবার থেকে কলকাতায় পশ্চিম-বঙ্গ সি পি এমের রাজ্য কমিটির বৈঠক শুরু হয়েছে। বৃহস্পতিবার পর্যন্ত চলবে।

প্রথম দিনের বৈঠকে দলের কেন্দ্রীয় কমিটির সদ্য সমাপ্ত অধি-বেশনের রিপোর্ট পেশ করা হয়।

গুজরাটের রাজ্যপাল রাজভবন ছাড়লেন

আমেদাবাদ, ৬ সেপ্টেম্বর—গুজরাটের রাজ্যপাল শ্রী শ্রীমন নারায়ণ গতকাল রাজভবনের কাছেই দুই শয়ন কক্ষ বিশিষ্ট বাংলো বাড়িতে উঠে গিয়েছেন। গত ১৫ আগস্ট থেকেই শ্রীনারায়ণ মাঝে মাঝে ঐ বাড়িটা ব্যবহার করে আসছিলেন।

রাজ্যপাল অবশ্য রাজভবনের প্রধান বাংলোতে প্রতি বিকেলে দর্শনার্থীদের সঙ্গে দেখাসাক্ষাৎ করবেন।

তিরিশের দশকের শেষে ওয়ার্ধা কলেজের অধ্যক্ষ থাকা কালে শ্রীনারায়ণ মহাত্মা গান্ধীর নেতৃত্বে দেশের কাজে যোগ দেন।

শ্রীনারায়ণ ১ আগস্ট থেকে তাঁর মাইনের শতকরা দশ ভাগ কম নিচ্ছেন।

কেরলে নব কংগ্রেস শর্ত জানাক —সি পি আই নেতা

কোচিন, ৬ সেপ্টেম্বর—সি পি আই-এর কেরল শাখার সাধারণ সম্পাদক শ্রী এম এন গোবিন্দন নায়ার আজ এখানে বলেছেন যে, কেরল যুক্তফ্রন্ট সরকারে কোন্ শর্তে নব কংগ্রেস যোগ দিতে পারে, সেটা নব কংগ্রেসেরই জানানো উচিত। ফ্রন্টের শর্ত নব কংগ্রেস অগ্রাহ্য করেছে বলে শ্রীনায়ার বলেন।

আগামীকাল থেকে এখানে সি পি আই-এর রাজ্য পরিষদের বৈঠকে যোগ দিতে তিনি এখানে এসেছেন। —পি টি আই

আদি কংগ্রেসে রুশ-ভারত মৈত্রী চুক্তির মূল্যায়ন

বিশেষ সংবাদদাতা

নয়াদিল্লি, ৬ সেপ্টেম্বর—আদি কংগ্রেস ওয়ার্কিং কমিটি আজ ভারত-সোভিয়েট মৈত্রী চুক্তির মূল্যায়ন আরম্ভ করেছেন।

আজ সকালে তিন ঘণ্টা ধরে ওয়ার্কিং কমিটির বৈঠকে এই নিয়ে আলোচনা ও বিতর্ক হয়। বিষয়টি সম্পর্কে দলের নেতারা একমত হতে পারেননি। আজ সন্ধ্যায় আবার বৈঠক বসবে।

ওয়ার্কিং কমিটি দলের মেদিনী-পুর জেলা অফিস জোর করে দখল করার নিন্দা করেন এবং শ্রীমতী আভা মাইতিকে অভিনন্দনজানান।

সম্পাদক সমীপেষু

পত্রপ্রেরকদের নিজস্ব বক্তব্য : মতামতের জন্য সম্পাদক দায়ী নন।

ডাক্তার দাঁতের নয়, চোখের

একটা ভ্রান্ত সংবাদের ভিত্তিতে শিল্পী তির্যক গত ২৫ আগস্ট তারিখের আনন্দবাজার পত্রিকায় দুই পাটি নকল দাঁতের ছবি ছাপিয়েছেন। ঢাকায় টিক্কা খানের জায়গায় নব নিযুক্ত গভর্ণর ডাক্তার আবদুল মোতালেব মালিকের পরিচয় হয়ত অল্প লোকেরই জানা। তিনি ডেণ্টিস্ট নন, চোখের ডাক্তার।

বাড়ি চুয়াডাঙার এবং কথার ধরনও নদীয়াবাসীর মতো সোজা এবং পরিষ্কার। কলকাতা, বাঁকুড়া বীরভূমে দীর্ঘদিন থাকা সত্ত্বেও কথার সুরে নদীয়ার সুর ধরা পড়ে। তাঁর রাজনৈতিক মত কী নির্ণয় করা শক্ত। পাকিস্তানে যে-কয়টা মন্ত্রিসভা গঠিত হয়েছে প্রত্যেকটিতে তাঁর স্থান হয়েছে। রাষ্ট্রদূত হিসেবেও দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রায় সবদেশেই তাঁকে পাঠানো হয়েছে। বয়স তাঁর এখন ৬৪।

রামানন্দ চট্টোপাধ্যায় প্রতিষ্ঠিত বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল মহাবিদ্যালয় (তখন মেডিক্যাল স্কুল) থেকে ডিপ্লোমা নিয়ে বিশ্বভারতীর বিদ্যা-ভবনে জর্মান ভাষা ও সাহিত্য চর্চা করেন।

ভিয়েনাতে তিনি গিয়েছিলেন চোখের চিকিৎসা-বিজ্ঞান শিখতে। আনন্দবাজার পত্রিকা অফিসের বিপরীত দিকে চিত্তরঞ্জন এভিনিউতে তিনি তাঁর ক্লিনিক খোলেন। পাকিস্তান হওয়ার পর মালিক ঢাকা গেলেন, তাঁর অস্ট্রিয়ান স্ত্রী ছেলেদের নিয়ে কলকাতায় থাকতেন। ছেলেরা পড়েছে প্রেসিডেন্সি কলেজে, এ-বি-এস-এ প্রতিষ্ঠিত হওয়ার আগে কলকাতার যে ছাত্র আন্দোলনের সূত্রপাত হয়েছিল মালিক কিছুদিনের জন্য তাতে যোগ দিয়েছিলেন এ তথ্য জ্ঞাত।

মালিকের স্বাস্থ্য এখন ভেঙ্গে পড়েছে—চোখের ডাক্তার কিন্তু নিজে প্রায় দৃষ্টিহীন।

মালিককে গভর্ণর করার একটি সূত্র পাওয়া যেতে পারে।—তাঁর উল্লেখযোগ্য কীর্তি তিনি দীর্ঘ দিন পিকিং-এ সাফল্যের সঙ্গে রাষ্ট্রদূতের কাজ সুসম্পন্ন করেন।
—মদনমোহন সাহা, কলকাতা-২৬।

সঙ্গীত অনুসন্ধান

"রবীন্দ্রনাথের জন্য" প্রবন্ধে (রবিবাসরীয় বিভাগ, ২২ আগস্ট) শ্রীসন্তোষকুমার ঘোষ গীতবিতানের গান সম্পর্কে অনুসন্ধানী কাজ করবার নানা দিক দেখিয়েছেন। খুবই ভাল চিন্তা। এই প্রসঙ্গে রবীন্দ্র-সংগীতের আরও একটা দিকের কথা মনে হচ্ছে। যেমন ধরা যাক, যেখানে রবীন্দ্রনাথের ইন্দ্রিয়চেতনা, পাঁচটি ইন্দ্রিয়ের বিবিধ অনুভূতি মিলে মিশে গিয়েছে; সব চেতনা একাগ্র হয়ে মিলে গিয়েছে বিচিত্র ধারায়। কয়েকটি উদাহরণ: "কনক চাঁপা কানে কানে যে সুর পেল শিক্ষা," "আমায় তাই পরালে মালা সুরের গন্ধ ঢালা," "সুরের আলো ভুবন ফেলে ছেয়ে," "দিশাহারা আকাশভরা সুরের ফুলে," "কী ডাক ডাকে বনের পাতাগুলি," "দিকে দিগন্তে যত আনন্দ লভিয়াছে এক গভীর গন্ধ," "আকাশ কাঁপে তারার আলোর গানের ঘোরে," "নিশিদিন আলোকশিখা জ্বলুক গানে" "জ্বালিয়ে দিলে আকাশ তলে গভীর বাণী," "আঁখির তারায় যেন গান গায় অরণ্য পর্বত।"

এই সব মজাকে অন্য রকম ভাবে অন্য অনেক পংক্তিতে ব্যাখ্যান করা যায়। বিষয়টি প্রণিধানযোগ্য নয় কী?
—বীরেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়, শান্তি-নিকেতন।

ফরাক্কায় ফেরি

গত ১৩ আগস্ট আনন্দবাজার পত্রিকায় স্টাফ রিপোর্টার বন্যাপীড়িত মালদহের প্রতিবেদনে ফরাক্কার রেল যাত্রী ফেরি বন্ধ করা সম্বন্ধে যা লিখেছেন তা ঠিক নয়। ফরাক্কার মেরিন বিভাগ পূর্ব রেলওয়েরই অংশ-বিশেষ এবং সেই কারণেই উল্লিখিত মতদ্বৈধের কোন অবকাশ নেই বা সে জন্য কিছু ঘটেওনি। যে শত শত রেলযাত্রী ফেরি স্টিমারে পারাপার করেন রেল কর্তৃপক্ষ তাঁদের জীবন সম্বন্ধে কোনরূপ ঝুঁকি নিতে রাজি নন বলেই ফরাক্কায় এই ফেরি বন্ধ করে দেওয়া হয়েছে। তা ছাড়া ওয়াগন ফেরি যে কোন সময়েই বন্ধ করে দেওয়া যায় কিন্তু স্টিমার ফেরি অকস্মাৎ বন্ধ করে দেওয়া হলে সংশ্লিষ্ট ট্রেনের যাত্রিসাধারণ অকূল পাথারে পড়বেন, তাঁদের কষ্টের শেষ থাকবে না। প্রসঙ্গত বলা দরকার, ফরাক্কায় গঙ্গার অবস্থা খারাপ হওয়ায় ওয়াগন ফেরিতে ওয়াগন কম নেওয়া হচ্ছে। রাত্রিকালে ওয়াগন ফেরি তো বন্ধই থাকে।

তা ছাড়া ফরাক্কা ব্যারেজ প্রোজেক্ট বা এস টি সি-র ইজারাদারদের ছোট ছোট লঞ্চ বা গাধাবোটের পক্ষে পারাপার করা যতটা সহজ, রেলওয়ের সুবিশাল স্টিমারের পক্ষে তা ততটা সহজ নয়। বলাবাহুল্য যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত হলেই পূর্ব রেলওয়ে ফরাক্কার যাত্রী ফেরি শুরু করতে কিছুমাত্র দেরি করবে না।
—এম এন রাধাকৃষ্ণ, মুখ্য জন-সংযোগ আধিকারিক।

পারট টু

'হোম সেন্টার চাই' বা 'চাই না' এর কোনো দায়িত্ব আমার নেই শুধু কর্তৃপক্ষের (বিশ্ববিদ্যালয়) কাছে প্রার্থনা, পরীক্ষাটি তাড়াতাড়ি নেওয়া হোক। যদিও আমাদের উপাচার্য আমাদের সম্বন্ধে অনেক চিন্তা করছেন যার জন্য রবিবার ছুটির দিনেও তিনি বিশ্রাম না করে শুধু আমাদের কল্যাণের জন্যই বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসেছেন। এজন্য তাঁকে ধন্যবাদ। কিন্তু তিনি যা করেছেন সত্যিই তাতে কি আমাদের কোনো শুভ হবে? একদিন তো "হোম সেন্টার হবে না" এ বাণী আমাদের ভালর জন্যই করেছিলেন! ফল কি হল? ব্যাপারটা যেন আরও জট পাকিয়ে ফেলল না? 'হোম সেন্টার' তুলে দিলেই যে টোকা-টুকি বন্ধ হবে না এ-ও যেমন সবার জানা—আবার 'হোম সেন্টার' হলেই যে টোকাটুকি হবে তাও বলা যায় না। এখনো এমন অনেক কলেজ আছে যেখানে ছাত্রদের পরীক্ষার হলে মাথা নাড়তে পর্যন্ত দেওয়া হয় না। আসল প্রশ্নটা হচ্ছে নীতির। কিন্তু সেই নীতির ব্যভিচার তো এখন সর্বত্রই হচ্ছে। শিক্ষাক্ষেত্রে ছাত্রদের থেকে শুরু করে সিনেটের সভায় পর্যন্ত। রাজনীতির খেল সর্বত্রই। এমন কোনো নেতা কি এখনো আছেন, যিনি তাঁর দলের ছাত্র-কর্মীদের বলবেন 'নীতি স্বীকার' করতে?
—শুভ্রা সেনগুপ্তা, কলকাতা—৪০।

চবনের কাছে ক্ষুদ্র শিল্প কথা তুলতে দেওয়া হয়নি

স্টাফ রিপোর্টার

রাজ্যের ক্ষুদ্রশিল্পে লগ্নি এবং এ ব্যাপারে কেন্দ্রীয় সাহায্যের কথা সোমবার কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রীচবনের সামনে নাকি তুলতে দেওয়া হয়নি। ফলে পশ্চিমবঙ্গে সরকারের প্রতিনিধিরা ক্ষুব্ধ হয়ে রাজভবন থেকে ফিরে এসেছেন। শ্রীচবনের উপস্থিতিতে অবস্থা এমন পর্যায়ে গিয়ে দাঁড়ায় যে, শেষ পর্যন্ত শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়কে হস্তক্ষেপ করতে হয়।

প্রকাশ, এদিন রাজভবনে অফিসার-দের সঙ্গে কেন্দ্রীয় অর্থমন্ত্রীর বৈঠকে রাজ্যের শিল্প ও বাণিজ্য বিভাগের সচিব শ্রী এন কে বিশ্বাস ওই প্রসঙ্গ তুলতে বারবার চেষ্টা করেন। কিন্তু কেন্দ্রীয় অর্থ বিভাগের ব্যাংক শাখার সচিব শ্রী এ কে বকসী তাঁকে প্রতিবারই বাধা দেন। শ্রীবিশ্বাস তাঁর বক্তব্য বলার জন্য পীড়াপীড়ি করেন। এই সময় শ্রীবকসীকে উত্তেজিতভাবে বলতে শোনা যায়, পশ্চিমবঙ্গের একারই সমস্যা নয়।—সারা ভারতে আরও অনেক সমস্যা আছে। শ্রীবিশ্বাস এস সময় বলেন, পশ্চিমবঙ্গের অর্থনীতি যদি বাঁচানো না যায় তবে সারা ভারতেও তার প্রতিক্রিয়া দেখা দেবে।

এই নিয়ে শ্রীবকসী ও শ্রীবিশ্বাসের মধ্যে জোর কথা কাটাকাটি শুরু হয়। দুজনই বদ্ধমুষ্টি শূন্যে আন্দোলিত করে তাঁদের বক্তব্য বলতে থাকেন। শ্রীচবন চুপ করে বসেছিলেন। শেষ পর্যন্ত শ্রীসিদ্ধার্থশংকর রায় হস্তক্ষেপ করেন। রাজভবন থেকে বেরিয়ে আসার সময় রাজ্য সরকারের অফিসারগণ শ্রীবকসীর ওই আচরণে ক্ষোভ প্রকাশ করেন। কেউ কেউ বলেন, শ্রীবকসী পশ্চিমবঙ্গের সমস্যা সঠিকভাবে অর্থমন্ত্রীর সামনে তুলতে দিলেন না, এটা কেমন কথা।

শ্রীসিদ্ধার্থশংকর রায়কে ওই ঘটনা সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি একটু এড়িয়ে গিয়ে বলেন, আমরা কাজ চাই, কথা চাই না।

বাংলাদেশের বন্যায় ৯৬ জনের প্রাণহানি

করাচি, ৬ সেপ্টেম্বর—গত মাসে বাংলাদেশে প্রবল বন্যায় ৯৬ জন মারা গিয়েছে এবং ৮২·৫ কোটি টাকার শস্যহানি হয়েছে। এই খবর পাকিস্তান প্রেস ইনটার ন্যাশনাল নিউজ এজেন্সি মারফৎ ঢাকায় গতকাল জানা গিয়েছে।

যদিও কয়েকটি নদীর জল বিপদ-সীমার উর্ধ্বে রয়েছে, তথাপি অবস্থা এখন ভালোর দিকে যাচ্ছে।

প্রি-ইউ পরীক্ষার ফল এমাসেই

স্টাফ রিপোর্টার

কলকাতা বিশ্ববিদ্যালয়ের এ বছরের প্রাক-বিশ্ববিদ্যালয় পরীক্ষার ফল এ মাসের চতুর্থ সপ্তাহে প্রকাশিত হবে। বিশ্ব-বিদ্যালয়ের ছুটি হচ্ছে ১৪ সেপটেম্বর। সুতরাং তার আগে ২০—২২ তারিখ নাগাদ ওই ফল প্রকাশিত হওয়ার সম্ভাবনা।

পরিসংখ্যান বিভাগ খুলেছে

মাস দেড়েক পরে কলকাতা বিশ্ব-বিদ্যালয়ের বালিগঞ্জ বিজ্ঞান কলেজে পরি-সংখ্যান বিভাগ সোমবার আবার খুলেছে। পরিসংখ্যান (কমবাইনড) পরীক্ষার্থীদের দাবি নিয়েই এতদিন ওই কলেজে আন্দো-লন চলছিল। উপাচার্য ডঃ সত্যেন সেন জানান যে, তাঁর যে আশ্বাসের ভিত্তিতে বালিগঞ্জ বিজ্ঞান কলেজে ধর্মঘট তুলে নেওয়া হল, তা নতুন কিছু নয়। বিশ্ব-বিদ্যালয়ের আইনেই স্নাতকোত্তর পরীক্ষার ক্ষেত্রে ওই বিধান চালু আছে।

বিশ্ববিদ্যালয়ের প্রাণীবিদ্যার ছাত্র-ছাত্রীদের পক্ষে শ্রীমতী ভারতী চট্টোপাধ্যায় ও শ্রীসমীর চৌধুরী এক বিবৃতিতে জানান যে, 'ছাত্রছাত্রীদের চাপে পড়ে' প্রাণীবিদ্যার বিভাগীয় প্রধান এম এস-সিতে ভর্তির জন্য মনোনীত সকল 'রেগুলার' প্রার্থীকেই ভর্তি করতে রাজি হয়েছেন।

কল্যাণীর ক্লাস ৮ সেপটেম্বর

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জানান যে, অর্থনীতি, ইংরাজি, সমাজ-বিজ্ঞান, বাংলার ক্লাস ৮ সেপটেম্বর থেকে আবার শুরু হবে।

কেরিয়ার মাসটারস সারটিফিকেট পরীক্ষা (১৯৭১) স্থগিত

কেরিয়ার মাসটারস সারটিফিকেট পরীক্ষা রাজ্যের বর্তমান বন্যা পরিস্থিতির দরুন আগামী ১০ থেকে ১৬ সেপটেম্বরের পরিবর্তে ২৬ থেকে ৩০ অকটোবর, ১৯৭১ হবে বলে শিক্ষা ও মনোবিজ্ঞান গবেষণা সংস্থার অধ্যক্ষ ডকটর রমেশচন্দ্র দাশ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন।

যে-কোন আক্রমণের মোকাবিলায় প্রস্তুত
— প্রধানমন্ত্রী

জম্মু, ৬ সেপটেমবর—প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী আজ ঘোষণা করেন যে, যে-কোন আক্রমণের মোকাবিলা করতে ভারত এখন সম্পূর্ণ প্রস্তুত। তিনি বলেন, আমাদের সংহতিকে বিনষ্ট করার জন্য যে কেউ ঝুঁকি নিয়ে এগিয়ে আসবে, তাকে ভারত সমুচিত জবাব দেওয়ার যথেষ্ট শক্তি রাখে।

এখান থেকে ১৬৫ কিলোমিটার দূরে সীমান্তসহ রাজৌরীতে এক বিরাট সমাবেশে প্রধানমন্ত্রী ভাষণ দেওয়ার সময় এই কথা বলেন।

এই সীমান্ত এলাকায় প্রধানমন্ত্রী হয়ে শ্রীমতী গান্ধীর এটি প্রথম সফর। তিনি আহ্বান জানিয়ে বলেন, সীমান্ত এলাকা রক্ষার ব্যাপারে প্রতিরক্ষা বাহিনী যথেষ্ট শক্তিশালী ও সদাজাগ্রত থাকলেও সীমান্ত এলাকার নাগরিকদের চিরাচরিত ঐতিহ্যকে অক্ষুণ্ণ রেখে জনগণকে এগিয়ে যেতে হবে এবং জাতীয় স্বার্থের নিরাপত্তাকে বজায় রাখতে হবে।

শ্রীমতী গান্ধী জনগণকে পাকিস্তানী জঙ্গীশাহীর অনুসৃত কর্মপদ্ধতি ও তাদের এজেনটদের কাজকর্ম সম্পর্কে সতর্ক করে দিয়ে বলেন, পূর্ব পাকিস্তানে যা ঘটছে তা থেকে সেখানকার জনগণের দৃষ্টিকে অন্য পথে চালিত করার জন্য তারা অনিশ্চিত অবস্থা সৃষ্টি করতে সব সময় ব্যগ্র।

ভারত-সোভিয়েট চুক্তি প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, ভারত বিশ্বের সব দেশের সঙ্গে বিশেষ করে, তার প্রতিবেশী দেশগুলির সঙ্গে, বন্ধুত্বপূর্ণ সম্পর্ক অব্যাহত রাখতে চায়। তিনি বলেন, সকলের সঙ্গে মৈত্রী সম্পর্ক বজায় রাখার অর্থ এই নয় যে, সে নিজে দুর্বল। তিনি বলেন, পাকিস্তানী সামরিক শাসকরা যদি কোন 'দুঃসাহসিক প্রয়াস'-এর ঝুঁকি নেয় তাহলে ভারত-সোভিয়েট চুক্তি তার বিরুদ্ধে প্রবল বাধাস্বরূপ হয়ে দাঁড়াবে। তারা তখন এই ধরনের চিন্তাধারা থেকে হয়তো নিবৃত্ত হবে।

তিনি বলেন, দেশের সর্বত্র এই চুক্তিকে স্বাগত জানান হয়েছে এবং আস্থার কথা ধ্বনিত হয়েছে যে, এতে ভাল লভ্যাংশই পাওয়া যাবে। প্রধানমন্ত্রী আবার ঘোষণা করে বলেন, এই চুক্তির ফলে ভারতের জোট নিরপেক্ষতার নীতি কোনভাবেই ক্ষুণ্ণ হবে না।

বাংলাদেশে পাকিস্তানী জঙ্গীশাহী শাসকগোষ্ঠীর নির্মম নির্যাতনের প্রসঙ্গে শ্রীমতী গান্ধী বলেন, ইতিহাস এই ধরনের বহু ঘটনার সাক্ষী যেখানে জনগণের দাবিকে পদদলিত ও উপেক্ষা করতে পৃথিবীর কোন শক্তিই আজ পর্যন্ত সমর্থ হয়নি।

তিনি বলেন, এই ব্যাপারে ভারত কখনই নীরব হয়ে থাকতে পারে না। কারণ, আশি লক্ষেরও বেশি শরণার্থীর আগমনে এটা 'আমাদের ব্যাপার হয়ে দাঁড়িয়েছে।'

সমাবেশে ডঃ করণ সিংও বক্তৃতা করেন। —পি টি আই

সামরিক অফিসারদের সঙ্গে প্রধানমন্ত্রীর আলোচনা

নিজস্ব সংবাদদাতা

উধমপুর, জম্মু, ৬ সেপটেমবর—প্রধানমন্ত্রী শ্রীমতী গান্ধী পুঞ্জ ও রাজৌরীর সীমান্ত এলাকা পরিদর্শন করেন এবং পাক আক্রমণকারীদের মোকাবিলার জন্য যুদ্ধবিরতি সীমারেখায় পাহারারত ভারতীয় জওয়ানদের প্রস্তুতি ও সতর্কতা দেখে পরম সন্তোষ প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী ভারতীয় সীমান্ত বাহিনী ও কাশ্মীর পুলিশের উচ্চপদস্থ অফিসারদের সঙ্গে সীমান্ত পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। ভারতীয় সেনাবাহিনীর শীর্ষ অফিসারদের সঙ্গেও তিনি আলাপ-আলোচনা করেন।

প্রধানমন্ত্রী জম্মুর সীমান্ত এলাকা পরিদর্শন করছেন

উধমপুর (জম্মু), ৬ সেপটেমবর—প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী আজ সকালে বিমান বাহিনীর একটি বিমানে এখানে এসে পৌঁছেছেন। তিনি তিন দিন এখানে থেকে জম্মু প্রদেশের সীমান্ত অঞ্চল পরিদর্শন করবেন।

শত শত লোক প্রধানমন্ত্রীকে সম্বর্ধনা জানাতে বিমানঘাটিতে উপস্থিত ছিল। প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন বেসামরিক বিমান পরিবহণ দফতরের মন্ত্রী শ্রীকর্ণ সিং, সংসদীয় দফতরের রাষ্ট্রমন্ত্রী শ্রীওম মেহতা এবং সহকারি রেলমন্ত্রী শ্রীসফি মহম্মদ কুরেশী।

এখানে পৌঁছবার কিছুক্ষণ পরেই প্রধানমন্ত্রী একটি হেলিকপটারে চড়ে অগ্রবর্তী এলাকায় বেরিয়ে পড়েন। —ইউ এন আই

ঢাকার কাছে ফেরিডুবিতে ১০০ জনের মৃত্যু

ঢাকা, ৬ সেপটেমবর—গতকাল এখান থেকে ৩২ কিলোমিটার দূরে লোহজঙ্গের কাছে পদ্মা নদীতে একটি ফেরি ডুবে যাওয়ায় অন্তত ১০০ জন যাত্রীর সলিল সমাধি ঘটেছে বলে আজ জানানো হয়েছে। —এ পি

সোমবার একরাশ বৃষ্টি মাথায় নিয়ে জল কাদার ভিতরে কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রী ওয়াই বি চবন লবণ হ্রদ শরণার্থী শিবির পরিদর্শন করছেন। —নিজস্ব-চিত্র

নদীয়ায় বিমান থেকে খাদ্য ফেলার ব্যবস্থা

প্রথম পৃষ্ঠার তৃতীয় কলমের পর

কান্দির বন্যার জল একদম নেমে গিয়েছে। হিজল অঞ্চলও বিপদমুক্ত হয়েছে। বহরমপুর শহরে এদিনও বৃষ্টি হচ্ছে।

হুগলি ও হাওড়া জেলার অবস্থা ক্রমশ উন্নতির দিকে। মুণ্ডেশ্বরীর জল নেমে যেতে শুরু করেছে। তবে এখনও জল উপছে দু কূল প্লাবিত করে রেখেছে। পোলবা এখনও বন্যার জলে বহির্জগত থেকে বিচ্ছিন্ন।

মেদিনীপুর জেলার অবস্থার বেশ কিছুটা উন্নতি ঘটেছে। তবে দুবদা ও বড়চোখা বেসিন ও ঘাটালের অবস্থা ভাল না।

বন্যা সমীক্ষক দলের সফর সূচি

মঙ্গলবার সকালে ৭ জনের এক **বন্যা সমীক্ষক দল পশ্চিমবঙ্গের বন্যায় ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ণয়ের জন্য কলকাতা এসে পৌঁছোচ্ছেন। কেন্দ্রীয় এই বন্যা সমীক্ষক দলের নেতৃত্ব করছেন যোজনা কমিশনের 'প্রোগ্রাম' উপদেষ্টা শ্রী পি পি আগরওয়ালা।**

যতদূর জানা যায়, রাজ্য সরকারের পক্ষ থেকে বন্যার ক্ষয়ক্ষতি পূরণের জন্য কেন্দ্রের কাছে ৮৪ কোটি টাকার দাবি পেশ করা হবে।

বন্যা সমীক্ষক দলের সদস্যগণ আজ বালুরঘাট হয়ে মালদহে যাবেন। বুধবার দুপুরে সমীক্ষক দল বিমানে কলকাতায় ফিরবেন। মালদহ থেকে ফেরার পথে তাঁরা নদীয়া, মুর্শিদাবাদ প্রভৃতি জেলার অবস্থাও আকাশ থেকে পর্যবেক্ষণ করবেন।

নদীয়ায় খাদ্য পাঠাবার সমস্যা

কৃষ্ণনগর থেকে নিজস্ব সংবাদদাতা জানাচ্ছেন, নদীয়া জেলার ভাগীরথী ও জলঙ্গী নদীর জল দু কূল ছাপিয়ে গ্রামের পর গ্রাম ভাসিয়ে নিয়ে চলেছে। সীমান্তবর্তী শিকারপুর থেকে শুরু করে জেলার সমস্ত উত্তরাঞ্চল সদর থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। বন্যার জলে আটক দুর্গতদের জন্য বিমান থেকে খাবারের প্যাকেট ফেলার কাজ শুরু হয়েছে।

খাদ্য এবং ত্রাণসামগ্রী বন্যার্তদের নিকট পৌঁছে দিতে না পারার ফলে তেহট্ট করিমপুর, শিকারপুর, চাপড়া, কালিগঞ্জ, নাকাশীপাড়া প্রভৃতি এলাকার প্রায় ৭ লক্ষ মানুষ অনাহারের সম্মুখীন। বন্যার বিবরণ দিতে গিয়ে জেলা শাসক শ্রীদীপক ঘোষ বলেন, বন্যা এ জেলায় ১৪টি থানা ও ১৬টি ব্লকের সমস্ত থানা এবং ব্লকগুলি প্লাবিত হয়ে পড়েছে। জেলার ১৫০৭ বর্গমাইল আয়তনের মধ্যে ১৩০০ বর্গমাইল জলপ্লাবিত এবং ১৪০০ গ্রামের মধ্যে ১২০০ গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে। বন্যায় ৭৫ হাজার ঘরবাড়ি ভেঙে পড়েছে এবং ১২ কোটি টাকার ফসল নষ্ট হয়েছে।

জাতীয় সড়কের জন্য আড়াই কোটি টাকা মঞ্জুর

কেন্দ্রীয় সরকার নদীয়া জেলার বন্যায় ক্ষতিগ্রস্ত ৩৪নং জাতীয় সড়কের সংস্কারের জন্য আড়াই কোটি টাকা মঞ্জুর করেছেন।

কলেরায় মৃত্যু

এ পর্যন্ত বন্যাদুর্গত অঞ্চলগুলিতে কলেরা রোগাক্রান্ত হয়ে তিনশ' জন মারা গেছেন, দেড়শ' ব্যক্তিকে বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে।

নবদ্বীপ সর্বদলীয় বন্যাত্রাণ সমিতির দাবি

নবদ্বীপ সর্বদলীয় বন্যাত্রাণ সমিতির সভাপতি শ্রীশংকরী চ্যাটারজি পশ্চিমবঙ্গের ব্যাপারে ভারপ্রাপ্ত কেন্দ্রীয় মন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায়ের কাছে এক স্মারকলিপি পাঠিয়ে কয়েক দফা দাবি পেশ করেছেন।

নবদ্বীপের বিদ্যার্থী মণিমেলা জানিয়েছেন, তাঁরা শহরের বন্যাদুর্গতদের মধ্যে যথাসাধ্য ত্রাণকার্য চালিয়ে যাচ্ছেন। তাঁরা জনসাধারণের নিকট সাহায্যের আবেদন জানিয়েছেন।

শ্যামপুর থানায় বাঁধ ভেঙে জল প্রবেশ

বাগনানের সংবাদদাতার খবর, রবিবার ও সোমবার শ্যামপুর থানার নাকোল কাঁটাগাছি ও শিমুলিয়া খালের বাঁধ ভেঙে প্রচণ্ড বেগে গ্রাম এবং মাঠে জল ঢুকছে।

বনগাঁ মহকুমা জলের তলায়

ইছামতী ও কোদলা নদীতে অস্বাভাবিক জল বাড়ায় বনগাঁ মহকুমার অধিকাংশ এলাকা প্লাবিত। বনগাঁ মিউনিসিপ্যালিটির কয়েকটি ওয়ারডেও বেশ জল ঢুকেছে। বহু মানুষ আশ্রয়হীন। অনেক ঘর ধসে পড়েছে।

মাখলায় বানের জলে ডুবে মৃত্যু

চন্দননগর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, রবিবার রাত্রে ডি ভি সির বৈদ্যবাটী নিকাশী খালের চাঁপদানী এলাকার দ্বারিক জঙ্গল রোডের লক গেটটি ভেঙে যাওয়ায় খালের দক্ষিণ দিকের আটাপাড়া, দশবিঘা প্রভৃতি গ্রাম সমেত বিস্তীর্ণ এলাকা জল প্লাবিত হয়। জলের চাপে লক গেট ভাঙায় রেলসেতুটি বেঁচে গিয়েছে।

উত্তরপাড়া থানার মাখলা কাশীবাটি এলাকায় রবিবার বানের জলে খেলা করতে করতে একটি গর্তের মধ্যে পড়ে ১০ বছরের একটি মেয়ে ডুবে যায়।

ফুড করপোরেশনের গুদাম জলমগ্ন

সরকারী সূত্রের খবরে জানা যায়, বলাগড়ের জিরাটে এবং আরামবাগের গড়ের ঘাটে ফুড করপোরেশনের ২টি গুদাম বন্যায় জলমগ্ন হয়েছে।

হুগলির জেলা শাসক শ্রীইন্দ্রজিৎ চৌধুরীর হিসাবে জেলার মোট জনসংখ্যা ২৮ লাখের মধ্যে ১০ লাখের উপর মানুষ বন্যার শিকার হয়েছেন।

পাকিস্তানকে চাপ দেওয়ার জন্য আই এন টি ইউ সি-র আবেদন

বিশেষ সংবাদদাতা

নয়াদিল্লি, ৬ সেপটেমবর—শেখ মুজিবর রহমানের মুক্তির ব্যাপারে পাকিস্তানের ওপর চাপ সৃষ্টির জন্য আই এন টি ইউ সি-র কার্যনির্বাহক কমিটি আজ বিশ্বের সমস্ত রাষ্ট্রের কাছে আবেদন জানিয়েছেন।

কমিটির দুদিনের বৈঠক আজ শুরু হয়েছে। বৈঠকে বাংলাদেশের প্রতি একাত্মতা জানিয়ে একটি প্রস্তাব নেওয়া হয় এবং বাংলাদেশ সমস্যার আশু রাজনৈতিক সমাধানের উদ্দেশ্যে পাকিস্তানকে চাপ দেওয়ার জন্য বিশ্বের সমস্ত রাষ্ট্রের প্রতি আহ্বান জানানো হয়।

গ্রাচুইটি, প্রভিডেন্ট ফনড, বোনাস ইত্যাদি ব্যাপারে আইনগত ব্যবস্থা নেওয়ার সুপারিশ করার জন্য কমিটি কেন্দ্রের এবং বিভিন্ন রাজ্যের শ্রমমন্ত্রীদের অভিনন্দন জানান।

আই এন টি ইউ সি'র সভানেত্রী ডাঃ (শ্রীমতী) মৈত্রেয়ী বসু বৈঠকে সভাপতিত্ব করেন।

আটটি ছাত্র সংস্থার যুক্ত কনভেনশন

স্টাফ রিপোরটার

শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য, শিক্ষা প্রতিষ্ঠানের ওপর আক্রমণ ও দুর্নীতি পুষ্ট পরীক্ষা ব্যবস্থার বিরুদ্ধে সারা পঃ বাংলায় বৃহত্তর যুক্ত আন্দোলন গড়ে তোলার প্রাথমিক পর্বে সোমবার মুসলিম ইনসটিটিউটে কেন্দ্রীয় আটটি ছাত্র সংগঠনের উদ্যোগে এক যুক্ত কনভেনশন অনুষ্ঠিত হয়। কনভেনশনে সভাপতিত্ব করেন পি এস ইউ-র শ্রীক্ষিতি গোস্বামী; প্রস্তাব উত্থাপন করেন শ্রীঅশোক দত্ত (এফ আর এস)। সমর্থনে বক্তব্য রাখেন—সর্বশ্রী সুভাষ চক্রবর্তী (এস এফ আই), সঞ্জিত বিশ্বাস (ডি এস ও) বিপ্লব সিদ্ধান্ত (পি এস ইউ), শফিউল আকম (এ আই এস এফ) ভোলা কুণ্ডু (এস সি) দেবাশীষ সাহা (আর এস ও—কুমারপন্থী), নির্মল সর্দার (আর এস ও—দাসপন্থী) ও বিভিন্ন শিক্ষক ও অধ্যাপক সমিতির প্রতিনিধিবৃন্দ।

কিছু স্বার্থান্বেষী শরণার্থীদের ধোঁকা দিতে চাইছে
— চবন

স্টাফ রিপোরটার

সোমবার সকালে কলকাতায় লবণ হ্রদে শরণার্থী শিবির পরিদর্শনের সময় কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রী ওয়াই বি চবন শরণার্থীদের উদ্দেশে এরূপ সতর্কবাণী উচ্চারণ করেন যে, কিছু স্বার্থানুসন্ধী দল তাঁদের বিভ্রান্ত করতে চেষ্টা করছে। তিনি বলেন, সরকার শরণার্থীদের দুর্গতি নিবারণের জন্য যথাসাধ্য চেষ্টা করছেন। শরণার্থীদের উচিত ওইরূপ বিভ্রান্তিকর প্রচারের বিরুদ্ধে হুঁশিয়ার থাকা এবং সরকারের সঙ্গে সকল প্রকার সহযোগিতা করা।

শ্রীচবন এদিন সকালে কলকাতায় উপস্থিত হন। তিনি দমদম বিমানঘাটি থেকে লবণ হ্রদ শিবির পরিদর্শন করতে যান।

শ্রীচবন এক ঘণ্টারও বেশী সময় লবণ হ্রদ শরণার্থী শিবির এলাকা পরিদর্শন করেন এবং শিবিরের অফিসারদের সঙ্গে আলোচনা করেন। পরে তিনি শরণার্থীদের সঙ্গে কথাবার্তা বলেন। তিনি শরণার্থী হাসপাতালও পরিদর্শন এবং রোগীদের অবস্থা সম্পর্কে খোঁজ-খবর করেন।

পশ্চিমবঙ্গের জন্য ভারপ্রাপ্ত কেন্দ্রীয় মন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায় একই বিমানে দিল্লি থেকে কলকাতায় আসেন। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী দফতরের রাষ্ট্রমন্ত্রী ডঃ ডি পি চট্টোপাধ্যায়, রাজ্যের মুখ্যসচিব শ্রী এন সি সেনগুপ্ত, কেন্দ্রীয় স্বরাষ্ট্র দফতরের পশ্চিমবঙ্গ সেলের স্পেশাল অফিসার শ্রী বি আর গুপ্ত—শ্রীচবনের সঙ্গে শরণার্থী শিবিরে যান।

প্রধানমন্ত্রীর বিদেশ সফরসূচি

নয়াদিল্লি, ৬ সেপটেমবর—প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী অকটোবরের শেষাশেষি রাষ্ট্রীয় সফরে ব্রিটেন, মারকিন যুক্তরাষ্ট্র ও পশ্চিম জারমানি যাচ্ছেন বলে আজ এখানে ঘোষণা করা হয়েছে।

শ্রীমতী গান্ধী ২৯ অকটোবর থেকে ৩ নবেমবর পর্যন্ত ব্রিটেনে থাকছেন। তারপর যাবেন মারকিন যুক্তরাষ্ট্র সফরে। আমেরিকায় চারদিন কাটিয়ে রওনা হবেন পশ্চিম জারমানি। সেখানে পৌঁছবেন ১০ নবেমবর। থাকবেন দুদিন। —পি টি আই

খাদ্য দফতরের ছুটি বাতিল

প্রথম পৃষ্ঠার তৃতীয় কলমের পর

খাদ্য ও পরিবহণ দফতরে এক এস ও এস পাঠানোর পর ওই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

রাজ্য খাদ্য বিভাগের একজন মুখপাত্র বলেন, উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ায় অবস্থা সংকটজনক হলেও এখন পর্যন্ত কোন এলাকায় রেশন কাটা হয়নি।

কেন্দ্রীয় রেল দফতর রাজ্য সরকারকে জানিয়েছেন, এখন থেকে দৈনিক ২০টি ওয়াগনে লবণ ও কয়লা নিয়ে একটি করে স্পেশাল ট্রেন উত্তরবঙ্গে যাবে। এছাড়া গম ও চাল নিয়ে ৬০টি করে ওয়াগনের আর একটি স্পেশাল ট্রেনের ব্যবস্থা করা হয়েছে।

ইতিমধ্যে নিউ জলপাইগুড়ি খাদ্য করপোরেশনের গুদাম থেকে উত্তরবঙ্গের জেলাগুলিতে চাল ও গম সরবরাহ করা হচ্ছে। দুর্গাপুর ও কল্যাণী থেকে গম বোঝাই করে মুর্শিদাবাদের উদ্দেশ্যে কিছু ট্রাক রওনা হয়ে গিয়েছে।

ওমেগা দল ফিরে আসেন নি

প্রথম পৃষ্ঠার অষ্টম কলমের পর

ওমেগা দলের একজন মুখপাত্র জানান, রবিবার পেটরাপোল সীমান্তের ওপারে যশোর রোডে তাদের যে শেষবার দেখা গিয়েছিল, তারপর তাঁদের আর কোনও খবর পাওয়া যায়নি। অন্য চারজনের যে দলটি রবিবার আর একটি জায়গা দিয়ে সীমান্ত পেরিয়ে বাংলাদেশের ভিতর ঢোকেন, তাঁরা এখনও সেখানে আছেন। আরও ত্রাণ-সামগ্রী নিয়ে যাওয়ার জন্য সোম বা মঙ্গলবার তাঁদের কলকাতায় ফেরার কথা। প্রথম যে দলটি পেটরাপোল হয়ে যশোর রোড ধরে এগিয়ে যান, তাঁদের চারজনের তিনজন ইংরেজ ও একজন আমেরিকার নাগরিক। এঁদের দুজনই মহিলা।

পুজা বোনাসের দাবিতে দুর্গাপুরে কয়েকজন কর্মীর অনশন

দুর্গাপুর, ৬ সেপটেমবর—কংগ্রেস প্রভাবিত মাইনিং এণ্ড এলায়েড মেসিনারি ওয়ারকারস ইউনিয়নের সদস্যভুক্ত এক শ্রেণীর কর্মী আজ ৮⅓ শতাংশ পুজা বোনাসের দাবিতে অনশন ধর্মঘট শুরু করেছেন।

ইতিমধ্যে সিটু, আই এন টি ইউ সি ও সি পি আই পরিচালিত শ্রমিক ইউনিয়ন আজ কর্তৃপক্ষকে জানিয়ে দিয়েছেন যে, যদি তাদের দাবি পূরণ করা না হয় তাহলে প্রায় ৫ হাজার কর্মী ৮ সেপটেমবর থেকে ২ দিন ধর্মঘট করবেন। —পি টি আই

দমকল কর্মী ধর্মঘট মেটেনি

প্রথম পৃষ্ঠার পঞ্চম কলমের পর

আশ্বাস দেন। তবে বাকি দুটি দাবি রাজ্য সরকারের পক্ষে মেনে নেওয়া সম্ভব নয় বলে তাঁদের জানানো হয়েছে। শ্রীদত্ত বলেন, বিচার বিভাগীয় তদন্তের কথা এখন ওঠে না, কারণ ঘটনা সম্পর্কে ইতিমধ্যেই আদালতে মামলা উঠেছে।

ঘটনা সম্পর্কে সরকারী বিজ্ঞপ্তিতে দমকল কর্মীদের স্মরণ করিয়ে দেওয়া হয় যে, **তাঁরা যে ধর্মঘট শুরু করেছেন তা বে-আইনী, কারণ উপযুক্ত নোটিস বিনাই তাঁরা ধর্মঘট করেছেন। এ ব্যাপারে ধর্মঘটী দমকল কর্মীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের ইচ্ছা নেই। তবে জনসাধারণের স্বার্থের প্রতি লক্ষ্য রেখে এই বে-আইনী ধর্মঘটের যাতে অবসান ঘটে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা তাঁরা করবেন। ধর্মঘটকালীন বেতন সরকারের পক্ষে ধর্মঘটী কর্মীদের দেওয়া সম্ভব হবে না।**

শ্রীপ্রিয় দাসমুন্সীর বিবৃতি

সংসদ সদস্য শ্রীপ্রিয়রঞ্জন দাসমুন্সী এক বিবৃতিতে বলেন যে, টালিগঞ্জ দমকল কেন্দ্রের কর্মী লক্ষ্মণ ঘরামির মৃত্যু অত্যন্ত মর্মান্তিক। দমকল কর্মীদের প্রস্তাবিত যে দুটি দাবিতে শ্রীঘরামির পরিবারকে উপযুক্ত ক্ষতিপূরণ ও দোষী পুলিশ কর্মচারীদের শাস্তি দাবি করা হয়েছে আমি তাকে সর্বতোভাবে সমর্থন করি।

রাজ্য কো-অরডিনেশন কমিটির অভিযোগ

রাজ্য কো-অরডিনেশন কমিটির সম্পাদক শ্রীঅরবিন্দ ঘোষ এক বিবৃতিতে অভিযোগ করেন, বিগত ৪ সেপটেমবর মধ্যরাত্রে টালিগঞ্জ দমকল স্টেশনের মধ্যে ঢুকে ইউনিফরম পরিহিত অবস্থায় কর্তব্যরত ফায়ারম্যান লক্ষ্মণ ঘরামিকে বিনা প্ররোচনায় সি আর পি গুলি করে হত্যা করে এবং অপর একজন কর্তব্যরত কর্মচারী শ্যামল মিত্রকে গ্রেফতার করে। এই হত্যা ও গ্রেফতারের প্রতিবাদে রাজ্য কো-অরডিনেশন কমিটির আহ্বানে সোমবার কলকাতার সমস্ত রাজ্য সরকারী অফিসে কর্মচারীরা বেলা ২টা থেকে ছুটির সময় পর্যন্ত কাজকর্ম অচল করে দিয়ে বিক্ষোভ প্রদর্শন করেন। ফ্রী স্কুল স্ট্রীট আঞ্চলিক কো-অরডিনেশন কমিটির নেতৃত্বে কর্মচারীদের এক বিশাল মিছিল সহকর্মী হত্যার প্রতিবাদে ধর্মঘটী কর্মচারীদের এই সমাবেশে যোগদান করে।

কলকাতায় পাতাল রেল প্রকল্প রূপায়ণে কর্তৃপক্ষ আগ্রহী
— শ্রীহনুমন্তিয়া

বিশেষ সংবাদদাতা

নয়াদিল্লি, ৬ সেপটেমবর—রেলমন্ত্রী শ্রী কে হনুমন্তিয়া আজ এখানে সাংবাদিকদের বলেন যে, রেল কর্তৃপক্ষ কলকাতার প্রস্তাবিত পাতাল রেল প্রকল্প রূপায়ণে আন্তরিকভাবে আগ্রহী।

ওই রেলপথ নির্মাণের কাজ কবে শুরু হবে তা বলতে কিন্তু রেলমন্ত্রী অস্বীকার করেন। প্রশ্নের জবাবে তিনি শুধু বলেন যে, ও ব্যাপারে কোন প্রতিশ্রুতি দেওয়া হয়নি। তিনি সকলকে অপেক্ষা করতে বলেন।

রেলমন্ত্রী আরও বলেন যে, প্রস্তাবিত 'ইউ' রেলপথ নির্মাণ ও তার নকশা অঙ্কন সম্পর্কে ভারতীয় ইনজিনিয়ারদের পরামর্শ দেওয়ার জন্য সোভিয়েট বিশেষজ্ঞ দল সেপটেমবর মাসের শেষের দিকে এখানে আসছেন। ওই বিশেষজ্ঞ দল এখানে ৩ মাস থাকবেন।

শ্রীহনুমন্তিয়া বলেন, ওই প্রকল্প সম্পর্কে যে বিস্তারিত প্রতিবেদন তৈরি করা হচ্ছে তা অকটোবরের শেষাশেষি দাখিল করা হবে। তাঁর সাম্প্রতিক কলকাতা সফরকালে তিনি প্রকল্পের মুখ্য প্রশাসনিক অফিসার শ্রীরায়ের সঙ্গে প্রকল্পটি নিয়ে আলোচনা করেছেন বলে জানান।

ট্রেনের গতি বৃদ্ধির জন্য যে সব পরিকল্পনা করেছে রেলমন্ত্রী সাংবাদিকদের সে সম্পর্কে ওয়াকিবহাল করান।

তিনি বলেন, কয়েকটি গুরুত্বপূর্ণ ট্রেনের গতি বৃদ্ধি করে ঘণ্টায় ১৬০ কিলোমিটার করার ব্যবস্থা হচ্ছে, এ কাজ ১৯৭৫ সালের এপ্রিল মাস নাগাদ শেষ হবে। ওই ট্রেনগুলির মধ্যে রাজধানী একসপ্রেস ও দিল্লি-কালকা মেইলও রয়েছে।

রেলমন্ত্রী সাংবাদিকদের আরও জানান যে, টুরবো-জেট ট্রেন চালু করার পরিকল্পনাও রেল কর্তৃপক্ষের রয়েছে। ওই সব ট্রেনের গতি হবে প্রতি ঘণ্টায় ২০০ কিঃ মিঃ। পরে তা বাড়িয়ে ৩০০ কিঃ মিঃ করা হবে।

ইয়াহিয়ার ক্ষমা প্রদর্শন প্রহসন মাত্র
— বিশ্বশান্তি পরিষদ

মসকো, ৬ সেপটেমবর—৪ ও ৫ সেপটেমবর হেলসিংকিতে বিশ্ব শান্তি পরিষদের সভাপতিবর্গের এক সম্মেলন হয়। এখানে সংবাদ পাওয়া গিয়েছে—পাকিস্তানের ক্ষমা প্রদর্শনের ব্যাপারটিকে এই সম্মেলন এক প্রহসন বলে বর্ণনা করেছে।

প্রাভদার মন্তব্য

প্রেসিডেনট ইয়াহিয়া খানের ব্যক্তিগত দূত সুলতান মহম্মদ খান সোভিয়েট পররাষ্ট্র দফতরের সঙ্গে আজ আলোচনা আরম্ভ করেন। তা সত্ত্বেও সোভিয়েট কমিউনিসট পারটির মুখপত্র প্রাভদায় আজ স্পষ্টভাবেই বলা হয়েছে পাকিস্তানের এই ক্ষমা প্রদর্শন পূর্ববঙ্গের রাজনৈতিক নেতৃবৃন্দ সম্বন্ধে প্রযোজ্য হয় নি। —পি টি আই

রাজনৈতিক বন্দীরা এখনও আটক

ঢাকা, ৬ সেপটেমবর—প্রেসিডেনট ইয়াহিয়া খানের অনুকম্পার পর আরও বন্দীকে জেল থেকে মুক্তি দেওয়া হচ্ছে। কিন্তু কতজন মুক্তি পেয়েছেন, তার সংখ্যা জানা যায় নি। রাজনৈতিক বন্দীরা এখনও জেলে আছেন।

বিদ্যুৎ সংকট নিয়ে মহাকরণে বৈঠক

স্টাফ রিপোরটার

বিদ্যুৎ সংকট নিয়ে সোমবার মহাকরণে এক উচ্চ পর্যায়ের বৈঠক বসে। এদিকে সন্ধ্যায় যথারীতি কলকাতা ও শহরতলীর বিস্তীর্ণ অঞ্চল অন্ধকারে ডুবে যায়। দুপুরেও বেশ কিছুক্ষণ বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকে।

এভাবে যখন তখন বিদ্যুৎ বন্ধ হয়ে জনসাধারণ যে দুর্ভোগ ভুগছেন এবং কলকারখানা যেভাবে মার খাচ্ছে তার হাত থেকে বাঁচার জন্য রাজ্য শিল্প দফতর কয়েকটি প্রস্তাব দেন। তাঁরা দু সিফটের কারখানার দ্বিতীয় সিফটের সময় বদলের সুপারিশ করেন। রবিবার একই দিনে সর্বত্র ছুটির বদলে ১৯৬১ সালের মত বিভিন্ন দিনে সাপ্তাহিক ছুটির প্রস্তাবও তাঁরা দেন। চটকল মালিক সমিতি এবং বিভিন্ন বিদ্যুৎ উৎপাদক সংস্থার প্রতিনিধিরা বৈঠকে উপস্থিত ছিলেন। এদিন কোন সিদ্ধান্ত হয়নি। আরও বৈঠক হবে। ব্যানডেল তাপ বিদ্যুৎ কেন্দ্র এবং দুর্গাপুর প্রকল্পের প্রতিনিধিরা এদিনের বৈঠকে আশা প্রকাশ করেন যে, সাত দিনের মধ্যে তাঁদের উৎপাদন পরিস্থিতির উন্নতি হবে।

তির্যক

গম পেষাই করবো কোথায়?

এবার পূজার দিনগুলি
আরো আনন্দ-মুখর করে তুলুন !
বাড়ীর সবার জন্যে কিনুন
চমৎকার নকশা ও রঙের বৈচিত্র্যে
অতুলনীয়
আর আই সি-র
সুতি ও সিল্কের
হ্যাণ্ডলুম
শাড়ি
ধুতি, গৃহসজ্জার বস্ত্রাদি প্রভৃতি।
পরিপাটি, ছিমছাম, টেকসই
জুতো
সু, স্যাণ্ডেল ইত্যাদি
॥ আপনার কাছাকাছি আর আই সি-র দোকান থেকে কিনুন ॥
২৫, ফ্রী স্কুল স্ট্রীট, কলিকাতা-১৬ ★ ২৩, গড়িয়াহাট রোড, কলিকাতা-১৯ ★ ৩৭, ধর্মতলা স্ট্রীট, কলিকাতা-১৩ ★ বেহালা ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট, কলিকাতা-৩৪ ★ বনহুগলী ইণ্ডস্ট্রিয়াল এস্টেট, কলিকাতা-৩৫ ★ স্টেশন রোড, রহড়া ★ তাহেরপুর, গয়েশপুর ★ কে. বি. এম., চাকদহ ★ কদমতলা মোড়, হাবড়া ★ বেনাচিটি, দুর্গাপুর-১৩ ★ নিউটন মার্কেট, দুর্গাপুর-৫ আমলাদাই মার্কেট, চিত্তরঞ্জন ★ বিধান মার্কেট, শিলিগুড়ি ★ রবীন্দ্র অ্যাভেনিউ, মালদহ।
রিহ্যাবিলিটেশন ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশন লিঃ
(ভারত সরকারের সংস্থা)
২৫, ফ্রী স্কুল স্ট্রীট, কলিকাতা-১৬
Progressive/RIC-2/71

আপনি যদি ঠাণ্ডা জিনিষ খেতে ভালোবাসেন, কিন্তু আপনার যদি গলা খারাপ হয়
তাহলে লিস্টারিন অ্যান্টিসেপ্টিক লজেন্স খেয়ে দেখুন লিস্টারিন লজেন্স কেমন কাজ করে আপনার জিভ তা টের পাবে।
আপনি যদি অল্পগরম জিনিষ খেতে ভালোবাসেন আর আপনার যদি গলা খারাপ হয়
তাহলে লিস্টারিন অ্যান্টিসেপ্টিক লজেন্স খেয়ে দেখুন। লিস্টারিন লজেন্সের জোরালো উপাদানগুলি গলার অসুখের জীবাণু মেরে ফেলে আর চট করে আরাম দেয়।
আপনি যদি ফুটন্তগরম জিনিষ খেতে ভালোবাসেন আর আপনার যদি গলা খারাপ হয়
তাহলে লিস্টারিন অ্যান্টিসেপ্টিক লজেন্স খেয়ে দেখুন। লিস্টারিন লজেন্স ৩টি স্বাদেগন্ধে পাওয়া যায়: কমলালেবু, পাতিলেবু, লিস্টারিন।

নতুন
লিস্টারিন
অ্যান্টিসেপ্টিক
থ্রোট লজেন্স
খারাপ গলার জন্যে দারুণ ভালো
লিস্টারিন থেকে চট করে আরাম:
গলায় অস্বস্তি, কাশি আর ব্যথার কারণ সংক্রমণ, অ্যালার্জি আর ঠাণ্ডা লাগা। হেক্সিলরিসর্সিনল এবং অন্যান্য উপাদানের জোরালো অ্যান্টিসেপ্টিক ক্রিয়া:
* গলা ব্যথার জীবাণু মেরে ফেলে আর নতুন করে সংক্রমণ হতে দেয় না
* গলার ভেতর লাল হয়ে ব্যথা হলে আরাম দেয় আর ঘুরে ফিরে বার বার অস্বস্তি-কাশি-অস্বস্তি হওয়া রোধ করে।
লিস্টারিন লজেন্স কেমন কাজ করে, আপনার জিভ তা টের পাবে।
তিনটি মনের মত স্বাদেগন্ধে: কমলালেবু, পাতিলেবু, লিস্টারিন
WH/L-2A8

মাঁকড়ের অপরাজিত ১৫৪

স্কারবরো, ইংল্যানড, ৬ সেপটেমবর— অশোক মাঁকড়ের অপরাজিত ১৫৪ ও একনাথ সোলকারের ৭৯ রানের জন্য ভারতীয় দলের প্রথম ইনিংস ৩০৬ রানে শেষ হয়। ইংল্যানড সফরের শেষ খেলায় মাঁকড়ের এটি সবচেয়ে বেশী রান এবং দ্বিতীয় সেনচুরি। টি এন পিয়ারসের একাদশের প্রথম ইনিংসে ৩ উইকেটে ৩৫৭ রান (ডিঃ) হয়েছিল।

চা-পানের পর টি এন পিয়ারসের দল দ্বিতীয় ইনিংসের খেলা শুরু করে দিনের শেষে ১ উইকেটে ৮৭ রান করে। মঙ্গলবার খেলার শেষদিন।

টি এন পিয়ারসের একাদশ ১ম ইনিংস—৩ উইঃ ৩৫৭ ডিঃ।

ভারতীয় দল ১ম ইনিংস—৩০৬ (এ মাঁকড় নট আউট ১৫৪, সোলকার ৭৯, আব্বাস বেগ ৭৯; হবস ৯৫ রানে ৫ উইঃ)। —রয়টার

অসট্রেলিয়ায় অনেকে চাইছেন

ভারতের সফর ব্যবস্থা হোক

সিডনী, ৫ সেপটেমবর—শুধুই শ্বেতাঙ্গ ক্রিকেটারে গড়া দক্ষিণ আফরিকা দলকে ১৯৭১-৭২ মরশুমে অসট্রেলিয়া সফর করান হবে কিনা, এই সপ্তাহে অসট্রেলীয় ক্রিকেট বোরড তার সিদ্ধান্ত নেবে।

কয়েকজন বোরড সদস্য বলছেন, কিছু দিন আগে দক্ষিণ আফরিকার শ্বেতাঙ্গ রাগবী দলের সফরে বর্ণবৈষম্যবাদ বিরোধীরা যে সহিংস বিক্ষোভ সে দেশে দেখায় এবং ৮০ মিনিটের খেলায় যে রকম পুলিশ সতর্কতা অবলম্বন করতে হয়, তাতে পাঁচদিনের ক্রিকেট ম্যাচ শান্তি-রক্ষকদের কাছে দুর্লঙ্ঘ সমস্যা হয়ে দেখা দেবে। সুতরাং ক্রিকেট সফর বাতিল করাই উচিত।

সফর বাতিল হলে দুটি ব্যবসায় প্রতিষ্ঠান অবশিষ্ট বিশ্ব একাদশ দল গড়ে বেসরকারী টেসট সিরিজ খেলাবার দায় নিতে রাজি আছে।

এখানকার কয়েকজন ক্রিকেট লেখকের অভিমত, আন্তর্জাতিক ক্রিকেটে এখন ভারতের সম্মান খুব উঁচুতে, সুতরাং ভারতের সফর ব্যবস্থা করা হোক। —রয়টার

রাজ্য সাঁতারের স্থান সম্পর্কে অভিযোগ

স্টাফ রিপোরটার

জিওলজিক্যাল সারভে অফ ইনডিয়া থেকে পদ্মপুকুর সন্তরণ সীমানার মাপ ঠিক আছে, একথা স্বীকার করে সারটিফিকেট দেওয়া সত্ত্বেও বেঙ্গল অ্যামেচার সুইমিং অ্যাসোসিয়েশন ওখানে রাজ্য চ্যামপিয়নশিপের আসর বসাতে রাজি হয়নি। অথচ রাজ্য চ্যামপিয়নশিপের আসর বসছে ন্যাশনাল সুইমিং অ্যাসোসিয়েশনের সীমানায়, যেখানকার মাপ ঠিক নেই বলে জিওলজিক্যাল সারভে জানিয়েছে। সোমবার পদ্মপুকুর ইয়ং মেনস অ্যাসোসিয়েশনের সম্পাদক শ্রীসুনীতকুমার দে সাংবাদিক সম্মেলনে ওই কথা জানান। সেপটেমবরের ৯ থেকে ১২ তারিখ পর্যন্ত পদ্মপুকুরে পি ওয়াই এম অ্যাসোসিয়েশনের চারদিন-ব্যাপী বার্ষিক সাঁতার প্রতিযোগিতা আরম্ভ হচ্ছে।

সাঁতার প্রতিযোগিতায় হাঙ্গামা

স্টাফ রিপোরটার

রবিবার বৌবাজার ব্যায়াম সমিতির সাঁতার প্রতিযোগিতা চলাকালে পুরুষদের ১০০ মিটার ফ্রী স্টাইল সাঁতারের ফলাফলকে কেন্দ্র করে বৌবাজার ও সেনট্রাল ক্লাব সমর্থকদের মধ্যে হাতাহাতি বেধে যায়। পুলিশ এসে উভয় পক্ষকে শান্ত করে। আমহারস্ট স্ট্রীট থানা থেকে জানা গেল, সেনট্রাল ক্লাবের ওয়াটারপোলো গোলকীপার প্রদীপ সাহার পিঠ এই সময় কেউ ব্লেড দ্বারা চিরে দেয়। মেডিক্যাল কলেজ হাসপাতাল জানিয়েছে, আঘাত গুরুতর নয় এবং ক্ষত সামান্যই।

চ্যানেল অতিক্রমে ডাচ মেয়ের রেকরড

ডোভার, ইংল্যানড, ৬ সেপটেমবর— ইংল্যানড থেকে ফ্রানস, ইংলিশ চ্যানেল ১০ ঘণ্টা ৪০ মিনিটে পার হয়ে ২২ বছরের ডাচ মেয়ে কোরি অ্যাবিলা মহিলাদের চ্যানেল সাঁতারে এক নতুন রেকরড করেছে। আমেরিকার গ্রেটা এনডারসনের সাত বছরের পুরনো রেকরড থেকে তার সময় তিন ঘণ্টা কম। ৩৩·৫ কিলোমিটার দূরত্বের এই সাঁতারে পুরুষদের রেকরড থেকে অ্যাবিলা সময়ের দিক থেকে মাত্র ২০ মিনিট পিছিয়ে আছে। তিনদিন আগে রিলে প্রথায় চ্যানেল পারাপারের রেকরড স্থাপনকারী দলে অ্যাবিলা ছিল। — রয়টার

বিশ্ব হকিতে ভারতের খেলার তারিখ

জলন্ধর, ৬ সেপটেমবর—বার্শিলোনায় বিশ্ব হকিতে গ্রুপ 'এ'-তে ভারতের প্রথম খেলা ১৫ অকটোবর স্পেনের সঙ্গে। ১৬ অকটোবর—আরজেনটিনা; ১৭ অকটোবর—কেনিয়া; ১৯ অকটোবর—পশ্চিম জারমানি। ২৩ অকটোবর সেমি-ফাইনাল ও ফাইনাল খেলা ২৪ অকটোবর। —ইউ এন আই

শীলডের খেলা হয়নি

স্টাফ রিপোরটার

কাদায় মহমেডান মাঠ খেলার অনুপযুক্ত থাকায় সোমবার আই এফ এ শীলডের দ্বিতীয় রাউনডে ইসটারন রেল ও বেহালা ইয়ুথের খেলাটি অনুষ্ঠিত হয়নি। রেফারি ও দুটি দল মাঠে উপস্থিত ছিল।

আন্তঃ ইস্পাত ফুটবল (দুর্গাপুর)
ভিলাই ১ : অ্যালয় স্টিল ১

অকটোবরে বিশ্বের সেরা ব্যাডমিনটন খেলোয়াড়রা ভারতে খেলবে

নয়াদিল্লি, ৬ সেপটেমবর — আগামী মাসে ভারতে যে আন্তর্জাতিক ব্যাডমিনটন প্রতিযোগিতা হবে, তাতে ইনদোনেশিয়া, মালয়েশিয়া, সুইডেন, জাপান, ডেনমারক ও থাইল্যানডের সেরা খেলোয়াড়রা অংশ নেবে। অকটোবরে সিরিজের প্রথম প্রতিযোগিতা গোরক্ষপুরে ১৪ থেকে ১৭, দ্বিতীয়টি জয়পুরে ২১ থেকে ২৪ এবং তৃতীয়টি বোমবাইয়ে ২৭ থেকে ৩০। কলকাতা ও গৌহাটির প্রতিযোগিতা দুটির তারিখ পরে ঘোষণা করা হবে।

সিঙ্গাপুরে ওপন চ্যামপিয়নশিপস

অকটোবর ৬ থেকে ১০ তারিখ পর্যন্ত সিঙ্গাপুরে ওপন চ্যামপিয়নশিপস ব্যাডমিনটনে যোগদানের জন্য যে আমন্ত্রণ এসেছে, ভারত তা গ্রহণ করেছে। —পি টি আই

গ্রীকো-রোমান কুস্তিতে রাশিয়ার ১৮ বছরের আধিপত্য ভেঙ্গে গেল

সোফিয়া, ৬ সেপটেমবর — গ্রীকো-রোমান কুস্তির বিশ্ব চ্যামপিয়নশিপসে বুলগেরিয়া এবার সোভিয়েট রাশিয়ার ১৮ বছরের একাধিপত্য ম্লান করে দিয়েছে। ১৯৫৩ থেকে সোভিয়েট রাশিয়া দলগতভাবে বিশ্ব চ্যামপিয়ন ছিল। এবার বুলগেরিয়া ৪৬ পয়েনট পেয়ে বিজয়ী হয়েছে। সোভিয়েট রাশিয়ার স্থান দ্বিতীয়, পয়েনট ৩৯·৫। বুলগেরিয়ার কুস্তিগীররা ৩টি সোনা, ২টি রুপো ও ৩টি ব্রোনজ পান। আরও দুজন চতুর্থ হয়েছেন। গতবারের চ্যামপিয়নশিপসে তৃতীয় স্থানাধিকারী যুগোশলাভিয়া এবার চতুর্থ হয়েছে এবং তৃতীয় হয়েছে হাংগেরী। — এ এফ পি

ভারত আন্তর্জাতিক অ্যাথলেটিকসে কোথায়?

মুনিখ, ৬ সেপটেমবর—প্রাক-ওলিমপিক অ্যাথলেটিকসে ডিসকাস ছোঁড়ায় ভারতের পরভীনকুমার ও হরভজন সিং যথাক্রমে অষ্টম ও নবম হয়েছে। পরভীন ছোঁড়ে ৫১·৭২ মিটার ও হরভজন ৫০·৭৬ মিটার। বিজয়ী হাঙ্গেরির ফেরার টেগলার ছোঁড়ার দূরত্ব ৬২·১০ মিটার।

৫,০০০ মিটার দৌড়ে ভারতের এডওয়ারড সিকুইরার স্থান হয়েছে একাদশে। তার লেগেছে ১৪ মিনিট ১২·০ সেকেনড। বিজয়ী বেন জিপচো অতিক্রম করে ১৩ মিনিট ৪০·৮ সেকেনডে। —এ এফ পি

Alpine কিনুন
দামে আর গুণে অপ্রতিদ্বন্দ্বী
খাঁটি মাখন... ৫০, ১০০, ২০০ ও ৪০০ গ্রাম—এছাড়া খাঁটি দুধ, ক্রীম্ এবং ঘি পাওয়া যায়।
এ্যাল্পাইন্ ডেয়ারী
ন্যাশানাল্ টোবাকো বিল্ডিং
১ এবং ২, ওল্ড্ কোর্ট হাউস্ কর্ণার্
কলিকাতা-১। ফোন ২২-৪৮৬১

রাজ জ্যোতিষী

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শ্রেষ্ঠ জ্যোতির্বিদ ও তান্ত্রিক, জ্যোতিষশাস্ত্রে গভর্নমেন্ট উপাধিপ্রাপ্ত মহোপাধ্যায় পণ্ডিত ডঃ শ্রীহরিশ্চন্দ্র ভট্টাচার্য, শাস্ত্রী, জ্যোতিস্তীর্থ, মহাশয় প্রাচ্য ও পাশ্চাত্ত্য জ্যোতিষশাস্ত্রে লব্ধপ্রতিষ্ঠ এবং হস্ত, কপাল রেখা, করকোষ্ঠী নির্মাণে ও নির্ভুল কোষ্ঠী বিচারে অপ্রতিদ্বন্দ্বী। প্রশ্ন গণনায় সিদ্ধহস্ত। ভূত, ভবিষ্যৎ, বর্তমান নির্ণয়ে অদ্বিতীয়।
যোগবলে ও তান্ত্রিক ক্রিয়া এবং শান্তি স্বস্ত্যয়নাদি দ্বারা দুর্ভাগ্যের ও কুপিত গ্রহের প্রতিকার এবং জটিল মামলা মোকদ্দমায় জয়লাভে সহায়তা করিতে তাঁহার ক্ষমতা অনন্যসাধারণ। ভারত, পাকিস্তান বর্মা, সিংহল ইংলণ্ড, আমেরিকা, ফ্রান্স, আফ্রিকা, চীন, জাপান প্রভৃতি দেশের বহু বিশিষ্ট মনীষীবৃন্দ পণ্ডিত মহাশয়ের গুণে মুগ্ধ হইয়া অযাচিত সহস্র সহস্র প্রশংসাপত্র দিয়াছেন।
মহাশক্তিসম্পন্ন কয়েকটি জাগ্রত কবচ : তন্ত্রমতে প্রত্যেকটি কবচের পুরশ্চরণাদি কার্য সুসম্পন্ন হয় বলিয়াই কবচগুলি সদ্য ফলপ্রদ।
শান্তি কবচ :—পরীক্ষায় পাশ, মানসিক ও পারিবারিক ক্লেশ, আকস্মিক দুর্ঘটনা প্রভৃতি সর্বদুর্গতিনাশক। সাধারণ—৫৲; বিশেষ—২০৲।
বগলা কবচ :—মামলায় জয়লাভ, রাজকৃপালাভ, ধন ও সম্মান বৃদ্ধি, ব্যবসায় শ্রীবৃদ্ধি ও সর্বকার্যে যশস্বী হয়। সাধারণ—১২৲; বিশেষ—৪৫৲।
আকর্ষণী কবচ :—শত্রুকে মৈত্রীসূত্রে আবদ্ধ করিতে এবং অভীষ্টজনকে বশীভূত করিতে ইহার ক্ষমতা অপরিসীম। সাধারণ—১২৲; বিশেষ—৫০৲।
পণ্ডিত মহাশয়ের লিখিত হস্তরেখা বিচারের এবং জ্যোতিষী বিদ্যার সহজ ও সরল বাংলা ও ইংরাজী বই পড়ে নিজেই হাত দেখিতে এবং কোষ্ঠী নির্মাণ ও বিচার করিতে পারিবেন।
১। সামুদ্রিক রত্ন (বাংলা) ২য় সংস্করণ—৬৲; ২। জুয়েল অব্ পামিস্ট্রী (ইংরাজী) ২য় সংস্করণ—১০৲; ৩। এ গাইড টু এস্ট্রোলজি (ইংরাজী)—১১৲। সাক্ষাৎ করুন অথবা লিখুন :—হাউস অব এস্ট্রোলজি, ৪৫এ, শ্যামাপ্রসাদ মুখার্জী রোড, কলিকাতা-২৬ (হাজরা পার্কের পূর্বে), ফোন : ৪৭-৪৬৯৩।

লুকোনো ময়লা আপনার রূপের আড়াল।

এ আড়াল সরিয়ে দেবে অ্যান ফ্রেঞ্চ ডীপ ক্লেনজিং মিল্ক—আরো তরল বলে আরো গভীরে গিয়ে পরিষ্কার করে
মুখের ওপর সবসময় ময়লা জমে, যে ময়লা গভীরে বসে গিয়ে চেহারার জৌলুষ নষ্ট করে, বুড়িয়ে দেয়, কুৎসিত দাগে ভরে তোলে,—এক কথায় আপনার রূপকে আড়াল করে রাখে। অ্যান ফ্রেঞ্চ ডীপ ক্লেনজিং মিল্ক দিয়ে এ আড়াল সরিয়ে দিন কারণ অ্যান ফ্রেঞ্চ ডীপ ক্লেনজিং মিল্ক যে কোনো ক্রীম বা ক্লেনজারের চেয়ে তরল।
ক্লেনজিং মিল্ক যত তরল হয় তত ভেতর পর্য্যন্ত পরিষ্কার করতে পারে। দুধের মত টলটলে তরল অ্যান ফ্রেঞ্চ ডীপ ক্লেনজিং মিল্ক হল একমাত্র ক্লেনজার যা ত্বকের ভেতর পর্যন্ত পৌঁছে সমস্ত লুকোনো ময়লা বার করে আনতে পারে। কারণ এই কাজের জন্যেই এ বিশেষভাবে তৈরী। এ ময়লা ধুয়ে যায় না, ক্রীম জাতীয় ক্লেনজার দিয়েও সাফ করা যায় না কারণ ঘন ক্লেনজার ত্বকের ভেতর পর্যন্ত পৌঁছতে পারে না।
যাচাই করে দেখুন : মুখ ধুয়ে আসুন। এবার একটু তুলো অ্যান ফ্রেঞ্চ ডীপ ক্লেনজিং মিল্কে ভিজিয়ে নিয়ে আস্তে আস্তে মুখে আর গলায় ঘষুন। তুলোতে কত লুকোনো ময়লা বেরিয়ে এল দেখলেন তো? এই ময়লাই এতদিন আপনার রূপের আড়াল হয়ে ছিলো।
Anne French DEEP CLEANSING MILK
অ্যান ফ্রেঞ্চ সৌন্দর্য্যে অদ্বিতীয়, রূপচর্য্যায় অদ্বিতীয়
ট্রেডমার্কের রেজিষ্ট্রীকৃত ব্যবহারকারী : জেফ্রি ম্যানার্স এণ্ড কোং লিঃ
93 DCM-302 Ben

PHILIPS WORLD-CLASS RADIOS
নগদে বা সহজ কিস্তিতে
সুগান
১২ই, পার্ক স্ট্রীট, কলি-১৬
ফোন : ২৪-৯৬৯৩
রবিবারসহ প্রত্যহ দোকান খোলা

RAJASTHAN STATE LOTTERIES
FIRST PRIZE Rs.10 LAKHS
TICKET Re. 1/- | 23rd Draw 18-9-1971
৬ সেপ্টেম্বর, ১৯৭১ তারিখে অনুষ্ঠিত প্রাত্যহিক খেলার ফলাফল।
একটি পুরস্কার—৫,০০০৲ টাকা
টিকিট নং C-563307
প্রত্যেকটি ৫০০৲ টাকার ১০টি পুরস্কার
টিকিট নং
D-900401 D-617035 E-550251
E-682225 F-726023 F-019132
A-026085 A-740223 B-520864
B-768121
অবশিষ্ট সিরিজগুলির উপরোক্ত নম্বরযুক্ত টিকিটে প্রত্যেকটি ৫০৲ টাকার ৫৫টি সান্ত্বনা পুরস্কার।
ডিরেক্টর, স্মল সেভিংস অ্যাণ্ড স্টেট লটারিজ, রাজস্থান, জয়পুর

কিনুন নগদ অথবা সহজ কিস্তিতে
TELEFUNKEN
কেসিসি

অন্যান্য চিত্রগৃহে
অতীন্দ্র ব্যারাকপুর—৮৪০ প্রত্যহ ১, ৪, ৭টা — দুনিয়া ক্যা জানে
অশোকা বেহালা ৪৫-৪০১২ ১২॥ ৩॥, ৬॥ — পথে হল দেরী
অলকা ফোন—৬৭-২০২৭ ১॥, ৪॥, ৭॥ — শচীমার সংসার (২য় সপ্তাহ)
নারায়ণী আগপাড়া ৫৬-৩৩৩৮ ১, ৪, ৭ — জানে আনজানে
পার্বতী হাওড়া ৬৭-২৮১১ ১, ৩½ ৬॥টা — আপ আয়ে বাহার আয়ী
সুরশ্রী ৩৫-৩৪৩৩ ১২, ৩, ৬ — শচীমার সংসার (২য় সপ্তাহ)
শ্যামাশ্রী হাওড়া ৬৭-৩১৫০ ১২, ৩, ৬ — শচীমার সংসার (২য় সপ্তাহ)
রূপায়ন সিনেমা ৪৫-২৭৩৬ ১॥, ৪॥, ৭॥ — শচীমার সংসার
শ্যামলী ৬৭-২৩৫৮ ১, ৪, ৭টায় — ফরেব
জয়া ৫৭-৩১৩৬ বাতানুকূল ১, ৪, ৭ — দুনিয়া ক্যা জানে
জেম প্রত্যহ বেলা ১১-৩০ মিঃ রাজকাপুর, মধুবালা — দো ওস্তাদ
রূপম ফোন—৩৪-৪৩১৭ ১, ৪, ৭ — শচীমার সংসার (২য় সপ্তাহ)
বিনোদিনী বাগুইআটি ১, ৪, ৭ — লাল ভুল
পূর্বাশা ৪৬-২৩০২ ১, ৪, ৭ — লগন
নবীনা আগপাড়া ৪৬-৮০৯১ প্রত্যহ ১২, ৩, ৬ — গাওয়ার
প্রভাত প্রত্যহ ২, ৫-১৫, ৮-৩০টা সংশোধিত প্রিণ্ট — রাজ - বৈজয়ন্তী - রাজেন্দ্র — সঙ্গম (রঙীন)

উত্তেজনাপূর্ণ ৩য় সপ্তাহ!
মোহনকুমারের অনবদ্য প্রেম-গীতিকাব্য
রাজেন্দ্র কুমার - সাধনা

আপ আয়ে বাহার আয়ী

তরুণ মজুমদারের কুহেলি
রাধা - পূর্ণ - প্রাচী
(২, ৫, ৮) (২॥, ৫॥, ৮॥) (২, ৫, ৮)

বিশ্বরূপা ফোন-৫৫-৩২৬২
বৃহ ৬টা, শনি ও রবি ২॥, ৬
শেষ ৫টি অভিনয়
কোথায় পাবো তারে
নাটক ও নির্দেশনা/রাসবিহারী সরকার
জয়শ্রী, সবিতাব্রত, সত্য ও কণিকা, দিলীপ

রঙমহল বৃহ : ৬টায় শনি : ৬টায়
ফোন : ৫৫-১৬১৯ রবি : ২॥ ও ৬টায়
একটি সার্থক সৃষ্টি
উত্তরণ

স্টার থিয়েটার ফোন : ৫৫-১১৩৯
সীমা
বৃহ ও শনি ৬টায় রবি ২॥ ও ৬টায়

৯ই/কাঁচরাপাড়ায়/৬টায়
যাত্রিকের দু'টি নাটক
একটি একাংক / একটি হাসির পূর্ণাংগ
১৪ই/ মুক্ত-অংগনে/৬-৩০
(হলে টিকিট)
(সি ১০২৬/১)

৩৫-৫৫৯৮ কাশী বিশ্বনাথ মঞ্চ
বৃহঃ ও শনি ৬টায় ● রবি ২॥ ও ৬টা
কাহিনী—সমরেশ বসু সুর—নচিকেতা বসু
সওদাগর
—ভূমিকালিপি পূর্ববৎ—

নান্দীকার ॥ আজ ৬॥টায়
শের আফগান

রঙ্গনা
নান্দীকার
নাটকারের সন্ধানে

শচীমার অন্তরের বেদনায় বাঙলার মায়েরা একাত্ম
শচীমার সংসার

Casanova '70

প্রথম প্রতিশ্রুতি

CUT PIECE
কাটপিস, কাটপিস
হরলালকা ষ্টোর্স

মাস থিয়েটার্স
আজ ॥ সন্ধ্যা ৭টায়
মুক্ত-অঙ্গনে
গভর্ণমেন্ট ইন্সপেক্টর
নির্দেশনা ॥ জ্ঞানেশ মুখোপাধ্যায়
—হলে টিকিট—

বিশ্বরূপা — আজ ৭ই সেপ্টেম্বর সন্ধ্যা ৬টায়
আমি সুভাষ
রচনা, পরিচালনা—অমর ঘোষ
শ্রেষ্ঠাংশে : শান্তিগোপাল, বর্ণালী
হলে টিকিট ৫৫-৩২৬২
৫-৩০টায় ভারতীয় সেবায়ন কর্তৃক শান্তিগোপালের সম্বর্ধনা।

রবীন্দ্র সদনে
আজ বেলা ১১টা থেকে
বুকিং শুরু!
লোকনাট্যের বিজয়দীপ্ত নিবেদন
আগামী ১২ সেপ্টেম্বর সন্ধ্যা ৬টায়
জয় বাংলা
রচনা ও পরিচালনা উৎপল দত্ত
টিকিট : ৭৲, ৫৲, ৩৲, ২৲ টাকা
৩৩৩/বি রবীন্দ্র সরণী, কলকাতা—৬
ফোন : ৩৩-২৫৯৭

শুক্রবার ১০ই সেপ্টেম্বর আরম্ভ
এমন গান, মনোলোভা সুন্দরী, রুদ্ধশ্বাস আর রঙে ভরা নাটকীয় কাহিনী

বহুরূপী

পথে হ'ল দেরী
সুচিত্রা উত্তম-এর অনুরাগ মধুর অপূর্ব অভিনয়
শ্রী : পূরবী : ইন্দিরা
১২, ৩।, ৬। ১২, ৩, ৬, ৯ ৩ ৬ ৯
অশোকা (২য়) মানসী (৩য়) রমা (২য়) গৌরী (২য়)

২য় সঃ সর্বাঙ্গসুন্দর পারিবারিক চিত্র!
নুতন - অজয় সাহানী - ফরিদা জালাল
আর. আর. কে. কম্বাইনস (মাদ্রাজ)
লগন
ইষ্টম্যানকলার
পরিচালনা : রামন্না
সঙ্গীত : লক্ষ্মীকান্ত প্যারেলাল
রক্সি : রূপালী : লিবার্টি
৩, ৬, ৯ ২॥, ৫॥, ৮॥ ১২, ৩, ৬
ন্যাশনাল • অজন্তা • নীপা • শৈলশ্রী
চলচ্চিত্রম • পূর্বাশা • প্রফুল্ল • জয়শ্রী
তটিনী - করোনেশন (রাণীগঞ্জ)
বিহার (ঝরিয়া)
প্রিয়াতে প্রত্যহ দ্বিপ্রাহরিক প্রদর্শনী ১১টায় ইন্তেকাম

১২শ জনপ্রিয় সপ্তাহ
রাজেশ খান্না তনুজা
হাতী মেরে সাথী
রিগ্যাল — প্রিয়া
১১, ২॥, ৫½, ৯ ২, ৫॥, ৮॥
মিত্রা (২, ৫॥, ৮॥) ও অন্যত্র
প্রিয়ায় বেলা ১১-৩০টায় 'ইন্তেকাম'

আজ ॥ রবীন্দ্রসদনে ॥ সন্ধ্যা ৬টায়
টিনের তলোয়ার
রচনা ও পরিচালনা— উৎপল দত্ত
সঙ্গীত পরিচালনা—প্রশান্ত ভট্টাচার্য

শেষ হাসিখুশী সপ্তাহ
উত্তম - সাবিত্রী - জয়া
ধন্যি মেয়ে
পরিচালনা : অরবিন্দ মুখার্জি
সঙ্গীত : নচিকেতা ঘোষ

জনবহুল ৪র্থ সপ্তাহ!
সাস ভী কভী বহু থী

বিজলী গ্র্যানেডিয়াম

সোনার পাথরবাটি

৬ষ্ঠ সঃ হাসি ও আনন্দের ফুলঝুরিতে উপভোগ্য
শাম্মী কাপুর - হেমা মালিনী - রাজেশ খান্না
জি. পি. সিপ্পীর আন্দাজ
ইস্টম্যানকলার

ত্যাগে ও ক্ষমায় ভারতীয় নারীর প্রতিমূর্তি এর 'ভারতী'!
দুনিয়া ক্যা জানে

সরকারী এমপোরিয়ামে শাড়ি নষ্ট হওয়ার সংবাদ প্রসঙ্গে

এই রাজ্যের সরকারী এমপোরিয়ামে প্রভূত পরিমাণ শাড়ি নষ্ট হওয়ার যে সংবাদ গত ক আগস্ট প্রকাশিত হয়েছিল পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প করপোরেশনের ম্যানেজার শ্রী জি সি ভট্টাচার্য সোমবার সে সম্পর্কে এক বিবৃতি দিয়েছেন। তাতে বলা হয়েছে যে, ওই করপোরেশনের সেলস এমপোরিয়মগুলিতে প্রভূত পরিমাণে বস্ত্রাদি মজুদ জমে গিয়েছে একথা ঠিক। কিন্তু ওই বস্ত্রগুলি এমন নষ্ট হয়নি যে সেগুলি কাগজের কলগুলি ছাড়া অন্যভাবে বিক্রয় করা সম্ভব নয়। 'রিডাকশন সেল' সম্পর্কে ওই সংবাদে যা বলা হয়েছে তাও সঠিক চিত্র নয়। যখনই 'রিডাকশন সেল' করার ব্যবস্থা করা হয় তখনই প্রতিটি এমপোরিয়মে ওই সেলের নোটিশ ভালভাবে টাঙিয়ে দেওয়া হয়।

ভারতীয় বার্তাজীবী সংঘের ওয়ারকিং কমিটির প্রস্তাব

নয়াদিল্লি, ৬ সেপটেম্বর—একচেটিয়া ব্যবসায় স্বার্থ থেকে সংবাদপত্রকে মুক্ত করার এবং সংবাদপত্র ও সংবাদ সরবরাহ প্রতিষ্ঠান পরিচালনায় সাংবাদিক ও অসাংবাদিকগণ যাতে অংশ নিতে পারেন সেজন্য সরকার যে সিদ্ধান্ত নিয়েছেন ভারতীয় বার্তাজীবী সংঘ তাতে স্বাগত জানিয়েছেন।

এখানে ভারতীয় বার্তাজীবী সংঘের ওয়ারকিং কমিটির ২ দিনব্যাপী বৈঠকে গৃহীত এক প্রস্তাবে বলা হয়েছে, কিছু সংশোধন সহ প্রস্তাবিত এই সংস্কারে প্রকৃত স্বাধীন সংবাদপত্র গড়ার পথ প্রশস্ত হল। —ইউ এন আই

শ্রীনগরে জাল টাঁকশাল আবিষ্কার

শ্রীনগর, ৬ সেপটেম্বর—কাশ্মীর পুলিশ আজ শ্রীনগরের এমন একদল সোনা-রূপোর ব্যবসায়ীর সন্ধান পেয়েছে যারা জাল সোনার টাকা তৈরি ও বিক্রির ব্যাপারে জড়িত। যে টাঁকশালে ওই সব টাকা তৈরি হত পুলিশ সেটি আটক করেছে। ১১ জন নাম-করা ধনী ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায়, পুলিশ অফিসারদের প্রচুর টাকা ঘুষ দেওয়ার চেষ্টাও তারা করেছিল।

জাল সোনার টাকা ছাড়াও গহনাপত্র, সোনার বাঁট ও বিস্কুট আটক করা হয়েছে। আজ ডি আই জি পীর গোলাম হাসান শাহের সাংবাদিক বৈঠকে ওই সব আটক জিনিসপত্র দেখানো হয়। —পি টি আই

বরানগর-কাশীপুর শান্তি কমিটির সদস্যরা অনশন করছেন

বরানগর-কাশীপুর নাগরিক শান্তি কমিটির পক্ষ থেকে জানানো হয়, শান্তি কমিটির সম্পাদক ও কোষাধ্যক্ষ শ্রীনীতিশ গুপ্ত ও শ্রীসুধীররঞ্জন কাঞ্জিলাল গত শনিবার সকাল থেকে অনশন করছেন।

সোমবার কালীঘাট মন্দিরের চত্বর বানের জলে থৈ থৈ। —নিজস্ব-চিত্র

গঙ্গার বানে জাহাজে মাল খালাস বন্ধ

প্রথম পৃষ্ঠার পর

মুখার্জি রোড এবং রাসবিহারী অ্যাভিনিউর মোড় পর্যন্ত আদি গঙ্গার জল চলে আসে। এখানকার প্রাচীন অধিবাসীদের অনেকেই বলেন, বানের জল এত দূরে আসতে তাঁরা কখনও দেখেন নি।

তারাতলা এবং ডায়মণ্ড হারবার রোডের মোড়ে সন্ধ্যা পর্যন্ত এক হাঁটু জল দাঁড়িয়ে থাকে। জল খিদিরপুরেও।

মহেশতলায় কয়েকটি গ্রামও প্লাবিত হয়। এ ছাড়া মহেশতলা থেকে হুগলি পর্যন্ত গঙ্গার দুধারের বিস্তীর্ণ অঞ্চলও জলে ডুবেই আছে।

কাঁচরাপাড়ায় বাঁকা খাল দিয়ে জল ঢুকে শহর ভাসিয়েছে। পৌরসভা এবং মাতৃ সদনের বারান্দা পর্যন্ত জল চলে এসেছে। প্লাবিত অঞ্চলের অধিবাসীদের চারটি স্কুলে আশ্রয় দেওয়া হয়েছে বলে পৌরসভার একজন কমিশনার রাতে টেলিফোনে আমাদের জানান।

গঙ্গার তীরবর্তী কেওড়াতলা, নিমতলা, কাশী মিত্র ঘাট, 'রামকৃষ্ণ মহাশ্মশান' প্রভৃতি শ্মশান জলপ্লাবিত হয়। এজন্য কোন কোন শ্মশানে কোন কোন শ্মশানে চিতায় জল ঢুকে তখনকার মত দাহকার্য স্থগিত রাখতে হয়।

শোক-সংবাদ

ব্রিটানিয়া বিসকুট কোমপানির ডাইরেকটরস বোরডের প্রাক্তন সদস্য শ্রীঅতুলপ্রসাদ চন্দ (৬৬) রবিবার তাঁর নিউ আলিপুরের বাসভবনে মারা যান। তিনি পরলোকগত প্রখ্যাত নৃতত্ত্ববিদ্ রায়বাহাদুর রমাপ্রসাদ চন্দের পুত্র। চারটারড অ্যাকাউনটেনট হবার পরে শ্রীচন্দ প্রথমে হাওড়া

বারন কোমপানিতে চাকুরি শুরু করেন। পরে তিনি ব্রিটানিয়া বিসকুটে যোগ দেন। সম্মেলনী, চক্রবৈঠক প্রভৃতি বহু সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সঙ্গে তিনি যুক্ত ছিলেন। তাঁর স্ত্রী, এক ছেলে ও দুই বিবাহিতা মেয়ে বর্তমান।

*

প্রখ্যাত চিকিৎসক, নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতালের চর্মরোগ বিভাগের প্রধান, ডাঃ তারাদাস মজুমদার (৫৪) গত শনিবার দুপুরে কলকাতায় পরলোকগমন করেছেন। তিনি অকৃতদার ছিলেন। তাঁর মা ও তিন ভাই বর্তমান।

VANKOS®

সতর্কীকরণ

- অনুকরণকারীদের প্রতি : মামলা থেকে সাবধান হোন
উপরে প্রদর্শিত রেজিস্টার্ড ট্রেড মার্কের যে কোনরূপ লঙ্ঘন, অনুকরণ বা প্রায় অনুকরণ অথবা অননুমোদিত ব্যবহার করলে আইন অনুযায়ী গুরুতর ব্যবস্থা অবলম্বিত হবে।
- ক্রেতাদের প্রতি : নকল থেকে সাবধান হোন
হাইড্রলিক জ্যাকস
হাইড্রলিক পাইপ বেণ্ডিং মেশিন ইত্যাদি
কেনার আগে অবশ্যই নিশ্চিত হবেন যে, এইগুলি আসল ভ্যাংকস সামগ্রী।
কেবল অনুমোদিত ডীলারদের নিকট থেকে কিনুন।
সন্দেহ হলে সঙ্গে সঙ্গে আমাদের নিকট লিখুন।

ভ্যাংকস অ্যাণ্ড কোম্পানি

রাজেন্দ্র পথ, পাটনা-১ কারখানা : পাটনা—১ ও ১৩

(৮৯৩২এ)

CMDA

ক্যালকাটা মেট্রোপলিটান ডেভেলপমেণ্ট অথরিটি

সংক্ষিপ্ত টেণ্ডার বিজ্ঞপ্তি

একজিকিউটিভ এঞ্জিনীয়ার, সি এম ডি এ, জোন-২, ১৯৬সি, অরবিন্দ সরণি, কলিকাতা-৪—পাইকপাড়া ও কাশীপুর এলাকায় বস্তী উন্নয়ন কাজের জন্য নির্ভরযোগ্য সঙ্গতিপন্ন ও অভিজ্ঞ ঠিকাদারদের নিকট হইতে সীলকরা টেণ্ডার আহ্বান করিতেছেন।

ক্রমিক নং	কাজের নাম	অনুমিত ব্যয়বরাদ্দ	বায়নার পরিমাণ
১। ক)	বস্তী ইমপ্রুভমেণ্ট ওয়ার্কস অধীনে ল্যাট্রিন সেপটিক ট্যাংক ও আনুষঙ্গিক নির্মাণ কাজ, ক্লাস্টার নং ৫।	২,৬৫,০০০, টাকা	৫,৩০০, টাকা
খ)	—ঐ—	২,৬৫,০০০, টাকা	৫,৩০০, টাকা
২।	সি এম ডি এ-এর বস্তী ইমপ্রুভমেণ্ট ওয়ার্কস অধীনে ড্রেন, ডাস্টবিন ও আনুষঙ্গিক নির্মাণ কাজ, ক্লাস্টার নং ৫।	৬৮,০০০, টাকা	১,৩৬০, টাকা
৩।	সি এম ডি এ-এর বস্তী ইমপ্রুভমেণ্ট ওয়ার্কস অধীনে ল্যাট্রিন সেপটিক ট্যাঙ্ক ও আনুষঙ্গিক নির্মাণ কাজ, ক্লাস্টার—৮।	৩,০০,০০০, টাকা	৬,০০০, টাকা
৪।	সি এম ডি এ-এর বস্তী ইমপ্রুভমেণ্ট ওয়ার্কস অধীনে ড্রেন, ডাস্টবিন ও আনুষঙ্গিক নির্মাণ কাজ, ক্লাস্টার—৮।	৫৬,৬০০, টাকা	১,১৩২, টাকা

১৭-৯-৭১ তারিখ বেলা ৩টা পর্যন্ত টেণ্ডার একজিকিউটিভ এঞ্জিনীয়ারের অফিসে গৃহীত হইবে। টেণ্ডার আহ্বায়ক বিশদ নোটিস, স্পেসিফিকেশন, বিশদ শর্তাদি ও দফাওয়ারি তালিকা ইত্যাদি সকল কাজের দিন বেলা ১১টা হইতে বিকাল ৪টার মধ্যে একজিকিউটিভ এঞ্জিনীয়ারের অফিসে দেখা যাইবে। ১৬-৯-৭১ তারিখ পর্যন্ত সকল কাজের দিন বেলা ১১টা হইতে বিকাল ৪টার মধ্যে টেণ্ডারের কাগজপত্র বিক্রয় করা হইবে।

রুশ নেতৃত্বের প্রতি রুমানিয়ার চ্যালেনজ

ভিয়েনা, ৬ সেপটেম্বর—সোভিয়েট ইউনিয়নের কমিউনিসট আন্দোলনের নেতৃত্ব করার অধিকার রুমানিয়া সরকারীভাবে চ্যালেনজ করেছে।

স্প্যানিশ কমিউনিসট প্রতিনিধিদের সফর শেষে যে যুক্ত ইসতাহার বের করা হয়েছে, তাতে রুমানিয়ার কমিউনিসট পার্টি চীনের বিরুদ্ধে মিলিত হওয়ার রুশ আহ্বানের স্বাধীন নীতি গ্রহণের কথা বলেছে।

ইসতাহারে পরিষ্কার বলা হয়েছে, কমিউনিসট আন্দোলনের নেতৃত্ব করার জন্য পৃথিবীর কোন অংশে কেন্দ্র থাকার দরকার নেই। —ইউ পি আই

ইয়াহিয়ার হাতে আটক ভারতীয় দুই সাংবাদিকের মুক্তি দাবি

নয়াদিল্লি, ৬ সেপটেম্বর—দুজন ভারতীয় সাংবাদিককে,—শ্রীদীপক ব্যানার্জি ও শ্রীসুরজিৎ ঘোষালকে ইয়াহিয়ার সৈন্যরা আটক করে রাখায় ভারতীয় বার্তাজীবী ফেডারেশনের কার্যকরী সমিতি আজ গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। ওই দুই সাংবাদিক যাতে অবিলম্বে মুক্তি পান, সেজন্য সর্বপ্রকার ব্যবস্থা নিতে তাঁরা ভারত সরকারকে অনুরোধ জানিয়েছেন। —ইউ এন আই

সারা উত্তরপ্রদেশে প্রচণ্ড বন্যা

লখনউ, ৬ সেপটেম্বর—প্রায় সমস্ত উত্তরপ্রদেশ এখন প্রচণ্ড বন্যার কবলে পড়েছে। গোমতীর প্লাবনে আজ লখনউ শহরের এক-পঞ্চমাংশ জলে থৈ থৈ করছে! রাজ্যের ৬টি নদীতেই জলস্ফীতি অব্যাহত রয়েছে। ৫৪টির মধ্যে ৫০টি জেলা প্লাবিত হয়েছে। এদের মধ্যে ১০টি সর্বাপেক্ষা বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে।

মৃত্যুর সংখ্যা ২৩৭

বন্যা সংক্রান্ত সর্বশেষ সরকারী ইস্তাহারে আজ বলা হয়েছে, উত্তরপ্রদেশের বিভিন্ন জেলা থেকে নতুন করে আরও ১১ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। এই নিয়ে রাজ্যে এ বছরের বৃষ্টি ও বন্যায় মৃত্যু সংখ্যা দাঁড়ালো ২৩৭।

বেসরকারী খবরে অবশ্য জানা যায়, মৃত্যু সংখ্যা দাঁড়িয়েছে তিনশ' মত।

মধ্যপ্রদেশে প্রবল বর্ষণ, ভুপাল বিচ্ছিন্ন

ভুপাল, ৬ সেপটেম্বর—গত ২৪ ঘণ্টা ধরে মধ্যপ্রদেশের বহুস্থানে প্রবল বর্ষণের ফলে সড়ক সংযোগ বিপর্যস্ত হয় এবং ভুপাল রাজ্যের অবশিষ্টাংশ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। নর্মদা ও শাখা নদীগুলিতে জল ক্রমশ বেড়েই চলেছে। —পি টি আই ও ইউ এন আই



মেসার্স ভি রাজকুমার, ১৬০ যমুনালাল বাজাজ স্ট্রীট, কলকাতা-৭

অল-ইণ্ডিয়া ইনস্টিটিউট অফ হাইজিন অ্যাণ্ড পাবলিক হেলথ

১১০ চিত্তরঞ্জন অ্যাভিনিউ, কলিকাতা-১২

১৫ই নভেম্বর, ১৯৭১ তারিখ হইতে এই ইনস্টিটিউটে নিম্নলিখিত কোর্সগুলি শুরু হইবে :—

১। পাবলিক হেলথ নার্সিং সুপারভিশনে সার্টিফিকেট কোর্স। কোর্সের মেয়াদ ৩ মাস।

(১) পাবলিক হেলথ নার্সিং-এ সার্টিফিকেট, বা (২) নার্সিং-এ বি এস-সি ডিগ্রীধারী বা (৩) সিনিয়র নার্সিং সার্টিফিকেটধারী হেলথ ভিজিটর প্রার্থিগণ ভর্তির যোগ্য। প্রার্থীদের আরবান্ বা রুর্যাল পাবলিক হেলথ ফিল্ডে অন্ততঃ, পাঁচ বৎসরের অভিজ্ঞতা থাকা চাই। এই কোর্সের মনোনীত শিক্ষার্থীদিগকে স্টাইপেণ্ড দেওয়ার প্রশ্নটি বিবেচনাধীন আছে।

২। পাবলিক হেলথে ডিপ্লোমা কোর্স (ডি. পি. এইচ. পার্ট-২)। কোর্সের মেয়াদ প্রায় ৬ মাস।

যে সকল প্রার্থী কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মেটারনিটি অ্যাণ্ড চাইল্ড ওয়েলফেয়ারে ডিপ্লোমা (ডি. এম. অ্যাণ্ড সি. ডবলিউ) বা ইণ্ডাস্ট্রিয়াল হেলথে (ডি. আই. এইচ.) ডিপ্লোমাধারী অথবা ইহার সমতুল যোগ্যতাসম্পন্ন কেবল তাঁহারাই এই কোর্সে ভর্তি হইতে পারিবেন এবং ডি. পি. এইচ. কোর্সের প্রথম চার মাস ক্লাসে যোগ দেওয়া হইতে রেহাই পাইবেন।

৩। ইণ্ডাস্ট্রিয়াল হেলথে (ডি. আই. এইচ. পার্ট-২) ডিপ্লোমা কোর্স। কোর্সের মেয়াদ প্রায় ৬ মাস।

যে সকল মেডিক্যাল গ্র্যাজুয়েট কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথে ডিপ্লোমা (ডি. পি. এইচ.)-ধারী বা ইহার সমতুল যোগ্যতাসম্পন্ন তাঁহারা এই কোর্সে ভর্তি হইতে পারিবেন এবং এই কোর্সের পার্ট-১-তে যোগ দেওয়া হইতে রেহাই পাইবেন।

৪। নিউট্রিশনে ডিপ্লোমা কোর্স (ডি. এন. পার্ট-২)। কোর্সের মেয়াদ প্রায় ৬ মাস।

যে সকল প্রার্থী কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথে ডিপ্লোমা (ডি. পি. এইচ.)-ধারী বা সমতুল যোগ্যতাসম্পন্ন কেবল তাঁহারাই বর্তমান কোর্সে ভর্তি হইতে পারিবেন এবং ডি. এন. কোর্সের প্রথম চার মাস যোগ দেওয়া হইতে রেহাই পাইবেন।

৫। মেটার্নিটি অ্যাণ্ড চাইল্ড ওয়েলফেয়ার কোর্সে ডিপ্লোমা (ডি. এম. অ্যাণ্ড সি. ডবলিউ. পার্ট-২) কোর্সের মেয়াদ প্রায় ৬ মাস।

যে সকল প্রার্থী কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথে ডিপ্লোমা (ডি. পি. এইচ.) বা ইণ্ডাস্ট্রিয়াল হেলথে ডিপ্লোমাধারী বা সমতুল যোগ্যতাসম্পন্ন কেবল তাঁহারাই ভর্তি হইবার যোগ্য এবং ডি. এম. সি. ডবলিউ. কোর্সের প্রথম চার মাস যোগ দেওয়া হইতে রেহাই পাইবেন।

৬। হেলথ এডুকেশনে ডিপ্লোমা কোর্স (ডি. এইচ. ই. পার্ট-২)। কোর্সের মেয়াদ, ব্যবহারিক ট্রেনিংসহ প্রায় ৮ মাস।

যে সকল প্রার্থী কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথে ডিপ্লোমা (ডি. পি. এইচ.), বা ইণ্ডাস্ট্রিয়াল হেলথে ডিপ্লোমা (ডি. আই. এইচ.), বা মেটারনিটি অ্যাণ্ড চাইল্ড ওয়েলফেয়ারে ডিপ্লোমা (ডি. এম. অ্যাণ্ড সি. ডবলিউ.)-ধারী বা সমতুল যোগ্যতাসম্পন্ন কেবল তাঁহারাই ভর্তি হইতে পারিবেন এবং ডি. এইচ. ই. কোর্সের প্রথম চার মাস যোগ দেওয়া হইতে রেহাই পাইবেন।

উপরোক্ত কোর্সগুলির ২০% সীট তপসীলী জাতি/উপজাতির জন্য সংরক্ষিত রাখা হইয়াছে। তপসীলী জাতি/উপজাতির অন্তর্ভুক্ত প্রার্থিগণ তাঁহাদের দরখাস্ত ফরমের সঙ্গে প্রার্থী যে সম্প্রদায়ের অন্তর্ভুক্ত সেই সম্প্রদায়ের এম. এল. এ. বা এম. পি.-র নিকট হইতে এই মর্মে একটি সার্টিফিকেট পেশ করিবেন যে, প্রার্থী উক্ত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত।

নির্ধারিত দরখাস্ত ফরম ও প্রসপেক্টাস ইত্যাদির জন্য যোগ্যতা, অভিজ্ঞতার পূর্ণ বিবরণ উল্লেখে এই ইনস্টিটিউটের ডিরেক্টরের নিকট আবেদন করুন।

সমস্ত কোর্সের জন্যই পূরণ করা দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ২০শে সেপ্টেম্বর, ১৯৭১।

ডি এ ডি পি—৭১/২৫৪

জোনাল অফিস : ন্যাশনাল রেডিও অ্যাণ্ড ইলেকট্রনিকস কোং লিঃ, ১৭, গণেশ চন্দ্র অ্যাভেনিউ, কলিকাতা-১৩

পড়ুন
সব সেরা সাপ্তাহিক
দেশ

গোয়েন্দা রিপ/জন প্রেন্টিস ও ফ্রেড ডিকেনসন রচিত

কেশগুচ্ছের প্রাচুর্যের জন্য
সলু-রিসর্সিনল
মরামাস, খুস্কি ও চুল ওঠা বন্ধ করে।
পঞ্জের ল্যাবরেটরীজ প্রাইভেট লিঃ

প্রথম প্রেমের মত স্নিগ্ধ মধুর!

দুজনে যেদিন প্রথম দেখা, ও বলেছিল, 'ভারী মিষ্টি গন্ধ তো'। আমি বলেছিলাম, 'তানিয়া'। এখন ও আমাকে ডাকে 'তানিয়া' ব'লে। আচ্ছা, তানিয়ার মিষ্টি গন্ধে কি আমাকে ওর ভালো লেগেছিল, না আমাকে ভালোবাসেই তানিয়া ওর এত পছন্দ—কে জানে।

তানিয়া সুরভি

প্রস্তুতকারক : সাহেব সিং'স্

'বিউটি ইজ ইওর বার্থরাইট' পুস্তিকার জন্য এবং আপনার রূপ-চর্চার নানা সমস্যার উত্তরের জন্য আমাদের 'বিউটি কনসালটেন্টস্', পোস্ট বক্স : ৪৪০, নিউ দিল্লী,—এই ঠিকানায় লিখুন।

Progressive/SS- 2/69

ইউনিটের দর

বোমবাই, ৬ সেপটেমবর—আগামী-কাল ইউনিটের বিক্রয় ও পুনঃ ক্রয়মূল্য যথাক্রমে ১০ টাকা ৬৫ পয়সা এবং ১০ টাকা ২৫ পয়সা বহাল থাকবে।

—পি টি আই

সোনা ও রূপা

৬ সেপটেমবর—আজ কলকাতার বাজার বন্ধের সময় দর নিম্নরূপ ছিল—

খাঁটি সোনা (স্ট্যান ১০ গ্রাম)	২০০৲
সোনার গহনা (২২ ক্যাঃ ১০ গ্রাম)	১৮৯৲
রূপার বাট (১ কেজি)	৫৫৭৲
ঐ খুচরা (১ কেজি)	৫৬১৲

এবার "পূজার মজা
PHILIPS
ফিলিপস্
কেনা!
রেডিও - ট্রানজিস্টার - ষ্টিরিও
রেকর্ড প্লেয়ার—
॥ সর্বাধুনিক মডেলের সমাবেশ ॥
দক্ষিণ কলিকাতার বিশ্বস্ত 'ফিলিপস্' রেডিও ডিলার
ক্যালকাটা
রেডিও ষ্টোর্স
৪/১, শম্ভুনাথ পণ্ডিত স্ট্রীট
কলিকাতা-২০ ॥ ফোন : ৪৪-১২৭৬
(৯০৩৬এ)

সভা-সমাবেশ

ইউনাইটেড ব্যাংক রিক্রিয়েশন ক্লাব (কলেজ স্ট্রীট শাখা) : ৩২তম বার্ষিক অনুষ্ঠান। সন্ধ্যা সাড়ে ৫টায় স্টার রঙ্গ-মঞ্চে 'উল্কা' নাটকাভিনয়। **বিপ্লবী পরিষদ :** সন্ধ্যা ৬টায় মহাজাতি সদন সেমিনার হলে প্রাক্তন স্বাধীনতা সংগ্রামী-দের সঙ্গে লোকসভা-সদস্য শ্রীশিবনলাল সাকসেনার আলোচনা। **সংযুক্ত সমাজ-তান্ত্রিক দল (বিদ্রোহী) :** সন্ধ্যা সাড়ে ৬টায় ১৯৫।৩ বি, রাসবিহারী এভি-নিউতে কলকাতা জেলা কমিটির সভা। **রামকৃষ্ণ মিশন (গোলপার্ক) :** সাড়ে ৬টায় শিবানন্দ হলে 'স্বামী বিবেকানন্দের সমাজদর্শন : সমাজ পরিবর্তনের উত্থান পতন' বিষয়ে বাংলায় বক্তৃতা। **কলকাতা বিশ্ববিদ্যালয় :** বেলা ২টায় ডঃ শ্যামা-প্রসাদ স্মৃতি নিখিল ভারত বিতর্ক প্রতিযোগিতা, কলকাতা তথ্য কেন্দ্র (বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ভারতের ভূমিকা বিষয়)। **বাণীপুর নিম্ন বুনিয়াদী শিক্ষণ মহাবিদ্যালয় (বিভাগ এক) :** ২৪তম প্রতিষ্ঠা বার্ষিক অনুষ্ঠান। আলোচনাচক্র ৩টা থেকে ৫টা। বিষয়—শিক্ষা সমাজ ও গণতন্ত্র সভাপতি—অধ্যাপক বিভূরঞ্জন গুহ। **সংস্কৃত কলেজ আলোচনাচক্র :** সাড়ে ৪টায়, বিষয়—ভারতী বিবরণ প্রস্থান মতবিবেক। **ক্লারিঅন ম্যাককান (রিক্রিয়েশন ক্লাব) :** ১১ তারিখ পর্যন্ত ৫টা থেকে ৮টা। অকাদেমী অব ফাইন আরটসে চিত্র ও ভাস্কর্য প্রদর্শনী।

আজ নব কংগ্রেসের জেলা কর্মকর্তাদের বৈঠক

স্টাফ রিপোরটার

কংগ্রেসের কেন্দ্রীয় কর্ম সমিতির সদস্য শ্রীসিদ্ধার্থশংকর রায় পশ্চিম-বঙ্গের নব কংগ্রেস সভাপতি নির্বাচনের ব্যাপারে আজ মঙ্গলবার জেলা কমিটিগুলির সভাপতি এবং সম্পাদক-দের বৈঠক ডেকেছেন। বৈঠক বসবে শ্রীরায়ের বাড়িতে।

ইতিমধ্যে সভাপতি পদের জন্য বর্ধমানের শ্রীনারায়ণ চৌধুরী মনো-নয়ন দাখিল করেছেন বলে শোনা যায়। তবে রিটারনিং অফিসার শ্রীরণদেব চৌধুরী জানান, তিনি সোমবার রাত্রি পর্যন্ত কোনও মনো-নয়নপত্র পাননি। মনোনয়নপত্র দাখিল করার শেষদিন বৃহস্পতিবার। নির্বাচন ১৭ সেপটেমবর।

এ পর্যন্ত সভাপতি পদের জন্য আবদুস সত্তার, দেবীপ্রসাদ চট্টো-পাধ্যায় এবং নারায়ণ চৌধুরীর নাম আছে। আজকের বৈঠকে প্রতি-দ্বন্দ্বিতা এড়িয়ে ঐকমত্য প্রতিষ্ঠার জন্য চেষ্টা হবে।

সি পি আই-এর রাজ্য সম্মেলন আজ থেকে

স্টাফ রিপোরটার

আজ মঙ্গলবার দক্ষিণ কলকাতার ত্যাগরাজ হলে সি পি আই-এর পাঁচ দিনব্যাপী রাজ্য সম্মেলন শুরু হচ্ছে।

এবারের সম্মেলনে ১৯৬৮ সালের পর থেকে পশ্চিমবঙ্গের রাজনৈতিক পরিস্থিতির পরিবর্তন এবং সি পি এম ও নব কংগ্রেসের পরিবর্তিত ভূমিকা সম্পর্কে আলোচনা করা হবে। দলের সাংগঠনিক পরিবর্তনও করা হচ্ছে। সম্মেলনে নতুন রাজ্য পরিষদ এবং সম্পাদকমণ্ডলী গঠন করা হবে। এছাড়া সম্মেলনে বাংলা-দেশ এবং আন্তর্জাতিক পরিস্থিতি নিয়েও আলোচনা করা হবে।

সম্মেলনের উদ্বোধন করবেন আবদুর রেজ্জাক খান। বিভিন্ন জেলা থেকে ৬১৮ জন প্রতিনিধি সম্মেলনে যোগ দেবেন।

সমবায় কর্মীদের আন্দোলন শুরু

স্টাফ রিপোরটার

বিভিন্ন দাবিতে পশ্চিমবঙ্গ রাজ্য ও জেলা সমবায় কর্মিগণ সোমবার থেকে আন্দোলন শুরু করেন। টিফিনের সময় বিক্ষোভ জানিয়ে আন্দোলন শুরু। শেষ হবে আগামী ২০ সেপটেমবর অফিস ভবনে প্রতীক অনশন ধর্মঘট দিয়ে।

সদারঙ্গ সংগীত সম্মেলন

সদারঙ্গ সংগীত সম্মেলনের অষ্টাদশ অধিবেশন আজ মঙ্গলবার শুরু হচ্ছে কলামন্দির হলে, সন্ধ্যা সাড়ে ছটায়। শিল্পী : ধ্যানেশ খাঁ (সরোদ), কুমারেশ ঘোষ (কণ্ঠ), মণিলাল নাগ (সেতার) এবং সহযোগিতায় শ্যামল বসু, তেজ-বাহাদুর নিগম লক্ষ্মন খাঁ। পাঁচটি আসরের শেষ আসর বসছে ১১ শনিবার, সারারাত্রিব্যাপী।

আজ কয় ঘণ্টা গ্যাস সরবরাহ বন্ধ থাকবে

ওরিয়েনটাল গ্যাস কোমপানির ডি-মিনিসট্রেটার এক বিজ্ঞপ্তিতে জানিয়ে-ছেন : অনিবার্য কারণে আজ মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত কলকাতার স্বাভাবিক গ্যাস সরবরাহ বন্ধ থাকতে পারে।

আনন্দবাজার পত্রিকা প্রাঃ লিঃ-এর পক্ষে ৬নং প্রফুল্ল সরকার স্ট্রীটস্থ কলিকাতা-১ আনন্দ প্রেস থেকে শ্রীরামকৃষ্ণ ঘোষ কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

সম্পাদক—অশোককুমার সরকার

শেয়ার বাজার কিছুটা নরম

৬ সেপটেমবর—আজ কলকাতা শেয়ার বাজারে বন্ধের মুখে কিছুটা নরম ভাব দেখা দেয়। লেনদেন মাঝারি ধরনের হয়েছে। বাজার খোলার ও বন্ধের দর নিচে দেওয়া গেল :—

ক্লিয়ারিং তালিকাভুক্ত

হাতে ডেলিভারি—বিড়লা জুট ২২।৮০ ২২।৬৫; ডানলপ ইনডিয়া ৩৪।৫০ ৩৫৲; গেসটকিন উইলিয়াম ৩৬।৬০ ৩৬।৬৫; হিন্দ মোটর ৯।১৫ ৯-১০; হাওড়া জুট ৭।৬২ ৭।৮৭; ইনডিয়ান কপার ৩।৬৯ ৩।৬৮; ইনডিয়ান আয়রন ৯।৭৫ ৯।৭০; কেশোরাম ইনড ১৩।৮০; ওরিয়েনট পেপার ৩৩।৪০ ৩৩।৩০।

ক্লিয়ারিং তালিকা বহির্ভূত

সরকারী ঋণপত্র—৪½% (১৯৮৫) ৯২।৭০; ৫½% (২০০০) ৯৭।৬০; ৫¾% পঃ বঙ্গ (১৯৮০) ১০০।৭৫ ১০০।৮০।

সবচেয়ে আরামদায়ক স্থান।
সুস্বাদু
চীনা খাবার।
সুদক্ষ ও তৎপর
ব্যক্তিগত মনোযোগ
ও সেবা।
Amber
ফ্রেজার রোড, পাটনা-১
ফোন : ২৩৯৭২ এবং ২৬৮৪৭
নয়নাভিরাম উদ্যান — যেখানে আপনি খুশীমত সময় আনন্দে কাটাতে পারেন।
(৮৫৪৫/১ এ)

আইন-আদালত

বৈদেশিক মুদ্রা আইন লঙ্ঘনের দায়ে ব্যাংকের জেঃ ম্যানেজার

বৈদেশিক মুদ্রা আইন লঙ্ঘনের অভি-যোগে ধৃত ইউনাইটেড কমারশিয়াল ব্যাংকের জেনারেল ম্যানেজার শ্রী আর বি সাহা এবং আঞ্চলিক ম্যানেজার শ্রী বি এল পুরোহিত সোমবার চীফ প্রেসিডেনসি ম্যাজিসট্রেট শ্রী এইচ এন সেনের আদালতে হাজির হন। ৯,৩২,৬০০ পাউনড সম্পর্কে বেআইনী বিনিময় চুক্তি সংক্রান্ত অভিযোগে আসামীদের গ্রেফতার করা হয়।

৬ ডিসেমবর পর্যন্ত শুনানী মুলতুবী আছে। আসামীদের যথাক্রমে ১০,০০০ টাকা এবং ৫,০০০ টাকা জামিনে মুক্তি দেওয়া হয়েছে।

কলকাতায় ভুটান মহারাজ

ভুটানের মহারাজা জিগমে দোরজি ওয়াংচুক সোমবার সকালে হাসিমারা থেকে কলকাতা এসে পৌঁছেছেন। এটা তাঁর বেসরকারী সফর। ভুটানের উন্নয়ন-মন্ত্রী ডাওয়া সেরিংও তাঁর সঙ্গে এসেছেন।

বিমানঘাঁটিতে পশ্চিমবঙ্গ সরকার ও ভুটান সরকারের পদস্থ অফিসারগণ ভুটানের মহারাজাকে স্বাগত সম্ভাষণ জানান।

কলকাতা / বাগডোগরা / কলকাতা

যেতে হ'লে বোয়িং ৭৩৭ জেট বিমানে চলুন — এখন প্রতিদিনই এই সার্ভিস পাবেন। এছাড়া প্রতি বুধবার, শুক্রবার এবং রবিবার ডাকোটা বিমানে কোচবিহার পর্যন্ত যাতায়াত করতে পারবেন। এর ওপরে পাটনা যাতায়াতের জন্যে পাচ্ছেন প্রতি মঙ্গলবার, বৃহস্পতিবার এবং রবিবার ফ্রেন্ডশিপ বিমানের সুবিধা।

আরো বেশি আসনের বন্দোবস্ত, আরো বেশি মাল পরিবহণের ব্যবস্থা! একসঙ্গে অনেক জিনিস পরিবহণ করতে চাইলে ভাড়ার হারে বিশেষ সুবিধা! ছাত্র কনসেশন শতকরা ৫০ ভাগ! প্রতিরক্ষা বিভাগের কর্মী এবং তাঁদের পরিবার-বর্গের জন্যে কনসেশন শতকরা ২৫ ভাগ।

আপনার ট্রাভেল এজেন্ট অথবা কাছাকাছি ইণ্ডিয়ান এয়ারলাইনস্ অফিসে খবরাখবর নিন :

হিলকার্ট রোড,
শিলিগুড়ি (বাগডোগরা)

এয়ারলাইনস্ হাউস
৩৯, চিত্তরঞ্জন অ্যাভিনিউ
কলকাতা

রকমারি জায়গা দেখুন,
IA বিমানে চলুন।
ইণ্ডিয়ান এয়ারলাইনস্

দুর্গম পথের উপযুক্ত মজবুত



ইণ্ডিয়া সুপার
জি-১৭
উৎকৃষ্ট ট্রাকের টায়ার

ইণ্ডিয়া টায়ার এণ্ড রাবার কোম্পানী (ইণ্ডিয়া) প্রাইভেট লিমিটেড

maa. IT. 9894 BEN.

নতুন পোশাকের নিউ ইয়র্ক আনন্দমেলা



রেডিমেড পোষাক
পুরুষ ও বালকদের জন্য
'টেরিন', 'টেরিন'/কটন ও সুতীর শার্ট, জী শার্ট, ব্যানলন ও অরলন শার্ট ও স্পোর্ট শার্ট, ট্রাউজার, টাই, টাইসেট, মোজা, কাফলিংকস, বেল্ট ইত্যাদি
—সবরকম বিখ্যাত ব্র্যাণ্ডের।

কিডিস্ কর্ণার
(বাচ্চাদের জন্য)
ফ্রক, বাবাস্যুট, শার্ট, জী শার্ট, স্পোর্ট শার্ট, স্ল্যাক্স, বেলবটম, ব্লাউজ ইত্যাদি
—সবরকম বিখ্যাত ব্র্যাণ্ডের।
মহিলাদের জন্য :
নাইটি, পায়জামা স্যুট ও হাউসকোট

টেলারিং ও স্যুটিং
'টেরিন', 'টেরিন'/কটন, 'টেরিন'/উল ও উলের ৫০০১-এরও বেশি রকমের স্যুটের কাপড় মিলের দরে পাবেন।

আমাদের
বিদেশে-শিক্ষাপ্রাপ্ত মাস্টার টেলাররা আধুনিকতম স্টাইলে আপনার স্যুট তৈরি করে দেবেন।

'টেরিন' ও 'টেরিন'/কটন প্যান্টপিসেস্ অসম্ভব সস্তায় পাবেন

নিউ ইয়র্ক ডিপার্টমেন্টাল স্টোর্স প্রাঃ লিঃ
হুমায়ুন কোর্ট, লিণ্ডসে স্ট্রীট, কলিকাতা-১৬
কিং অফ স্যুটিংস
Progressive/NY-14

বিমুগ্ধকারী উইনটেক্স শাড়ী—
—ওকে বিমুগ্ধ করতে

উইনটেক্সের অবিস্মরণীয় রকমারি শাড়ী কাকে যে মন্ত্রমুগ্ধ করবে, কে জানে! যেমন অপূর্ব বুনট তেমনি মনভোলানো রঙ যা একবার দেখলে আর ভোলা যায় না!
সুন্দর সুন্দর জর্জেট, ব্রোকেড, ক্রেপ, সাদা ও ছাপা শাড়ি, ড্রেসের কাপড়—সেইসঙ্গে শার্টিংস্ ও স্যুটিংস্—সবসেরা কৃত্রিম সুতো দিয়ে তৈরি।
উইনটেক্স—ফ্যাশানদার কাপড়—
আজ, কাল, পরশুর জন্যে
উইনটেক্স মিলস্ উইনটেক্স রোড, সুরাট

everest/1081/WM ben

এজেন্ট :—বিনয় টেক্সটাইলস, ১৬০ ক্রস স্ট্রীট, কলিকাতা-৭।
স্টকিস্ট :—(১) শ্রীঅমর ফেব্রিকস, ১২ নূরমল লোহিয়া লেন, কলিকাতা-৭।
(২) দয়ারাম ভিরুমল, ৬৯ যমুনালাল বাজাজ স্ট্রীট কলিকাতা-৭।
(৩) জগন্নাথ সীতারাম, ৬ নূরমল লোহিয়া লেন, কলিকাতা-৭।
(৪) জ্ঞানমল শিখরচাঁদ, ১ নূরমল লোহিয়া লেন, কলিকাতা-৭।
(৫) কান্তি ক্লথ স্টোর্স, ১৫ নূরমল লোহিয়া লেন, কলিকাতা-৭।
(৬) চুনিলাল নন্দলাল, ১৭ পগেয়াপট্টি কলিকাতা-৭।
(৭) শ্রী জয় হিন্দ স্টোর্স, ১২৪ যমুনালাল বাজাজ স্ট্রীট কলিকাতা-৭।
(৮) ক্যালকাটা হ্যাণ্ডলুম টেক্সটাইলস, ১৩ পগেয়াপট্টি, কলিকাতা-৭।